আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১

২৮ বছরে
# বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
বর্ষ ২৮ || সংখ্যা ৩৬ || সোমবার || জ্যৈষ্ঠ ২০ || ১৪৩১ || জ্বিলক্বদ ২৬ || ১৪৪৫ || Vol. 28 || Issue 36 || June 03 || 2024 || USA. FREE in NY, Other State $1

আলাদীন
Aladdin
২৯-০৩ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Tel: 718-784-2554

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

## নাজ ইসলাম পেলেন ‘ফ্রিডম অব দ্য সিটি অব লন্ডন’ সম্মাননা

**বাংলা পত্রিকা ডেস্ক:** ‘ফ্রিডম অব দ্য সিটি অব লন্ডন’ সম্মাননা পেয়েছেন বিসিএ এর প্রচার ও প্রকাশনা (বাকি অংশ ০৬ পাতায়)

# বিমানের নিউইয়র্ক ফ্লাইট ঘিরে আবারও অনিশ্চয়তা!




**আশিক হোসেন, ঢাকা:** আকাশপথে আমেরিকার নিউইয়র্কের সাথে যুক্ত হতে অনেক দিন ধরেই চেষ্টা চালিয়ে যাচ্ছে ঢাকা। কিন্তু বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষকে (বেবিচক) যুক্তরাষ্ট্রের কর্তৃপক্ষ ক্যাটাগরি-১ এ উন্নীত না করায় এ চেষ্টা এখনো সফলতার মুখ দেখেনি। দেশটিতে ফ্লাইট শুরুর পূর্বশর্তই হলো- বেবিচককে ক্যাটাগরি-১ এ উন্নীত হতে হবে। এরপর বাংলাদেশের বিমান সংস্থাগুলো ফ্লাইট শুরুর জন্য স্টট পেতে আবেদন করতে পারবে। তবে, দেশটির নিয়ন্ত্রক সংস্থার তালিকায় এখনও বেবিচকের অবস্থান ক্যাটাগরি-২। একসময় নিয়মিত ঢাকা থেকে নিউইয়র্কে ফ্লাইট পরিচালনা করতো বিমান। ২০০৬ সালে নিরাপত্তাজনিত কারণ দেখিয়ে বাংলাদেশকে ক্যাটাগরি-২ এ অবনমন করে দেশটির আকাশপথের নিয়ন্ত্রক সংস্থা এফএএ। এই রুটে ফ্লাইট পরিচালনার জন্য বিমান সে সময় ব্যবহার করত যুক্তরাষ্ট্রের নির্মাতা প্রতিষ্ঠান ম্যাকডোনাল্ড অ্যান্ড ডগলাসের তৈরি ডিসি-১০ মডেলের উড়োজাহাজ। ম্যাকডোনাল্ড অ্যান্ড ডগলাস তাদের সবশেষ ডিসি-১০ উড়োজাহাজ তৈরি করে ১৯৮৮ সালে। এরপর এটি আমেরিকান আরেক নির্মাতা (বাকি অংশ ০৬ পাতায়)

## এই প্রথম লোহার খাঁচায় কাঠগড়াতে দাঁড়াতে হলো: ড. ইউনূস



**ঢাকা ডেস্ক:** গ্রামীণ ব্যাংকের প্রতিষ্ঠাতা ও শান্তিতে নোবেলজয়ী অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস বলেছেন, ‘এই প্রথম লোহার খাঁচায় কাঠগড়াতে দাঁড়াতে হলো। এটা দেখার মতো একটা দৃশ্য। এটা আমার জীবনের একটা স্মরণীয় ঘটনা যে, লোহার খাঁচার ভেতরে দাঁড়িয়ে আছি আদালতের কাঠগড়ায়। এটা অভিশপ্ত জীবনের একটা অংশ।’ রোববার (২ জুন) ঢাকার বিশেষ জজ আদালত-৪ এ অর্থ আত্মসাৎ মামলার অভিযোগ (বাকি অংশ ০৬ পাতায়)

## ১১ জুলাই ট্রাম্পের ভাগ্যে যা ঘটতে পারে



**শিফারুল শেখ:** আমেরিকার ইতিহাসে প্রথম সাবেক প্রেসিডেন্ট হিসেবে ফৌজদারি মামলায় সাজার মুখোমুখি হয়েছেন ডোনাল্ড ট্রাম্প। আর সেই সঙ্গেই প্রশ্ন উঠে গিয়েছে ৭৭ বছরের ট্রাম্পের রাজনৈতিক ভবিষ্যৎ নিয়ে। শেষ পর্যন্ত আগামী নভেম্বরে প্রেসিডেন্ট নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন কি না, তা নিয়ে আমেরিকায় শুরু হয়েছে (বাকি অংশ ১৩ পাতায়)




পাসপোর্ট করতে বেনজীরের নজিরবিহীন জালিয়াতি

## মিথ্যা পরিচয়ে বিশ্বভ্রমণ বিদেশে সুযোগ নিতে বেসরকারি চাকরিজীবী পরিচয়ে পাসপোর্ট

**ঢাকা ডেস্ক:** দুর্নীতির মাধ্যমে হাজার কোটি টাকার সম্পদের তথ্য প্রকাশ্যে আসায় পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজি) বেনজীর আহমেদ ও তার পরিবার এখন ‘টক অব দ্য কান্ট্রি’। পুলিশের দোর্দন্ড প্রতাপ কাজে লাগিয়ে সম্পত্তির পাহাড় গড়লেও পাসপোর্টে আড়াল করেছেন পুলিশ পরিচয়। শুরু থেকে এখন পর্যন্ত তিনি সরকারি চাকরিজীবী পরিচয়ে নীল রঙের অফিশিয়াল পাসপোর্ট করেননি। সুযোগ থাকার পরও নেননি ‘লাল পাসপোর্ট’। বেসরকারি চাকরিজীবী পরিচয়ে সাধারণ পাসপোর্ট তৈরির ক্ষেত্রেও আশ্রয় নিয়েছেন নজিরবিহীন জালিয়াতির। নবায়নের সময় ধরা পড়লে আটকে দেয় পাসপোর্ট অধিদপ্তর। চিঠি দেওয়া হয় র‍্যাব (বাকি অংশ ০৬ পাতায়)

জাতিসংঘে পররাষ্ট্রমন্ত্রী

## রোহিঙ্গা সংকট সমাধানে সমন্বিত প্রচেষ্টা নিন

**বিশেষ প্রতিনিধি:** বাংলাদেশে আশ্রিত প্রায় ১৩ লাখ রোহিঙ্গার নিজ দেশ মিয়ানমারে প্রত্যাবাসন, সে দেশের রাখাইন রাজ্যে চলমান সংঘাত নিরসন ও রোহিঙ্গা জনগোষ্ঠীর উন্নয়নে জাতিসংঘের সংস্থাগুলো এবং অন্যান্য অংশীদারদের সমন্বিত পদক্ষেপ নিতে জোর আহবান জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। শুক্রবার (৩১ মে) নিউইয়র্কে জাতিসংঘ সদর দফতরে সাধারণ পরিষদের সভাপতি, মিয়ানমার বিষয়ে মহাসচিবের বিশেষ দূত, জাতিসংঘের শরণার্থী (বাকি অংশ ২৩ পাতায়)

## ডলাসে ইসলামিক অনুষ্ঠানে মাহমুদউল্লাহ-সাকিবরা

**স্পোর্টস ডেস্ক:** আগামী ৮ জুন শ্রীলংকার বিপক্ষে বাংলাদেশের বিশ্বকাপ মিশন শুরু হবে। তার আগে অনুশীলন আর বিশ্রামেই সময় পার করছে নাজমুল হোসেন শান্তর দল। রোববার (২ মে) যুক্তরাষ্ট্রের ডালাসে একটি ইসলামিক অনুষ্ঠানে উপস্থিত হয়েছিলেন মাহমুদউল্লাহ রিয়াদ-সাকিব আল হাসান। তাদের সঙ্গে ছিলেন তানজিম হাসান (বাকি অংশ ১২ পাতায়)

APOLLO INSURANCE BROKERAGE INC
WE DO TLC INSURANCE
EXIT LUXURY INC.
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge-Offs • Inquiries • Collections • Garnishment • Bankruptcy • Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
প্রাইভেট অকশনের বাড়ি
পাবলিক অকশনের বাড়ি
ব্যাংক মালিকানা বাড়ি
শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ
৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com
Nurul Azim

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী দেড় শতাধিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

AHAD&CO
CERTIFIED PUBLIC ACCOUNTANTS
সারা বছর জুড়ে একাউন্টিং সার্ভিসেস
ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
আইআরএস এবং স্টেট অডিট সমাধান
পে-রোল এবং বুককিপিং
আপনার ট্যাক্স ফাইল একজন সিপিএ দিয়ে করুন
আহাদা আলী, সিপিএ
Tel: 929-371-9915 : info@ahadandco.com
2153 Westchester Ave.
Suite 200, Bronbx, NY 10462
47-01 Vandam Street
Long Island City, NY 11101

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

www.banglapatrikausa.com





# যুক্তরাষ্ট্র আ: লীগ নেতৃবৃন্দের সাথে পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদের সাথে সৌজন্য সাক্ষাৎ

**নিউইয়র্ক:** যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি ড. সিদ্দিকুর রহমানের নেতৃত্বে সংগঠনের নেতৃবৃন্দ পররাষ্ট্রমন্ত্রী ও বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ এমপির সাথে ম্যানহাটনে মিলিনিয়াম হোটেলে এক সৌজন্যে সাক্ষাতে মিলিত হন। এর আগে গত ৩০ মে পররাষ্ট্রমন্ত্রী ড. সিদ্দিকুর রহমানকে প্রধানমন্ত্রী ও বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতি নির্দেশিত শূন্যস্থান পূরণ পদে যারা দায়িত্বপ্রাপ্ত হয়েছেন সে সকল নেতাকর্মীদের সাথে দেখা করার ইচ্ছা পোষণ করেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ এমপি। তারই ধারাবাহিকতায় ৩১মে শুক্রবার পররাষ্ট্রমন্ত্রীর সাথে সাক্ষাৎ করেন নতুন দায়িত্বপ্রাপ্ত নেতাকর্মীরা।

এসময় ড. হাছান মাহমুদ যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি ড সিদ্দিকুর রহমানের নেতৃত্বের ভূয়সী প্রশংসা করে বলেন সুন্দর সুশৃংখল একটা সভা করার জন্য। এজন্য তিনি সকল নেতা-কর্মীদেরকে অনেক ধন্যবাদ জানান। তিনি বলেন, সকল দ্বিধাদ্বন্দ্ব ভুলে সবাইকে ঐক্যবদ্ধভাবে দলের জন্য কাজ করতে হবে এবং দলের পাশাপাশি মূলধারায় রাজনীতিতে আমাদের নেতা-কর্মীদের অংশগ্রহণ করতে হবে। এ সময় যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সহ-সভাপতি ডা. মাসুদুল হাসান, সাংগঠনিক সম্পাদক নুরুল আমিন বাবু, সাংগঠনিক সম্পাদক দুরুদ মিয়া (রনেল), সাংগঠনিক সম্পাদক তারিকুল হায়দার চৌধুরী, প্রচার ও প্রকাশনা সম্পাদক আব্দুল হামিদ, প্রবাসী কল্যাণ সম্পাদক নাফিকুর রহমান (তুরান), কার্যনির্বাহী সদস্য সাহানারা রহমান, সদস্য বদরুজ্জামান (পান্না) প্রমুখ উপস্থিত ছিলেন।

এদিকে পররাষ্ট্রমন্ত্রী ড. হাসান মাহমুদ তিনদিনের যুক্তরাষ্ট্র সফর শেষে ১ জুন শনিবার দেশের উদ্দেশ্যে নিউইয়র্ক ত্যাগ করেন। এসময় জেএফকে আন্তর্জাতিক বিমানবন্দরে ওয়াশিংটনে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মোহাম্মদ ইমরান এবং যুক্তরাষ্ট্র ও নিউইয়র্ক ষ্টেট আওয়ামী লীগ নেতৃবৃন্দ মন্ত্রীকে বিদায় জানান। -প্রেস বিজ্ঞপ্তি।

# পররাষ্ট্রমন্ত্রীর ড. হাসান মাহমুদ সাথে চবি এলামনাই এসোসিয়েশন নেতৃবৃন্দের সৌজন্য সাক্ষাত



**আশরাফুল হাবিব মিহির:** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন আমেরিকা ইনক এর নবনির্বাচিত কার্যকরী কমিটি গত ৩০ মে সন্ধ্যা ৬টায় পররাষ্ট্রমন্ত্রী এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের এলামনাই ড. হাসান মাহমুদ এর সাথে সৌজন্য সাক্ষাত করেন। এসময় এসোসিয়েশনের পক্ষ থেকে মন্ত্রীকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।




নিউইর্য়কের ম্যানহাটনের মিলেনিযাম হোটেলে এই বিশেষ সাক্ষাতের সময় যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মোহাম্মদ ইমরান, এসোসিয়েশনের প্রাক্তন সভাপতি ও উপদেষ্টা আবদুল আজিজ নঈমী, উপদেষ্টা কামাল হোসেন মিঠু, সিনিয়র সহ সভাপতি অধ্যাপক গোলাম মোহাম্মদ মুহিত, সভাপতি সাবিনা শারমিন নিহার, সাধারণ সম্পাদক মীর কাদের রাসেল, অর্থ সম্পাদক মাকসুদা খানম, যুগ্ম সাধারণ সম্পাদক অনুপ দাশ, সহ সাধারণ সম্পাদক ফারহানা আক্তার এবং রুদ্রনীল দাশ রুপাই উপস্থিত ছিলেন।

এসময় ড. হাসান মাহমুদ চবি এলামনাই এসোসিয়েশনের উদ্যোগের প্রশংসা করেন এবং তাদের সব ধরনের সহযোগিতার আশ্বাস দেন। তিনি বলেন, এলামনাইদের এমন সংগঠন সমাজ ও দেশের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এবং এটি শিক্ষার্থীদের জন্য একটি উদাহরণ হিসেবে কাজ করবে। এই সাক্ষাতের মাধ্যমে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন আমেরিকা ইনক তাদের কার্যক্রমকে আরও গতিশীল করতে পারবে এবং প্রবাসী এলামনাইদের মধ্যে সংযোগ স্থাপন ও সম্পর্ক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আশা করা হচ্ছে। নবনির্বাচিত কমিটি তাদের কার্যক্রম শুরু করতে উদ্দীপ্ত এবং ভবিষ্যতে এলামনাইদের কল্যাণে আরও নতুন নতুন উদ্যোগ গ্রহণ করবে বলে অঙ্গীকার ব্যক্ত করেছেন।

আলোচনায় সংগঠনের পক্ষ থেকে নবনির্বাচিত কমিটির সদস্যরা তাদের ভবিষ্যৎ কার্যক্রম এবং বিভিন্ন উদ্যোগ সম্পর্কে ড. হাসান মাহমুদকে অবহিত করেন। তারা এসোসিয়েশনের উন্নয়নমূলক কর্মকান্ড, সদস্যদের কল্যাণ এবং ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা করেন। এলামনাই এসোসিয়েশনের প্রধান উদ্দেশ্য হচ্ছে প্রবাসী এলামনাইদের মধ্যে সংযোগ স্থাপন, সম্পর্ক উন্নয়ন এবং তাদের কল্যাণে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা। এই ধরনের সৌজন্য সাক্ষাত এবং আলোচনার মাধ্যমে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থীরা একে অপরের সাথে আরও সুদৃঢ় সম্পর্ক স্থাপন করতে সক্ষম হবে এবং প্রবাসে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বল করতে সাহায্য করবে বলে তারা জানান।




ভ্রমণ পিপাসুদের জন্য সুখবর
৩৩তম নিউ ইয়র্ক আন্তর্জাতিক
বাংলা বই মেলায় পাওয়া যাবে
সাংবাদিক হাবিব রহমানের
লেখা ৪টি ভ্রমণ কাহিনী
হাওয়ায় ভেসে দেশ বিদেশ
ঘুরে দেখা ইউরোপ
আফ্রিকার দেশে দেশে ও
অস্ট্রেলিয়ার পথে-প্রান্তরে
নালন্দা
জ্যামাইকা পারফর্মিং আর্টস সেন্টার
১৫৩-১০ জ্যামাইকা এভিনিউ
জ্যামাইকা, নিউইয়র্ক


নিউইয়র্ক ও লংআইল্যান্ডে স্টেটের অনুদানে বাসায়
অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?
সম্মানিত বাড়ির মালিকগণ আমরা নিউইয়র্ক স্টেটের বিশেষ অনুদানে (৭০% পর্যন্ত) আপনার বাড়িতে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগিয়ে দিতে চাই
লংআইল্যান্ডের ব্যবসার মালিকগণ
এ সুযোগ গ্রহণ করতে পারেন
১০ হাজার ডলারের রিবেট
নতুন বছর উপলক্ষ্যে
৫০% সেল
স্টেটের অর্থায়নে হিটিং ও এয়ারকান্ডিশন সিস্টেম সম্পর্কে জানতে আজই যোগাযোগ করুন
এই অত্যাধুনিক সিস্টেম-এ আপনার হিটিং বিল প্রায় ৫০% কমাতে সাহায্য করবে
তোফায়েল চৌধুরী
আমাদের কল করুন
914-222-9477 or 914-989-0089
Gree Mechanical Yonkers
1900 Central Park Ave, Yonkers, NY 10710
GREE MECHANICAL YONKERS


NYC পাবলিক স্কুলগুলো
আপনার ভাষায় কথা বলে
NYC Public Schools
Eric Adams Mayor
David C. Banks Chancellor
NYC Public Schools
speaks your language
বিনাখরচে নথিপত্রের অনুবাদ এবং আপনার শিক্ষার্থীর স্কুলের বিভিন্ন মিটিংয়ে দোভাষী অনুরোধ করুন।
Request free translation of documents and interpreters for meetings at your student's school.
আরো জানুন | Learn more
on.nyc.gov/Hello
/nycschools
311

# জিয়াউর রহমানকে নিয়ে লেখা আহবাব চৌধুরীর বইয়ের মোড়ক উন্মোচন

**ঢাকা ডেস্ক:** বিএনপির কেন্দ্রীয় সিনিয়র যুগ্ম মহাসচিব এডভোকেট রহুল কবির রিজভী বলেছেন জিয়াউর রহমান জীবদ্দশায় দেশ ও জাতির জন্য যে সকল কাজ করে গেছেন তা নিঁখুতভাবে ফুটে উটেছে নিউইয়র্ক প্রবাসী লেখক ও রাজনীতিবিদ আহবাব চৌধুরীর লেখনিতে। জিয়াউর রহমান ছিলেন সত্যিকার অর্থে এক জন দেশপ্রেমিক রাজনীতিবিদ এবং ক্ষণজন্মা রাষ্ট্রনায়ক। তিনি রাজনীতি করেন নি, কান্তিকালে দেশের হাল ধরেছিলেন। দেশ মাতৃকার মুক্তির জন্য জাতির দিশারি হয়ে স্বাধীনতার ঘোষণা দিয়ে মুক্তিযুদ্ধ শুরু করেন এবং যুদ্ধে অসীম বীরত্বের পরিচয় দেন। স্বাধীনতা-উত্তরকালে স্বৈরাচারী দুঃশাসনে দেশের মানুষ যখন চরম হতাশায় নিপতিত, জাতি হিসাবে আমাদের এগিয়ে যাওয়া যখন বাধাগ্রস্ত হয় ঠিক সেই সংকটের সময় জিয়াউর রহমান জনগণের নেতৃত্বভার গ্রহণ করেছিলেন।

গত ২৮মে ঢাকাস্থ জাতীয় প্রেসক্লাবে আবদুস সালাম মিলনায়তনে এডভোকেট রিজভী জাতীয়তাবাদী প্রকাশনা পরিষদ এর উদ্যোগে নিউইয়র্ক প্রবাসী লেখক ও রাজনীতিবিদ আহবাব চৌধুরী খোকন লিখিত জিয়াউর রহমান অনন্য রাষ্ট্রনায়ক গ্রন্থের প্রকাশনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছিলেন।







সিলেট জেলা বিএনপির সভাপতি আব্দুল কাইয়ম চৌধুরী সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিএনপির কেন্দ্রীয় স্বেচ্ছাসেবক বিষয়ক সম্পাদক, মীর শরাফত আলী সফু, জাতীয় নির্বাহী কমিটির সদস্য অধ্যাপক আমিনুল ইসলাম, ঢাকা সাংবাদিক ইউনিয়নের সহ সভাপতি রাশেদুল হক, জাতীয়তাবাদী মৎস্যজীবি দলের সদস্য সচিব আব্দুর রহিম, জাতীয়তাবাদী তাতি দলের সভাপতি আবুল কালাম আজাদ, ছাত্রদলের প্রাক্তন সহ সভাপতি ইজমা হোসেন পাইলট, ছাত্রদলের কেন্দ্রীয় সহ সভাপতি তারেকুজ্জামান তারেক, রাশেদুল হক, কাউন্সিলার নিলুফার ইয়াসমিন, আবাদ চৌধুরী খোকন জাহাঙ্গীর আলম, আলম বেপারী, মোহাম্মদ ফিরোজ প্রমুখ।

অনুষ্ঠানে রুহুল কবির রিজভী বলেন, মিথ্যা প্রতিশ্রুতির অপরাজনীতি দ্বারা জনগণকে প্রতারিত করে স্বাধীনতা-উত্তর ক্ষমতাসীন মহল যখন মানুষের বাক, ব্যক্তি স্বাধীনতাকে হরণ করে গণতন্ত্রকে মাটিচাপা দিয়েছিল, দেশকে ঠেলে দিয়েছিল দুর্ভিক্ষের করাল গ্রাসে, বাংলাদেশকে তলাবিহীন ঝুড়ির আন্তর্জাতিক খেতাবপ্রাপ্ত হতে হয়, জাতির এ রকম এক চরম দুঃসময়ে ৭ নভেম্বর সৈনিক-জনতার ঐতিহাসিক বিপ্লবে শহিদ জিয়া ক্ষমতার হাল ধরেন। ক্ষমতায় এসেই তিনি বিচার বিভাগ ও সংবাদপত্রের স্বাধীনতা ফিরিয়ে দিয়ে বহুদলীয় গণতন্ত্রের পুনঃপ্রতিষ্ঠা করেন। শহীদ জিয়ার বাংলাদেশী জাতীয়তাবাদী দর্শনেই আমাদের জাতিসত্তার সঠিক স্বরূপটি ফুটে ওঠে, যা আমাদের ভৌগোলিক জাতিসত্তার সুনির্দিষ্ট পরিচয় দান করে। বিশ্বমানচিত্রে আমাদের আত্মপরিচয় উদ্ভাসিত হয়ে ওঠে।

রিজভী আরো বলেন, আজ দেশের নাগরিকদের অধিকার হরণ করা হয়েছে। মানুষ নিঃশ্বাস নিতে পারছে না। অথচ সরকার উন্নয়নের নামে ফাঁকা আওয়াজ দিচ্ছে। যমুনা সেতুতে রেললাইন থাকা সত্ত্বেও আরেকটি রেলসেতু করার সমালোচনা করে তিনি বলেন, অথচ সিগন্যাল সিস্টেম উন্নত করা এবং ডাবল লাইন করলেই কিন্তু যানজট ও জনগণের ভোগান্তি হতো না।

কাইয়ুম চৌধুরী বলেন, আহবাব চৌধুরী শুধু একজন ভালো লেখক নন, একজন আদর্শিক রাজনীতিবিদও। সে দেশে থাকতে যেমন রাজনীতি যেমন করেছে তেমনি লেখালেখি ও করে। ইতিমধ্যে তার বেশ কয়েকটি বই পাঠক প্রিয়তা পেয়েছে। আমি তার সাফল্য কামনা করি।

অনুষ্ঠানে অন্যান্য বক্তাগণ আহবাব চৌধুরীর বইয়ের ভুয়সী প্রশংসা করেন। হলভর্তি মানুষের উপস্থিতিতে অনুষ্ঠানে বইয়ের মোড়ক উন্মোচন করা হয়। সমগ্র অনুষ্ঠান পরিচালনা করেন জাতীয়তাবাদী প্রকাশনা পরিষদের সহ সভাপতি ডা. তৌহিদুর রহমান আওয়াল।-প্রেস বিজ্ঞপ্তি।







বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

Editor : Abu Taher

Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

## সম্পাদকীয়

# মালয়েশিয়াগামী কর্মীদের দুর্ভোগ

বাংলাদেশের অর্জিত বৈদেশিক মুদ্রার একটি বড় খাত হচ্ছে প্রবাসীদের পাঠানো অর্থ। পরিবার-পরিজন ফেলে বিদেশবিভুঁইয়ে অক্লান্ত পরিশ্রম করে তারা যে অর্থ দেশে পাঠান, তা আমাদের অর্থনীতিকে অনেকটাই সবল রাখে। কিন্তু পরিতাপের বিষয়, এ খাত নিয়ে সরকারের কোনো কোনো মহলে উদাসীনতা দৃশ্যমান। শনিবার যুগান্তরের খবরে প্রকাশ-সংশ্লিষ্ট মন্ত্রণালয়, এজেন্সি ও প্রতিষ্ঠানের দায়িত্বহীনতা, গাফিলতি ও সমন্বয়হীনতার কারণে ৩১ হাজারের বেশি বৈধ শ্রমিক মালয়েশিয়া যেতে পারেননি। মালয়েশিয়া সরকারের ঘোষণা অনুযায়ী শুক্রবার বাংলাদেশের কর্মীদের দেশটিতে প্রবেশের ডেডলাইন ছিল। ভিসা থাকার পরও কর্মীরা টিকিট না পেয়ে মালয়েশিয়াগামী বিমানে উঠতে পারছেন না। ফলে চরম অনিশ্চয়তা, দুর্ভোগ আর উৎকণ্ঠায় কাটছে এসব কর্মীর দিন। উদ্বেগের বিষয় হচ্ছে, আগে যেখানে সব মিলে তিন থেকে সাড়ে তিন লাখ টাকা খরচ হতো, সেখানে এখন ছয় লাখ টাকার বেশি ব্যয়ের পরও যাত্রার নিশ্চয়তা মেলে না। আর বিমানের টিকিট যেন সোনার হরিণ, ২০-৩০ হাজার টাকার বিমানের টিকিট বর্তমানে নাকি লাখ টাকা ছাড়িয়ে গেছে।

জনশক্তি রপ্তানিকারক সংগঠন বায়রা দাবি করেছে, এজেন্সির পক্ষ থেকে সবকিছু করা হলেও দুর্বলতা আছে সরকারি ব্যবস্থাপনায়। তারা বলছেন, মালয়েশিয়া গমন-ইচ্ছুকদের জন্য বাড়তি ফ্লাইট পরিচালনা করা হলে বর্তমানে এ সংকট তৈরি হতো না। আবার এমন অভিযোগও আছে, বেশ কয়েকটি এজেন্সি পাঁচ থেকে ছয় লাখ টাকা নিয়েও কোনো টিকিট বা কাজের অনুমতিপত্র দিতে পারেনি। অবশ্য যেসব শ্রমিক মালয়েশিয়ায় যেতে পারেননি, বাংলাদেশ সরকার তাদের পাঠানোর উদ্যোগ নিয়েছে। মালয়েশিয়াগামী কর্মীদের কথা বিবেচনা করে কর্তৃপক্ষ শেষ মুহূর্তে ঢাকা-কুয়ালালামপুর রুটে বিশেষ ফ্লাইট পরিচালনার ব্যবস্থা করছে।

বলা বাহুল্য, কর্মীরা নিরাপদে মালয়েশিয়ায় যেতে না পারলে তাদের জীবন যেমন অনিশ্চয়তায় ডুববে, তেমনই রেমিট্যান্স হারাবে দেশ। আমরা মনে করি, সাম্প্রতিক পরিস্থিতি বিবেচনায় নিয়ে সরকার যদি মালয়েশিয়া কর্তৃপক্ষের সঙ্গে আলোচনাসাপেক্ষে প্রতিদিন ১০-২০টি চার্টার্ড ফ্লাইটের ব্যবস্থা করত, তাহলে আটকে যাওয়া কর্মীদের এমন দুর্দশা হতো না। এছাড়া সরকার নির্ধারিত টাকার অনেক দামে টিকিট বিক্রি করে সিন্ডিকেট কীভাবে শতকোটি টাকারও বেশি অর্থ হাতিয়ে নিল, এরও তদন্ত হওয়া দরকার।

ভুলে গেলে চলবে না, দেশের উন্নয়নে রেমিট্যান্স গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে। যেসব কর্মকাণ্ডের কারণে রেমিট্যান্স প্রবাহে নেতিবাচক প্রভাব পড়ার আশঙ্কা রয়েছে, সেসবের বিরুদ্ধে কর্তৃপক্ষকে অবশ্যই কঠোর হতে হবে। বর্তমানে অনেক ক্ষেত্রেই সিন্ডিকেট সক্রিয়। তবে জনশক্তি রপ্তানি ক্ষেত্রে সিন্ডিকেটের কারণে ক্ষতির মাত্রা অনেক এবং এর প্রভাব দীর্ঘমেয়াদি। কাজেই প্রবাসী শ্রমিকরা যাতে হয়রানির শিকার না হন, সেজন্য এ খাতের সিন্ডিকেটের বিরুদ্ধে কর্তৃপক্ষকে দ্রুত পদক্ষেপ নিতে হবে। যে কোনো দেশে কর্মী পাঠানোর ক্ষেত্রে স্বচ্ছতা নিশ্চিত করে বিভিন্ন দেশের শ্রমবাজারে বাংলাদেশের অবস্থান আরও সুদৃঢ় করতে হবে। বিদেশি শ্রমবাজার আমাদের অর্থনীতির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। বর্তমানে ডলার সংকটের সময় এর গুরুত্ব আরও বেড়েছে। তাই এ বাজার যাতে কোনোভাবে ক্ষতিগ্রস্ত না হয়, সেদিকে সরকারকে বিশেষ দৃষ্টি রাখতে হবে।

# সবার নজর শুধু রাফা নয় ওয়াশিংটনের দিকেও

॥ আবদুল আজিজ আলুওয়েশেগ ॥

গত সপ্তাহে দক্ষিণ গাজার রাফায় ইসরায়েল হামলা চালায়। রাফার তেল আল-সুলতানে ফিলিস্তিনি বাস্তুচ্যুতদের একটি শিবিরে ইসরায়েলি গণহত্যায় কমপক্ষে ৪৫ জন প্রাণ হারান। আগুনে অনেকে জীবন্ত পুড়ে যান এবং আরও শতাধিক আহত হন। ইসরায়েলি হামলায় গাজায় এখন পর্যন্ত কমপক্ষে ৩৬ হাজার নিহত ও এক লাখ আহত হয়েছেন।

বোমা মেরে ইসরায়েলি বাহিনী প্রায় পুরো গাজাকে ধ্বংসস্তূপে পরিণত করে। তাদের নির্দেশেই গাজার মানুষ রাফায় গিয়েছিল। তিন সপ্তাহ আগে রাফা আক্রমণকালে ইসরায়েল তাদের পূর্বাংশে সরে যাওয়ার নির্দেশ দেয়। সে সময় অনেক শরণার্থী পশ্চিমে তেল আল-সুলতানসহ বিভিন্ন জায়গায় পালিয়ে যায়। বোমা হামলার এক সপ্তাহ আগে ইসরায়েল এলাকাটিকে 'নিরাপদ অঞ্চল' হিসেবে আখ্যায়িত করে এবং ফিলিস্তিনিদের সেখান থেকে সরে যাওয়ার আহ্বান জানিয়ে লিফলেট বিতরণ করে। সেখানে তারা কুয়েত শান্তি শিবিরের একটি তাঁবুতে আঘাত করে, যার অবস্থান ইসরায়েলের জানা ছিল। সুতরাং এই যুদ্ধাপরাধের দায় ইসরায়েলের ওপরই বর্তায়।

আন্তর্জাতিক বিচার আদালতের নির্দেশ অমান্য করে ইসরায়েল হামলা চালিয়ে যাচ্ছে। উল্লিখিত হামলার মাত্র দু'দিন আগে ইসরায়েলকে রাফা আক্রমণ বন্ধ করার নির্দেশ দেন আন্তর্জাতিক আদালত। ইসরায়েল আদেশটি উপেক্ষা করে হামলা অব্যাহত রেখে তার দুর্বৃত্ত রাষ্ট্রের পরিচয়ই নিশ্চিত করে।

এই ভয়াবহ হামলা সত্ত্বেও যুক্তরাষ্ট্র এখনও ইসরায়েলের রাফা অভিযান বন্ধ করার আহ্বান জানায়নি। এর আগে প্রেসিডেন্ট জো বাইডেন বলেছিলেন, ইসরায়েল যদি রাফার 'মানুষের শিবিরে' আক্রমণ করে, তবে তিনি ইসরায়েলে অস্ত্র সরবরাহ সীমিত করবেন। বাস্তবে ইসরায়েল আক্রমণ করলেও যুক্তরাষ্ট্র কোনো পদক্ষেপ নেয়নি। তার পরিবর্তে উপকরণ দিয়ে ও কূটনৈতিকভাবে ইসরায়েলের প্রতি সমর্থন অব্যাহত রেখেছে। প্রশাসনের মুখপাত্ররা বাইডেনের সতর্কবার্তা মেনে চলার বিষয়ে ইসরায়েলকে আহ্বান জানাতে ব্যর্থ হয়েছেন; অন্যদিকে জাতিসংঘের কূটনীতিকরা ইসরায়েলের রাফা অভিযান বন্ধে জাতিসংঘের নিরাপত্তা পরিষদের প্রচেষ্টা ঠেকাতে ব্যস্ত।

চলমান যুদ্ধেই ইসরায়েল রাফায় এ নিয়ে দ্বিতীয়বার নির্বিচারে হত্যাযজ্ঞ চালাল। গত ফেব্রুয়ারীতে দেশটির বাহিনী সেখানে হামলা চালায় এবং ৮৩ জনের বেশি লোক হত্যা করে। বিমান হামলায় বহু বাড়িঘর ধ্বংসের পাশাপাশি তাদের বাসিন্দাদের হত্যা করে; যাকে বলা যায় একেবারে টেক্সটবুক যুদ্ধপরাধ। রাফায় শরণার্থী শিবিরে ইসরায়েলি গণহত্যা ১৯৫৬ সালের গণহত্যার কথা স্মরণ করিয়ে দেয়। তখন শতাধিক শরণার্থীকে ঠান্ডা মাথায় হত্যা করা হয়। মার্কিন প্রেসিডেন্ট ডোয়াইট আইজেনহাওয়ারের পদক্ষেপের পরই ১৯৫৭ সালের প্রথম দিকে ইসরায়েল হামলা বন্ধ করতে বাধ্য হয়। যুক্তরাষ্ট্রের এ ধরনের কঠোর পদক্ষেপের কারণেই ইসরায়েল অতীতে একাধিকবার ফিলিস্তিনি ভূমি ও জনগণের ওপর হামলা বন্ধ করেছিল। চলমান এ যুদ্ধে এখন পর্যন্ত যুক্তরাষ্ট্র এমন সিদ্ধান্ত নেয়নি; বরং ইসরায়েলের প্রতি অস্ত্রসহ সামরিক সমর্থন অব্যাহত রেখে এবং নিরাপত্তা পরিষদে ভেটো দিয়ে ইসরায়েলকে আরও উৎসাহিত করেছে।

আন্তর্জাতিক মানবিক আইন অনুসারে, গাজায় ফিলিস্তিনিদের মানবিক সহায়তা প্রদানে ইসরায়েলকে রাজি করাতে ব্যর্থ হয়েছে যুক্তরাষ্ট্র প্রশাসন। বিভিন্ন দিক থেকে সাহায্য এলেও গাজায় ত্রাণ বিতরণে আরও ক্রসিং খুলতে তারা ব্যর্থ হয়েছে। গাজায় অস্থায়ী ঘাট নির্মাণে যুক্তরাষ্ট্রের প্রচেষ্টাও ভেস্তে গেছে। এটি সম্ভব হয়েছে, কারণ যুক্তরাষ্ট্র রাফা সীমান্ত ক্রসিংসহ বন্ধ স্থল ক্রসিংয়ের মাধ্যমে পর্যাপ্ত ত্রাণ প্রবেশে অনুমতি দেওয়ার জন্য ইসরায়েলকে সেভাবে চাপ দিতে চায়নি। অথচ এটা জরুরি ছিল। কারণ ফিলিস্তিনে অনেকেই অনাহার ও অপুষ্টিতে মারা যাচ্ছে।

ইসরায়েল রাফায় হামলা চালিয়ে মানবিক বিপর্যয় সৃষ্টি করেই ক্ষান্ত হয়নি, এখন তারা মিসর ও গাজার মধ্যবর্তী রাফা ক্রসিংয়ের দখল নিয়েছে। এর ভয়াবহ প্রভাব পড়েছে। ইসরায়েল গাজায় প্রধান মানবিক সহায়তা প্রবেশ বন্ধ করে দিয়েছে এবং সেখানে জরুরি সাহায্য সরবরাহে বাধা দিয়েছে। তা ছাড়া ইসরায়েল গাজায় নিজের পরিকল্পনা



বাস্তবায়নের জোরদার চেষ্টা করছে। স্বাধীন ফিলিস্তিন রাষ্ট্র গঠনের জন্য যুক্তরাষ্ট্র ও অন্যরা যেমনটা বলছে, ফিলিস্তিনি কর্তৃপক্ষ গাজাকে পশ্চিম তীরের সঙ্গে পুনরায় একত্র করবে, সেটা উপেক্ষা করছে ইসরায়েল।

অধিকৃত ফিলিস্তিনি অঞ্চলের বিশ্ব স্বাস্থ্য সংস্থার প্রতিনিধি রিচার্ড পিপারকর্ন ফেব্রুয়ারীতে বলেছিলেন,'সবার নজর এখন রাফার দিকে।' এটা ছিল ইসরায়েলি বাহিনীর আক্রমণের বিরুদ্ধে তাঁর সতর্কবার্তা। তিনি ভয় পেয়েই বলেছিলেন, যদি ইসরায়েলি সেনাবাহিনী শহরে অনুপ্রবেশ করে বড় ধরনের হামলা চালায়, তবে 'অকল্পনীয় বিপর্যয়' সৃষ্টি হবে। বস্তুত সে সময় এমন আক্রমণ করার হুমকি ছিল, যা এখন বাস্তবে দেখা গেল।

আন্তর্জাতিক সম্প্রদায় ইসরায়েলের গত সপ্তাহে রাফায় হামলার পর ব্যাপক নিন্দা করছে। প্রশাসনের মানুষ ও অধিকারকর্মীরা রাফায় ইসরায়েলের সামরিক অভিযানের জন্য উদ্বেগ প্রকাশ করে। এর বিরোধিতার অংশ হিসেবে মানুষ পিপারকর্নের কথার পুনরাবৃত্তি করছে। বাস্তুচ্যুত ফিলিস্তিনি শিবিরের একটি চিত্রের ওপরে তাঁর এই কথা 'সবার নজর এখন রাফার দিকে'–তারা সামাজিক মাধ্যমে ব্যাপকভাবে শেয়ার করছেন। কেবল ইনস্টাগ্রামে এটি শেয়ার হয়েছে প্রায় পাঁচ কোটি বার।

এই ছবি সামাজিক মাধ্যমে ঘুরছে। যদিও চিত্রটি খুবই সাধারণ এবং সেখানে মৃতদেহ, রক্ত, প্রকৃত মানুষ, নাম বা বেদনাদায়ক দৃশ্য নেই। তারপরও মানুষ এটি শেয়ার করছে। এর ব্যাপক প্রচার প্রমাণ করছে, অধিকাংশ আমেরিকানসহ বিশ্বের বেশির ভাগ মানুষ রাফা ও গাজার হত্যাকান্ডকে কতটা ঘৃণার চোখে দেখছে।

এটাও বলা দরকার, সবার নজর যেমন রাফার দিকে, তেমনি ওয়াশিংটনের দিকেও। গাজায় ইসরায়েলের গণহত্যামূলক যুদ্ধ অব্যাহত রয়েছে। কারণ মার্কিন যুক্তরাষ্ট্র এটি বন্ধ করার জন্য যথাযথ পদক্ষেপ নিতে ব্যর্থ হয়েছে। ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুকে যদি তাঁর ইচ্ছা অনুযায়ী কাজ করতে দেওয়া হয়, তবে তিনি জনগণকে তো বটেই, পুরো অঞ্চল এবং সম্ভবত যুক্তরাষ্ট্রকেও তাঁর সঙ্গে গভীর সংকটে টেনে নিয়ে যাবেন।

উনিশ শতকের ব্রিটিশ দার্শনিক জন স্টুয়ার্ট মিলের পর্যবেক্ষণ যেমন বলেছিল, 'খারাপ লোক কতটা খারাপ করতে পারে, তা শেষ পর্যন্ত দেখার সময় দেওয়া ভালো লোকদের উচিত নয়; সময় থাকতেই তাদের কিছু করতে হবে।' কিন্তু মার্কিন প্রশাসনের 'ভালো মানুষ' এখন পর্যন্ত কিছুই করতে পারেনি।

লেখক: গালফ কো-অপারেশন কাউন্সিলের অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি জেনারেল; আরব নিউজ থেকে ঈষৎ সংক্ষেপিত ভাষান্তর মাহফজুর রহমান মানিক

## নামাজের সময়-সূচী

| জুন | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ০৮ | ০৯ |
|---|---|---|---|---|---|---|---|
| ফজর | ৩.৪৯ | ৩.৪৮ | ৩.৪৭ | ৩.৪৭ | ৩.৪৬ | ৩.৪৬ | ৩.৪৬ |
| সূর্যোদয় | ৫.২৫ | ৫.২৫ | ৫.২৫ | ৫.২৪ | ৫.২৪ | ৫.২৫ | ৫.২৫ |
| জোহর | ১২.৫৪ | ১২.৫৪ | ১২.৫৪ | ১২.৫৪ | ১২.৫৪ | ১২.৫৫ | ১২.৫৫ |
| আসর | ৬.০৬ | ৬.০৬ | ৬.০৭ | ৬.০৭ | ৬.০৭ | ৬.০৮ | ৬.০৮ |
| মাগরিব | ৮.২২ | ৮.২৩ | ৮.২৩ | ৮.২৪ | ৮.২৪ | ৮.২৫ | ৮.২৬ |
| এশা | ৯.৫৯ | ১০.০০ | ১০.০১ | ১০.০২ | ১০.০২ | ১০.০৪ | ১০.০৪ |

## বিশেষ ঘোষণা

নিউইয়র্ক থেকে প্রকাশিত বাংলা পত্রিকা সপ্তাহের প্রথম অর্থাৎ সোমবারের পত্রিকা। বিগত ২৭ বছর বাংলা পত্রিকা নিয়মিত প্রকাশের পর ২৮ বছরে পা রেখেছে। বাংলা পত্রিকা কর্তৃপক্ষ তার পাঠকদের প্রতি সপ্তাহেই নতুন নতুন খবর, প্রবন্ধ, নিবন্ধ, ফিচার প্রভৃতি উপহার দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তাই প্রকাশের ক্ষেত্রে যেকোন নতুন এবং মৌলিক লেখা সর্বাধিক গুরুত্বের দাবী রাখে। আমরা আমাদের লেখকদেরকে মৌলিক লেখা ইমেইলে (banglapatrikausa@gmail.com) পাঠানোর জন্য বিনীতভাবে অনুরোধ রাখছি। যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবসের লেখা ১৫দিন আগে ইমেইলে পাঠানোর জন্যও অনুরোধ রইলো।

বাংলা পত্রিকা প্রিন্ট ভার্সনের পাশাপাশি এখন ওয়েব সাইডেও পাওয়া যায়। আর পূর্ণ বাংলা পত্রিকা'র পিডিএফ ভার্সন পেতে আগ্রহীদেরকে তাদের ইমেইল নম্বর পাঠাতে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

- সম্পাদক।

## এই প্রথম লোহার খাঁচায়

(প্রথম পাতার পর)

সদর দপ্তরে। কিন্তু অবৈধ প্রভাব খাটিয়ে ম্যানেজ করেন সব। পাসপোর্ট অফিসে না গিয়ে নেন বিশেষ সুবিধা। সাবেক সেনাপ্রধান জেনারেল আজিজ আহমেদের আলোচিত দুই ভাই হারিস আহমেদ ও তোফায়েল আহমেদ জোসেফ যে প্রক্রিয়ায় পাসপোর্ট করেছিলেন, সেই একই কায়দায় পাসপোর্ট নেন বেনজীর। যুগান্তরের অনুসন্ধানে জানা গেছে চাঞ্চল্যকর এসব তথ্য।

এ প্রসঙ্গে জানতে চাইলে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের (টিআইবি) নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান বলেন, ‘এটা ন্যক্কারজনক প্রতারণা ও জালিয়াতি। যারা জালিয়াতিপূর্ণ পাসপোর্ট ইস্যু করেছে, তারাও দায় এড়াতে পারেন না। তারা তো বেনজীর আহমেদকে চেনেন না, এমন নয়। কাজেই দুপক্ষের যোগসাজশেই এটা হয়েছে। পুরো বিষয়টি খতিয়ে দেখা প্রয়োজন।’ এক প্রশ্নের জবাবে তিনি বলেন, ‘এখানে দুর্নীতি, ক্ষমতার অপব্যবহার, প্রতারণা, জালিয়াতিসহ বহুমাত্রিক অপরাধ সংঘটিত হয়েছে। অপরাধ নিয়ন্ত্রক হিসাবে পাওয়া বিশেষজ্ঞ নলেজ তিনি অপরাধ সংঘটনের কাজে ব্যবহার করেছেন। সরকারি কর্মকর্তারা পূর্বানুমোদন ছাড়া বিদেশে যেতে পারেন না। এটা এড়ানোর জন্য সরকারি চাকরির তথ্য গোপন করে পাসপোর্ট নেওয়াটা একটা কারণ। অন্য কারণ হচ্ছে-বেসরকারি চাকরিজীবী হিসাবে তিনি যতটা সহজে বিদেশে ভ্রমণ, বিনিয়োগ ও স্থায়ী বসবাসের সুযোগ পাবেন, সরকারি চাকরিজীবী পরিচয়ে অফিশিয়াল পাসপোর্ট করলে সেই সুযোগ পাবেন না। কাজেই ভয়াবহ ধরনের অপরাধের পরিকল্পনা যে তার শুরু থেকেই ছিল, এটা তারই পরিচায়ক।

অনুসন্ধানে জানা যায়, বেনজীর তার পুরোনো হাতে লেখা পাসপোর্ট নবায়নের আবেদন করেন ২০১০ সালের ১১ অক্টোবর। রহস্যজনক কারণে নীল রঙের অফিশিয়াল পাসপোর্ট না নিয়ে সাধারণ পাসপোর্ট নেন। এ সময় আসল পরিচয় আড়াল করে নিজেকে বেসরকারি চাকরিজীবী বলে পরিচয় দেন। আবেদন ফরমে পেশা হিসাবে লেখেন ‘প্রাইভেট সার্ভিস’।

নথি ঘেঁটে দেখা যায়, ২০১০ সালের ১৪ অক্টোবর বেনজীরকে নবায়নকৃত এমআরপি (মেশিন রিডেবল পাসপোর্ট) দেওয়া হয় (নম্বর এএ১০৭৩২৫২)। মেয়াদোত্তীর্ণের তারিখ ছিল ২০১৫ সালের ১৩ অক্টোবর। মেয়াদপূর্তির আগেই ২০১৪ সালে ফের তিনি পাসপোর্ট নবায়নের আবেদন করেন। কিন্তু এবারও যথারীতি নিজেকে বেসরকারি চাকরিজীবী বলে পরিচয় দেন।

সংশ্লিষ্টরা বলছেন, বেনজীর তখন ঢাকা মহানগর পুলিশের কমিশনার। এমন গুরুত্বপূর্ণ পদে থেকেই তিনি অফিশিয়াল পাসপোর্ট নেননি। তার দ্বিতীয় দফায় নবায়নকৃত পাসপোর্টের মেয়াদ ছিল ২০১৯ সালের ১৭ সেপ্টেম্বর পর্যন্ত (পাসপোর্ট নম্বর বিসি ০১১১০৭০)। পরে ২০১৬ সালে তিনি ফের পাসপোর্ট নবায়নের আবেদন জমা দেন। এ সময় তিনি ছিলেন র‍্যাব মহাপরিচালক। এবারও যথারীতি তিনি বেসরকারি পাসপোর্টের আবেদন করেন। তখনই ধরা পড়ে তার তথ্য গোপন ও জালিয়াতির ঘটনা।

সংশ্লিষ্টরা জানান, বেনজীর নিজে পাসপোর্ট অফিসে হাজির হননি। আবেদন ফরম নিয়ে আসেন তার ব্যক্তিগত কর্মকর্তারা। কিন্তু র‍্যাব মহাপরিচালকের বেসরকারি পাসপোর্ট দেখে সংশ্লিষ্ট পাসপোর্ট কর্মকর্তাদের সন্দেহ হয়। পরে বিষয়টি পাসপোর্ট অধিদপ্তরের তৎকালীন মহাপরিচালকের নজরে আনা হলে বেনজীরের আবেদনপত্র আটকে যায়। তখন বেনজীরকে বিভাগীয় অনাপত্তিপত্র (এনওসি) দাখিল করতে বলা হয়। কিন্তু এনওসি জমা না দিয়ে পাসপোর্ট নবায়নের চাপ দেন বেনজীর। সূত্র জানায়, সন্দেহজনক বিবেচনায় বেনজীরের বেসরকারি সাধারণ পাসপোর্ট গ্রহণের পক্ষে যথাযথ ব্যাখ্যা চেয়ে র‍্যাব সদর দপ্তরে চিঠি দেয় পাসপোর্ট অধিদপ্তর। কিন্তু এতে কাজ হয়নি। ২০১৬ সালের ১৫ ডিসেম্বর র‍্যাব সদর দপ্তর থেকে তার উদ্দেশ্য হাসিলের পক্ষে চিঠি দেওয়া হয়। র‍্যাব সদর দপ্তরের তৎকালীন অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) আব্দুল জলিল মন্ডল অবিলম্বে তার পাসপোর্ট প্রতিস্থাপনের অনুরোধ করে চিঠি দেন। এর ২৪ ঘণ্টার মধ্যে বেনজীরকে পাসপোর্ট দিতে বাধ্য হয় পাসপোর্ট অধিদপ্তর (ডিআইপি)। যার নম্বর বিএম০৮২৮১৪১।

**নেননি লাল পাসপোর্ট:** জানা যায়, ২০২০ সালে ৩০তম আইজিপি হিসাবে পুলিশবাহিনীর প্রধান পদে দায়িত্ব নেন বেনজীর। নিয়মানুযায়ী সিনিয়র সচিব পদমর্যাদার কর্মকর্তা হিসাবে তার কূটনৈতিক পাসপোর্ট পাওয়ার কথা। কিন্তু তিনি মর্যাদাপূর্ণ লাল পাসপোর্টও নেননি। আইজিপি হয়েও তিনি ফের বেসরকারি চাকরিজীবী পরিচয়ে সাধারণ পাসপোর্টের আবেদন করেন। কিন্তু ততদিনে দেশে অত্যাধুনিক প্রযুক্তির ই-পাসপোর্ট চালু হওয়ায় বেনজীরের আবেদন নিয়ে জটিলতা দেখা দেয়।

সূত্র জানায়, এ সময় বেনজীর আহমেদ আশ্রয় নেন নজিরবিহীন প্রতারণার। চলাচলে অক্ষম হিসাবে গুরুতর অসুস্থতার অজুহাত দেখিয়ে ডিআইপির মোবাইল ইউনিট চেয়ে পাঠান। পরে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তারা তার বাসায় গিয়ে ছবি তোলা, আঙুলের ছাপ নেওয়াসহ সব আনুষ্ঠানিকতা শেষ করেন। অতিগোপনে করা হয় এসব কাজ। ২০২০ সালের ৪ মার্চ তার আবেদনপত্র জমা হয়ে যায়। ১ জুন বেনজীরের নামে ১০ বছর মেয়াদি ই-পাসপোর্ট ইস্যু করা হয় (নম্বর বি০০০০২০৯৫)। একই প্রক্রিয়ায় সাবেক সেনাপ্রধান জেনারেল আজিজ আহমেদের দুই ভাই হারিস আহমেদ ও তোফায়েল আহমেদ জোসেফের পাসপোর্ট করা হয়েছিল।

সংশ্লিষ্টরা বলছেন, মিথ্যা তথ্যে পাসপোর্ট দেওয়া ছাড়াও বেনজীরের পাসপোর্টে আরও কয়েকটি বড় ধরনের অনিয়ম হয়েছে। যেমন: সরকারি চাকরিজীবীদের ৫ বছরের বেশি মেয়াদের পাসপোর্ট দেওয়ার নিয়ম না থাকলেও তাকে দেওয়া হয়েছে ১০ বছর মেয়াদি। এছাড়া আইজিপির মতো গুরুত্বপূর্ণ পদে থাকা কর্মকর্তার নামে সাধারণ পাসপোর্ট ইস্যুর আগে বিষয়টি সরকারের উচ্চপর্যায়ে জানানোর কথা থাকলেও তা মানা হয়নি।

পাসপোর্ট কর্মকর্তারা বলছেন, নিয়মানুযায়ী যে কোনো সরকারি চাকরিজীবী চাইলে অফিশিয়াল পাসপোর্টের বদলে সাধারণ পাসপোর্ট নিতে পারেন। এক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা বিভাগের অনুমোদন বাধ্যতামূলক। পেশা হিসাবে সরকারি চাকরিজীবী কথাটি উল্লেখ করতে হয়। সরকারি চাকরি করে কোনোভাবেই বেসরকারি চাকরি বা অন্য কোনো পেশা উল্লেখ করার সুযোগ নেই। এছাড়া পুলিশপ্রধানের মতো দায়িত্বশীল পদে থেকে ‘বেসরকারি চাকরিজীবী’ পরিচয়ে পাসপোর্ট নেওয়া রীতিমতো বেআইনি এবং দন্ডনীয় অপরাধ।

সূত্র বলছে, সরকারি চাকরি করেও নানা কারণে অনেকে সাধারণ পাসপোর্ট নিয়ে থাকেন। এর একটি বড় কারণ ভিন্ন কোনো দেশের নাগরিকত্ব নেওয়ার সুবিধা নেওয়া। কারণ, সরকারি পাসপোর্ট থাকলে অন্য কোনো দেশে বসবাস বা নাগরিকত্ব গ্রহণ বেশ জটিল। এছাড়া অফিশিয়াল পাসপোর্টধারীদের দেশের বাইরে যেতে হলেও বিশেষ আনুষ্ঠানিকতা পালন করতে হয়। সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা বিভাগ থেকে বহির্গমনসংক্রান্ত অনুমোদন নিতে হয়। কিন্তু বেসরকারি পাসপোর্টে এসব জটিলতা কম। তাছাড়া সাধারণ পাসপোর্টে বিদেশ গমন অনেকটা বাধাহীন।

নাম প্রকাশে অনিচ্ছুক এক পাসপোর্ট কর্মকর্তা বলেন, আইজিপি হয়েও বেনজীরের মর্যাদপূর্ণ কূটনৈতিক পাসপোর্ট না নেওয়া অস্বাভাবিক। এর ভিন্ন কারণ থাকতে পারে। হয়তো ইতোমধ্যে তিনি ভিন্ন কোনো দেশের নাগরিকত্ব নিয়েছেন। এ কারণে ইচ্ছা থাকলেও তিনি লাল পাসপোর্ট গ্রহণ করতে পারেননি। এছাড়া যে কোনো সময় দেশ ত্যাগের সুযোগ খোলা রাখতে হয়তো তিনি সাধারণ পাসপোর্ট নেওয়াকে নিরাপদ মনে করেছেন।

## বিমানের নিউইয়র্ক ফ্লাইট

(প্রথম পাতার পর)

প্রতিষ্ঠান বোয়িংয়ের সাথে একীভূত হয়ে যায়। এফএএ আমেরিকায় ২০ বছরের পুরোনো উড়োজাহাজ দিয়ে ফ্লাইট পরিচালনার অনুমতি দেয় না।

যুক্তরাষ্ট্র কর্তৃপক্ষের তালিকায় বাংলাদেশের অবনমনের ফলে সে দেশে সরাসরি ফ্লাইট পরিচালনার সুযোগ হারায় বিমান। ক্যাটাগরি-১ এর মর্যাদা পুনরুদ্ধারে বেশ কয়েক বছর ধরেই চেষ্টা চলছে। সেই চেষ্টার অংশ হিসেবে আমেরিকান উড়োজাহাজ নির্মাতা প্রতিষ্ঠান বোয়িংয়ের কাছ থেকে ১২টি নতুন প্রজন্মের উড়োজাহাজও কিনেছে বিমান। নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে রাজধানী ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের। এখন নতুন করে ইউরোপীয় নির্মাতা এয়ারবাসের কাছ থেকে যে নতুন এ-৩৫০ মডেলের উড়োজাহাজ কেনার কথা চলছে, সেটিও এই নিউইয়র্ক ফ্লাইটকে মাথায় রেখেই। এর মধ্যে এফএএ কর্মকর্তারা কয়েক দফায় বাংলাদেশ সফর করেছেন। নিরীক্ষা করেছেন বিমান ও বেবিচককে। কিন্তু সেসব নিরীক্ষায় সংস্থাটি কী পেয়েছে, তা প্রকাশ্যে জানানো হয়নি। অবশ্য বেবিচকের পক্ষ থেকে এ বিষয়ে ইতিবাচক তথ্য পাওয়ার কথা বিভিন্ন সময় গণমাধ্যমকে জানানো হয়েছে।

বিমান বোয়িংয়ের কাছ থেকে যে উড়োজাহাজগুলো কিনেছে, তার মধ্যে আছে দুটি বোয়িং সেভেন থ্রি সেভেন, চারটি বোয়িং ট্রিপল সেভেন, আর ছয়টি বোয়িং সেভেন এইট সেভেন ড্রিমলাইনার উড়োজাহাজ। এর মধ্যে ট্রিপল সেভেন ও ড্রিমলাইনার উড়োজাহাজগুলো একটানা ১৬ ঘণ্টার বেশি উড়তে সক্ষম। নিউইয়র্কে ফ্লাইট শুরুর অনুমতি পাওয়া যাবে এ আশা করেই এই উড়োজাহাজগুলো কেনা হয়েছিল।

তবে সহসা এই রুটে ফ্লাইট যে শুরু হচ্ছে না, তা বেসামরিক বিমান পরিবহন ও পর্যটনমন্ত্রী মুহাম্মদ ফারুক খানের কথাতেই স্পষ্ট। গত ৩০ মে বৃহস্পতিবার তিনি সাংবাদিকদের জানিয়েছেন, ফ্লাইট শুরু করতে আবারও নতুন পর্যবেক্ষণ দিয়েছে যুক্তরাষ্ট্র কর্তৃপক্ষ ফেডারেল অ্যাভিয়েশন অ্যাডমিনিস্ট্রেশন (এফএএ)। এদিন হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনাল পরিদর্শন করতে যান বিমানমন্ত্রী। এ সময় তাঁর কাছে জানতে চাওয়া হয়, কবে চালু হতে পারে ঢাকা-নিউইয়র্ক ফ্লাইট?

জবাবে মন্ত্রী বলেন, ‘ঢাকা-নিউইয়র্ক ফ্লাইটের ব্যাপারে তারা (এফএএ) আমাদের কিছু অবজারভেশন দিয়েছে। যখনই তারা এসেছে, আমাদের তিনটা-চারটা অবজারভেশন দিয়েছে, আমরা একটা একটা করে পূরণ করেছি। কখনো সিকিউরিটি নিয়ে, কখনো অন্য ব্যাপারে। কিন্তু, এফএএ কি চায়, সেটি এখনো আমাদের কাছে পরিষ্কার নয়। এটা দুঃখজনক যে তারা একটা করে অবজারভেশন দেয়, পরে আর কিছুই হয় না।’ বিমানমন্ত্রী বলেন, ‘এটা আজকের কথা না, আমি আগেও মন্ত্রী থাকাকালীন যখন বোয়িংয়ের উড়োজাহাজ কিনেছি, তখনও আমরা বলেছিলাম নিউইয়র্কে আমাদের স্লট দিতে হবে। কিন্তু এটি বাস্তবায়িত হয়নি। আমরা চেষ্টা অব্যাহত রাখছি।’

এ ঘটনার পেছনে বাংলাদেশী সংস্থাগুলোর মধ্যে সমন্বয়ের অভাব রয়েছে বলে মনে করছেন অ্যাভিয়েশন বিশেষজ্ঞ ও বিমান পরিচালনা পর্ষদের সাবেক সদস্য কাজী ওয়াহেদুল আলম। তিনি ইনডিপেনডেন্ট ডিজিটালকে বলেন, ‘বিমান একদিকে এয়ারবাসের কাছ থেকে এ-৩৫০ উড়োজাহাজ কিনতে চাচ্ছে নিউইয়র্ককে মাথায় রেখে। অন্যদিকে মন্ত্রী বলছেন, অনিশ্চয়তার কথা।’

কাজী ওয়াহেদুল আলম বলেন, ‘আমি যতটুকু জানি, আমেরিকায় ফ্লাইট শুরুর জন্য এফএএ বাংলাদেশকে ৫টি শর্ত দিয়েছিল। এর মধ্যে দুটো এখনও পূরণ হয়নি। আগামী সেপ্টেম্বরে আরেকটি অডিট হওয়ার কথা রয়েছে। সেখানে এটার অগ্রগতি তুলে ধরার কথা রয়েছে।’

কোনো শর্তগুলো পূরণ হয়নি জানতে চাইলে এই বিশেষজ্ঞ বলেন, ‘যে শর্ত দুটো এখনও পুরণ হয়নি তার মধ্যে একটি ছিল, তারা (এফএএ) বেবিচকের স্বায়ত্বশাসন চেয়েছে। এটা তো এখন সরকার চালায়। তাদের শর্তটা ছিল, নিয়ন্ত্রক সংস্থা হিসেবে বেবিচক স্বাধীনভাবে কাজ করবে। আরেকটি শর্ত ছিল, অপারেটর নিয়ন্ত্রক হতে পারবে না। আমাদের এখানে বিমানবন্দরগুলো বেবিচক চালায়, সেবা তারাই দেয়। আমেরিকার শর্ত হলো, বিমানবন্দরগুলো আলাদা সংস্থার মাধ্যমে অপারেট করবে। তবে এ ছাড়া নতুন কোনো শর্ত দেওয়া হয়েছে কিনা বিষয়টি আমার জানা নেই।’

কাজী ওয়াহেদুল বলেন, ‘আমি যতটুকু জানি, এই শর্তগুলো এখনও পূরণ হয়নি। তবে সরকার বিমানবন্দরগুলো পরিচালনার জন্য আলাদা কোম্পানি করার একটি উদ্যোগ নিচ্ছে। তৃতীয় টার্মিনালে যেমনটা জাপানের সাথে হচ্ছে। এর পেছনে রাজনৈতিক কোনো কারণ আছে বলে আমি মনে করি না। আমেরিকার শর্তপূরণ হলেই তারা ফ্লাইট পরিচালনার অনুমতি দেবে।’

অবশ্য এর মধ্যে ২০১৪ সালে একবার ভাড়ায় আনা উড়োজাহাজ দিয়ে নিউইয়র্ক ফ্লাইট চালুর উদ্যোগ নিয়েছিল বিমান। বিমানের সেই সময়ের ব্যবস্থাপনা পরিচালক কেভিন স্টিল এক সংবাদ সম্মেলনে টিকিট বিক্রির ঘোষণাও দিয়েছিলেন। তার আগের বছর; অর্থাৎ, ২০১৩ সালের ১৭ আগস্ট আমেরিকার সাথে বিমান চলাচলে সমঝোতা স্মারক সই করে বাংলাদেশ। তারপর অবশ্য সে উদ্যোগ আর এগোয়নি। অবশ্য বিমান নিউইয়র্কে আসতে না পারলেও কানাডার টরন্টোতে ফ্লাইট শুরুর মাধ্যমে উত্তর আমেরিকার সাথে আকাশপথে এরই মধ্যে যুক্ত হয়েছে। রুটটি বর্তমানে বিমানের লাভজনক রুটগুলোর একটি।

## এই প্রথম লোহার খাঁচায়

(প্রথম পাতার পর)

গঠন শুনানি শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন।

রোববার ২৫ কোটি টাকা আত্মসাতের অভিযোগের মামলায় ড. ইউনূসসহ ১৪ জনের বিরুদ্ধে অভিযোগ গঠন শুনানি শেষে হয়েছে। আদালত এ বিষয়ে আদেশের জন্য আগামী ১২ জুন দিন ধার্য করেছেন। গ্রামীণ টেলিকমের কর্মচারীদের সংরক্ষিত ফান্ডের ২৫ কোটি টাকা আত্মসাতের মামলায় আদালতে ঢুকে এজলাসের বেঞ্চে বসেন ড. ইউনূস। এরপর আদালত থেকে ড. ইউনূস ছাড়া বাকি আসামিদের ডগে (কাঠগড়া) যেতে বলা হয়। ড. ইউনূস সবার সঙ্গে লোহা দিয়ে ঘেরা কাঠগড়ায় স্বেচ্ছায় গিয়ে দাঁড়ান। সেখানে তিনি তিন মিনিট দাঁড়িয়ে ছিলেন। এরপর বিচারক সবাইকে কাঠগড়া থেকে বের হতে বললে ড. ইউনূস কাঠগড়া থেকে বের হন।

ড. ইউনূস বলেন, ‘দুটো নোবেল পুরস্কার দেওয়া হয়েছিল। একটা আমার নামে, আরেকটা গ্রামীণ ব্যাংকের নামে। পৃথিবীর ইতিহাসে কোনো নজির নাই যে, এক নোবেল বিজয়ীর বিরুদ্ধে আরেক নোবেল বিজয়ী মামলা করেছে, দুদকে হাজির হয়েছে। এটা আমাদের কপালে হয়েছে, এটা অভিশাপের একটা অংশ। এই অভিশাপ আমরা বহন করে যাচ্ছি।’ তিনি বলেন, ‘অভিযোগ থাকতে পারে। কিন্তু রূঢ় ভাষায় আক্রমণ করে অভিযোগ করল, যে অভিযোগের ভিত্তি নেই। যে জিনিস দিয়ে দিয়েছিলাম, সেটার জন্যই আমাকে অভিযুক্ত করা হলো যে, অনেক টাকা মেরে দিয়েছি ইত্যাদি।’

ড. মুহাম্মদ ইউনূস আরও বলেন, ‘আমাকে গ্রামীণ ব্যাংক থেকে বের করে দেওয়া হয়েছে। আমার বিরুদ্ধে তদন্ত কমিটি হয়েছে। কোনো নিস্তার নেই, একটার পর একটা চলছে। অভিশপ্ত জীবনের একটা বড় পর্যায়ে পৌঁছে গেছি।’

## নাজ ইসলাম পেলেন ‘ফ্রিডম অব দ্য সিটি

(প্রথম পাতার পর)

সম্পাদক, কনজারভেটিব ফ্রেন্ডস অব বাংলাদেশ-এর ভাইস প্রেসিডেন্ট নাজ ইসলাম। চ্যারিটি কার্যক্রম ও সামাজিকতায় বিশেষ অবদান রাখার জন্য তাকে এই সম্মাননা দেয়া হয়। ১২৩৭ সালে শুরু হওয়া এই সম্মাননা ১৯৯৬ সাল পর্যন্ত শুধু বৃটিশ ও কমনওয়েলথ নাগরিকদের জন্য ছিল। ১৯৯৬ সালের পর এটি সবার জন্য উন্মুক্ত করে দেয়া হয়।

রানি দ্বিতীয় এলিজাবেথ, প্রিন্স ফিলিপ, রানিমাতা কুইন এলিজাবেথ, কিং চার্লস, প্রিন্সেস ডায়না, উইনস্টন চার্চিল, ক্লিমেন্ট অ্যাটলি, মার্গারেট থ্যাচার, ফুটবলার হ্যারি কেইন, নেলসন ম্যান্ডেলা, স্টিফেন হকিংসসহ অনেক বিখ্যাত ব্যক্তি সিটি অব লন্ডন সম্মাননায় ভূষিত হন।

নাজ ইসলাম নর্থাম্পটন শায়ারের মধ্যে এই প্রথম ‘ফ্রিডম অব দ্য সিটি অব লন্ডন’ সম্মাননা পেলেন। ২৮ মে লন্ডনের গিল্ড হলে এক আনারম্বড় অনুষ্ঠানের মাধ্যমে এই সম্মাননা গ্রহণ করেন নাজ ইসলাম। এ সময় তার পরিবারের সদস্যরা ছাড়াও উপস্থিত ছিলেন কমিউনিটির বরেণ্য ব্যক্তিবর্গ।

নাজ ইসলামের বাড়ি বাংলাদেশে সিলেটের ওসমানী নগরের বড় দিরারাই গ্রামে। যুক্তরাজ্যের নর্থাম্পটনের বাসিন্দা নাজ ইসলাম মসজিদ, মাদরাসা ও বিভিন্ন চ্যারিটিসহ নানা সেবামূলক কাজে যুক্ত রয়েছেন।



# Tax & Consulting Services
for Individual and Businesses

## Southeast USA Group Inc.



**OUR SERVICES**
- Tax Preparation & Planning
- Audits, Reviews, Compilations
- Bookkeeping/Write-Up
- Business Consulting
- IRS Representation
- Notary Public
- Payroll Services
- Retirement Planning
- Sales Tax Services

(917) 566-1612

**Prof. Ehteshamul Haque**
Financial & Business Planning

74-09 37th Avenue, Suite #206, Jackson Heights, NY 11372
Visit: www.southeastusagroup.com



## Akash Medical Care
আকাশ মেডিক্যাল কেয়ার



Akash Ferdaus MD
Akash Medical Care
Internal & Geriatric Medicine

হার্টের ডাক্তার
Sudesh Srivastava MD
Cardiologist

পায়ের ডাক্তার
Dr. Nayeem Haque
Podiatic Surgeon

FOR APPOINTMENT
**718-431-0009**
Hours:
Mon-Sat 10 AM to 8 PM

79 Church Avenue, Brooklyn, NY 11218



## LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW

**ACCIDENT / IMMIGRATION / DIVORCE**

ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ। ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স

বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস

সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ

ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার

**MURAD HOSSAIN** MSS, LLB (DU), LLM USA, DTL UK

347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372



কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



# অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকায় যে কোন নতুন ব্যবসায় নূন্যতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

তাছাড়া ১ মিলিয়ন বা নূন্যতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বৈধভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ আনয়নে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।

দেশে কোন কোম্পানীর মালিক/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার ব ঠংধ'র সুবিধা নিতে পারেন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

**আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?**

* আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিগ্যালাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
* আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
* আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

## Law Offices of Ashok K. Karmaker, P.C.
**Queens Main Office:** Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
**Dhaka Office:** US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711



## ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী



- ইমিগ্রেশন
- রিয়েল এস্টেট
- এক্সিডেন্ট
- ল্যান্ডলর্ড-টেনেন্ট
- ব্যাংক্রাপসি
- ডিভোর্স সহ বিভিন্ন

সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।

**মোহাম্মদ এ. আজিজ** Esq
এটর্নী এট ল'

For Appointment: **(917)-434-3338**
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, e-mail: azizbbn@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

### বিশ্ব মুক্ত গণমাধ্যম দিবস ২০২৪

# গ্রহের জন্য গণমাধ্যম : পরিবেশগত সংকট মোকাবেলায় সাংবাদিকতা

॥ চৌধুরী মোহাম্মদ কাজল ॥

প্রতি বছর মে মাসের তিন তারিখ সারা বিশ্বে ডড়ৎষফ চৎবংং ঋৎববফড়স বা বিশ্ব মুক্ত গণমাধ্যম দিবস পালিত হয়ে থাকে। ইউনেস্কোর সুপারিশ অনুসারে জাতিসংঘ ১৯৯৩ সালে এর সাধারণ সভায় ৩ মে দিনটিকে বিশ্ব মুক্ত গণমাধ্যম দিবস হিসেবে স্বীকৃতি দেয়। এর পর থেকে প্রতিবছর সারাবিশ্বে গণমাধ্যমকর্মীরা এদিনটি পালন করে আসছেন। এর আগে ১৯৯১ সালে ইউনেস্কো এর ২৬তম সাধারণ অধিবেশনে বিশ্বব্যাপী মুক্ত সাংবাদিকতা ও গণমাধ্যমের স্বাধীনতা নিশ্চিত করার লক্ষ্যে এদিনটি পালন করার প্রস্তাব করে।

স্বাধীন সাংবাদিকতা ও গণমাধ্যমের মৌলিক নীতিমালা অনুসরণ, বিশ্বব্যাপী গণমাধ্যমের স্বাধীনতা পর্যালোচনা করা, পেশাগত দায়িত্ব পালনের সময় ক্ষতিগ্রস্ত ও জীবনদানকারী সাংবাদিকদের স্মরণ ও তাদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে এদিনটি উদযাপন করা হয়। এ বছর দিবসটির মূল প্রতিপাদ্য বিষয় ছিল "A Press for the Planet: Journalism in the face of the Environmental Crisis" বাংলায় যার অর্থ দাড়াচ্ছে 'গ্রহের জন্য গণমাধ্যম: পরিবেশগত সংকট মোকাবেলায় সাংবাদিকতা।'

গণমাধ্যম নিয়ে কাজ করা আন্তর্জাতিক সংস্থা রিপোর্টার্স উইদাউট বর্ডারস প্রতিবছর এ দিনটিতে গনমাধ্যমের স্বাধীনতার ব্যাপারে বিভিন্ন দেশের অবস্থানসূচক তালিকা বা ডড়ৎষফ চৎবংং ঋৎববফড়স ওহফবী প্রকাশ করে থাকে। বিশ্বের গণমাধ্যমগুলো কতটা স্বাধীনভাবে কাজ করতে পারছে, তার ওপর ভিত্তি করে সূচকটি প্রকাশ করা হয়ে থাকে। এতে একটি দেশের অর্থনীতি, আইনি সুরক্ষা ও সামাজিক নিরাপত্তার পাশাপাশি দেশটির অভ্যন্তরীন রাজ-নীতি ও এর পরিবেশও বিবেচনা করা হয়। সংস্থাটি ২০০২ সাল থেকে এই তালিকা প্রকাশ করে আসছে।

রিপোর্টার্স উইদাউট বর্ডারসের পরিসংখ্যান অনুযায়ী বিশ্বের তিন চতুর্থাংশ দেশেই স্বাধীন সাংবাদিকতার উপযুক্ত পরিবেশ নেই। এ সংস্থাটি আরও মনে করে যে সংবাদপত্রের স্বাধীনতা রক্ষায় রাষ্ট্র এবং অন্যান্য রাজনৈতিক শক্তিগুলোর ভূমিকা ক্রমশ দুর্বল হয়ে পড়ছে। সাংবাদিকদের প্রতি বৈরী আচরণের মাধ্যমে গণমাধ্যমকে ক্ষমতাহীন করে ফেলার চেষ্টা চলছে।

**বাংলাদেশের অবস্থান:**

রিপোর্টার্স উইদাউট বর্ডারসের র্যাঙ্কিং এ বাংলাদেশ গত বছরের তুলনায় দুই ধাপ পিছিয়ে এ বছর বিশ্বের ১৮০ দেশের মধ্যে ১৬৫ নম্বরে অবস্থান করছে। গত বছর বাংলাদেশের অবস্থান ছিলো ১৬৩ তে। এই তালিকায় বাংলাদেশ একমাত্র আফগানিস্তান ছাড়া দক্ষিণ এশিয়ার অন্য সবদেশের নীচে অবস্থান করছে।

নরওয়ে এই তালিকার শীর্ষে রয়েছে। এরপরই অবস্থান করছে ডেনমার্ক। তৃতীয় ও চতুর্থস্থানে রয়েছে যথাক্রমে সুইডেন ও নেদারল্যান্ডস। এই তালিকার প্রথম ১০টি স্থানই রয়েছে ইওরোপীয় দেশগুলির দখলে। দক্ষিণ এশীয়ার দেশগুলির মধ্যে সবচেয়ে অগ্রগতি সাধিত হয়েছে নেপালে। গত বছরের চেয়ে ২১ ধাপ এগিয়ে বর্তমানে ৭৪তম স্থানে অবস্থান করছে। অন্যদিকে শ্রীলঙ্কা ১৫ ধাপ পিছিয়ে ১৫০ নম্বরে অবস্থান করছে। এই তালিকায় দক্ষিণ এশীয়ার দুই পরাশক্তি ভারত ও পাকিস্তান প্রায় পাশাপাশি অবস্থান করছে। পাকিস্তান ১৫২ ও ভারত ১৫৯ তম স্থানে রয়েছে। বিশ্বের বৃহত্তম গণতান্ত্রিক রাস্ট্র বলে পরিচিত ভারতের অবস্থান সবাইকে হতাশ করেছে। অন্যদিনে যুক্তরাস্ট্রের অবস্থানও সন্তোষজনক নয়। গত বছরের চেয়ে ১০ ধাপ পিছিয়ে যুক্তরাস্ট্র বর্তমানে ৫৫তম স্থানে অবস্থান করছে।

**দেশের বর্তমান রাজনৈতিক পরিস্থিতি ও গণমাধ্যমের মালিকানা কর্পোরেট হাউজের নিয়ন্ত্রণে চলে যাওয়ায় দেশে মুক্ত সাংবাদিকতা চর্চার পথ অনেক কমে এসেছে বলে বিশেষকরা মনে করছেন। সবমিলিয়ে সংবাদকর্মীদের জন্য দেশেও একটা ভয়ের পরিবেশ তৈরি হয়েছে বলে অনেকে অভিমত ব্যক্ত করেছেন।**

**বাংলাদেশ পরিস্থিতি:**

দেশের বর্তমান রাজনৈতিক পরিস্থিতি ও গণমাধ্যমের মালিকানা কর্পোরেট হাউজের নিয়ন্ত্রণে চলে যাওয়ায় দেশে মুক্ত সাংবাদিকতা চর্চার পথ অনেক কমে এসেছে বলে বিশেষকরা মনে করছেন। সবমিলিয়ে সংবাদকর্মীদের জন্য দেশেওএকটা ভয়ের পরিবেশ্ তৈরি হয়েছে বলে অনেকে অভিমত ব্যক্ত করেছেন।

আমরা জানি যে বাংলাদেশে সংবাদকর্মীদের অনেক প্রতিকূলতা ও সীমাবদ্ধতার মধ্যে কাজ করতে হয়। অনেকে পেশাগত দায়িত্বপালন করতে গিয়ে বিভিন্ন সময় নিগৃহীত হয়েছেন। অনেকের প্রাণহানীও ঘটেছে। আবার সাংবাদিকতাকে কলুষিত করার জন্য পেশাদার সাংবাদিকদের সরকারী ও বেসরকারী বিভিন্ন লোভনীয় পদে নিয়োগ দেওয়ার প্রচেস্টাও রয়েছে। তারপরও অনেক সা-ংবাদিক ভয়, ভীতি ও প্রলোভন উপেক্ষা নিরলস কাজ করে যাচ্ছেন। অনেকে সরকারী ও বিভিন্ন মহলের চাপ সহ্য করতে না পেরে প্রবাসে চলে এসেছেন। এখানে এসেও তারা তাদের কাজ করে যাচ্ছেন। অনেকে আবার অন্য পেশাও বেছে নিয়েছেন। অনেকেই নিজস্ব মতামত প্রচারের জন্য ফেসবুক ও ইউটিউব সহ বিভিন্ন সোশাল মিডিয়াকে বেছে নিয়েছেন। যদিও অনেকের বিরুদ্ধে অতিরঞ্জন ও সা-ংবাদিকতার নীতিমালা ও নৈতিকতা লঙ্ঘনের অভিযোগ রয়েছে তারপরও কিছু সত্য এর মধ্যদিয়েই বেরিয়ে আসছে। অনেক প্রবাসী সাংবাদিক সম্পূর্ণ নিজস্ব উদ্যেগে পত্রিকা ও টেলিভিশন চ্যানেল পরিচালনা করে আসছেন। সীমিত সুযোগে আদের এই উদ্যোগ প্রশংসনীয়। তারপরও কথা থাকে। একটি দেশ ও সমাজকে বুঝতে হলে দেশের ভেতরে থেকে দেখতে হয়। দূর থেকে দেখলে কিছুটা আচ করা যায়, কিন্তু প্রকৃত চিত্রটা পাওয়া যায় না। কিন্তু দেশে নিরপেক্ষ ও বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন করতে গিয়ে অনেক সাংবাদিককে হয়রানির শিকার হতে হয়েছে। বাংলাদেশে মতপ্রকাশের স্বাধীনতা ও নিরপেক্ষ সাংবাদিকতার পরিবেশ দিনদিন কমে আসছে বলে প্রবাসী সাংবাদিকদের অনেকে অভিমত ব্যক্ত করেছেন।

উপসংহারঃ

একটি দেশে গণতান্ত্রিক সমাজব্যাবস্থাকে পূর্ণতা দিতে হলে গণমাধ্যমের স্বাধীনতা নিশ্চিত করতে হবে। মত প্রকাশের স্বাধীনতা (ঋৎববফড়স ড়ভ ঊীঢ়ৎবংংরড়হ) জনগণের মৌলিক অধিকার। সাংবাদিকতা হচেছ সমাজের দর্পন। সমাজের পুরো চিত্রটা দেখতে হলে স্বাধীন গণমাধ্যমের প্রয়োজনীয়তা রয়েছে। সাংবাদিকরা সংবাদ তৈরী করে না। তারা পরিবেশন করে মাত্র। এই উপলব্ধিটা থাকতে হবে। বিশ্বের অনেক রাস্ট্রেই ক্ষমতাসীন দল ভিন্নমত প্রকাশ সহ্য করছে না। এশীয়া ও আফ্রিকার দেশগুলিতে এই প্রবনতা বেশী পরিলক্ষিত হয়। কিন্তু ভিন্নমত প্রকাশ ও মুক্তবুদ্ধি চর্চার স্বাধীনতা না থাকলে একটি দেশ বা সমাজ বিকশিত হতে পারেনা। তাই একটি সমাজে সকল মত প্রকাশ ও অবাধ সংবাদ প্রবাহের নিশ্চয়তা থাকতে হবে। এজন্য সা-ংবাদিক সমাজকে অগ্রনী ভূমিকা পালন করতে হবে। প্রতিকূল অবস্থাতেও সাংবাদিকতার আদর্শকে সমুন্নত রাখতে হবে। যে কোন প্রতিকূল পরিস্থিতি মোকাবেলা করে, সাংবাদিকতার নৈতিকতা ও আদর্শকে সমুন্নত রেখে প্রাণীকূলের একমাত্র বিচরনভূমি আমাদের প্রিয় এই পৃ থিবীটাকে বসবাসযোগ্য রাখার ব্যাপারে বিশ্বের সকল গণমাধ্যমকর্মী ঐক্যবদ্ধভাবে কাজ করবে৩ এই হোক আমাদের আজকের অঙ্গীকার।

*লেখক: সদস্য ও সাবেক সাংগঠনিক সম্পাদক নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাব।*

DR. SADI ALAM, DPM
Foot Specialist
পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক
Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432
Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
Alam Podiatry, P.C.
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462
FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com
WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়
আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী
বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।
বিনামূল্যে ব্লাড সুগার মনিটর
২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়
ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই
এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়




NEW YORK LOTTERY
নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে
আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।



❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং
PARKCHESTER FAMILY PHARMACY
১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ (347) 851-2688
আমাদের অন্য কোন শাখা নেই
আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য, আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এ বিভাগ আপনাদেরই জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহে আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।



এটর্নী শাকিল এইচ কাজমী

# ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি' শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

**যুক্তরাষ্ট্রে স্ট্যাটাস এডজাস্টমেন্টঃ**

একজন যুক্তরাষ্ট্রে স্ট্যাটাস এডজাস্টমেন্ট করে গ্রিনকার্ড পেতে পারেন যদি তিনি যুক্তরাষ্ট্রে অবস্থান করেন এবং পারিবারিক বা চাকরি-ভিত্তিক আবেদনের অনুমোদন থাকে।

**স্ট্যাটাস এডজাস্টমেন্টের জন্য কী কী প্রয়োজনঃ**

**পরিবার ভিত্তিক কেসঃ**

অব্যবহিত আত্মীয়ঃ যুক্তরাষ্ট্রে নাগরিকদের স্বামী/স্ত্রী, পিতা-মাতা/মাতা, অবিবাহিত সন্তান যদি যাদের বয়স ২১ বছরের নিচে। যুক্তরাষ্ট্রে নাগরিকদের অব্যবহিত আত্মীয় যারা যুক্তরাষ্ট্রে বৈধভাবে প্রবেশ করেছেন তারা স্ট্যাটাস এডজাস্টমেন্টের জন্য আবেদন করতে পারেন। সেক্ষেত্রে অনুমোদিত আই-১৩০ পিটিশন অথবা আই-৪৮৫ আবেদনেসহ আই-১৩০ পিটিশন ফাইল করতে পারেন।

যুক্তরাষ্ট্রের নাগরিকদের ২১ বছর বয়সের উর্ধে অবিবাহিত সন্তানাদি এবং সহোদর / ভাই বোনঃ

উপরে উল্লেখিত ব্যক্তিদের পারিবারিক ভিত্তিতে স্ট্যাটাস এডজাস্টমেন্টের জন্য আবেদন করতে পারবেন যদি-

১) যুক্তরাষ্ট্রে বৈধ ভিসায় প্রবেশ কপর থাকেন, ২) বর্তমানে যদি স্ট্যাটাস বৈধ থাকে, ৩) অনুমোদিত আই-১৩০ হয় এবং ৪) যদি আপনার ক্যাটাগরিতে যথেষ্ট ভিসা থাকে।

গ্রিনকার্ডধারীঃ

একজন গ্রিনকার্ডধারী তার যেসব আত্মীয়ের জন্য আবেদন করতে পারেনঃ ১) স্বামী-স্ত্রী, ২) অবিবাহিত সন্তানাদি। উভয় ক্যাটাগরিতে আবেদন করতে পারবেন যদি তাদের প্রবেশ বৈধ হয় এবং বর্তমান স্ট্যাটাস বৈধ হয়। উপরন্ত অনুমোদিত আই-১৩০ পিটিশন অনুমোদিত হয় এবং আবেদকৃত ক্যাটাগরি ভিসা থেকে।

কর্মভিত্তিক কেস:

সকল কর্মভিত্তিক ক্যাটাগরিতে, যুক্তরাষ্ট্রে আপনি আপনার স্ট্যাটাস স্ট্যাটাস এডজাস্ট করতে পারবেন। আপনার রাজনৈতিক আশ্রয় প্রার্থনার আবেদন অনুমোদিত হলেও আপানর ভিসা এন্ট্রি প্রযোজ্য হবে না।

২৪৫-আই:

আরেকটি ব্যতিক্রমি ভিসা এন্ট্রি এবং বৈধ স্ট্যাটাস আছে যদি আপনি সেকশন ২৪৫-আই এর সু-বিধাভোগী হয়ে থাকেন। সেক্ষেত্রে আপনি সেকশন ২৪৫-আই'র সুবিধাভোগী হয়ে থাকলে এবং এডজাস্টমেন্ট করতে পারেন কেবল সেই সঙ্গে যদি আপনার প্রবেশ এবং বর্তমান স্ট্যাটাস বৈধ থাকে। এছাড়াও আপনার স্ট্যাটাস এডজাস্টমেন্ট করতে পারেন যদি আপনার অনুমোদিত লেবার সার্টিফিকেশন এবং অনুমোদিত আই-১৩০ পিটিশন থাকে। এছাড়াও ঐ ক্যাটাগরিতে আপনার ভিসা থাকতে হবে।

রাজনৈতিক আশ্রয় প্রার্থনা:

আপনার রাজনৈতিক আশ্রয় প্রার্থনার আবেদন যদি গৃহিত হয়, সেক্ষেত্রে ১ বছর পর যুক্তরাষ্ট্র থেকেই আপনার বৈধ ভিসা এন্ট্রি না থাকলেও স্ট্যাটাস এডজাস্টমেন্টের জন্য আবেদন করা যাবে। এক্ষেত্রে যুক্তরাষ্ট্রে বৈধ স্ট্যাটাস ছাড়া বসবাস করলেও স্ট্যাটাস এডজাস্টমেন্টের জন্য আবেদন করা যাবে।



**নিউইয়র্ক থেকে ইকবাল হোসেনের প্রশ্নঃ**

আমি একজন গ্রিনকার্ডধারী, আমি রাজনৈতিক আশ্রয়ের কেসের মাধ্যমে গ্রিনকার্ড পেয়েছিলাম। বাংলাদেশ থেকে বৈধ ভিসা নিয়ে আসা একজনকে আমি বিয়ে করেছি। তার এদেশে কোন বৈধ স্ট্যাটাস নেই। আমার জানার বিষয় হচ্ছে আমি কি আমার স্ত্রীর জন্য আবেদন করতে পারব? নাকি সিটিজেনশীপ পাওয়া পর্যন্ত আমাকে অপেক্ষা করতে হবে? আমি যদি এদেশের বাইরে বেড়াতে যাই তাহলে আমার জন্য কোন সমস্যার সৃষ্টি হতে পারে কিনা?

এ ব্যাপারে আপনার পরামর্শ পেলে উপকৃত হবো এবং কৃতজ্ঞ থাকবো।

**ইকবাল হোসেনের প্রশ্নের উত্তরঃ**

আপনি একজন গ্রিনকার্ডধারী। ইমিগ্রেশন নিয়ম অনুযায়ী একজন গ্রিনকার্ডধারী তার স্ত্রী ও অবিব-াহিত সন্তানদের জন্য গ্রিনকার্ডের জন্য আবেদন করতে পারেন। রাজনৈতিক আশ্রয়ের আবেদন গৃহিত হবার পর বিয়ে করার তার স্ত্রী সাধারণ নিয়মে পড়বেন। তিনি অতিরিক্ত বেনিফিটের আওতায় থাকবেন না। এখন থেকে স্ট্যাটাস এডজাস্টমেন্টের ইন্টারভিউ এর জন্য উপযুক্ত হতে হলে স্পাউসকে অবশ্যই এদেশে বৈধ প্রবেশধারী হতে হবে। সেই সাথে উল্লেখ্য যে তাকে বৈধ স্ট্যাটাসধারী হতে হবে।

আবার পিটিশনার যদি ইউএস সিটিজেন হন এবং সন্তান মা-বাবা অথবা স্পাউসের গ্রিনকার্ডের জন্য ফাইল করতে চান সেক্ষেত্রে শুধুমাত্র বৈধ প্রবেশধারী হলেই চলবে। আর আপনি ইউএস সিটিজেন হলে তখন আপনার স্পাউসের গ্রিনকার্ডের ইন্টারভিউ এখান থেকে হবে।

আপনি একজন গ্রিনকার্ডধারী সে কারণে যে কোন সময় এদেশের বাইরে ভ্রমণে যেতে পারেন। তবে গ্রিনকার্ডধারী ১ বছর সময় বিনা অনুমতিতে এদেশের বাইরে থাকতে পারেন না। ১ বছরের বেশি সময় থাকতে চাইলে পুনঃপ্রবেশের অনুমতি নিতে হবে।

মনের রাখবেন রাজনৈতিক আশ্রয়ের মাধ্যমে গ্রিনকার্ড পেয়েছেন সে কারণে জরুরী না হলে নিজ দেশে বেড়াতে যাওয়া থেকে বিরত থাকাই ভালো। এ ব্যাপারে প্রয়োজনে একজন এটর্নীর সাথে পরামর্শ করা ভালো।

**জুন ২০২৪ ভিসা বুলেটিনঃ**

ইউএস স্টেট ডিপার্টমেন্ট অব স্টেট (ডিওএস) জুন ২০২৪'র ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিচে জুন ২০২৪ এর পারিবারিক ভিত্তিতে ভিসার প্রাপ্যতা দেয়া হলো। জুন ২০২৪'র ভিসা বুলেটিনের সার্বিক পর্যালোচনা করে দেখা যায় অধিকাংশ ফ্যামিলি ভিত্তিক ক্যাটাগরির চলমানতা ভালো।

**ফ্যামিলি স্পন্সরড অগ্রাধিকার**

প্রথম (এফ-১)ঃ আমেরিকান নাগরিকদের অবিবাহিত পুত্র-কন্যাঃ ৮ জুলাই, ২০১৫।

দ্বিতীয়ঃ পারমানেন্ট রেসিডেন্টদের স্বামী/স্ত্রী, সন্তান এবং অবিবাহিত ছেলে ও মেয়েরাঃ

এ. (এফ২এ)ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্বামী/স্ত্রী এবং ২১ নিম্ন বয়সের ছেলে ও মেয়েরাঃ নভেম্বর ১৫, ২০২১।

বি. (এফ ২বি)ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত ছেলে ও মেয়েরা (২১ বছর বা তদুর্ধবয়সী ছেলে ও মেয়েরাঃ এপ্রিল ০১, ২০১৬।

তৃতীয়ঃ (এফ-৩)ঃ আমেরিকান নাগরিকদের বিবাহিত পুত্র-কন্যাঃ ০১ মার্চ ২০১০।

চতুর্থঃ (এফ-৪) ঃ প্রাপ্তবয়স্ক আমেরিকান নাগরিকদের ভাই-বোনঃ ২২ জুলাই, ২০০৭।

এ বিষয়ে এবং চাকরি ভিত্তিক ভিসার প্রাপ্যতা জানতে চাইলে ইউএস ডিপার্টমেন্ট অব স্টেটের ওয়েব সাইট ভিজিট করুন।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোন: ২১২-৫১৩-৭৪৭৪

ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০

ই-মেইল: kazmiandreeves@gmail.com এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

**অনুবাদ: হুসনে এ. বেগম।**


# Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

**Tel: 212-513-7474, Fax: 914-462-3990**

* Immigration Cases & Appeals * Bankruptcy Cases
* Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

*আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।*

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।

অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

# টি-টোয়েন্টি বিশ্বকাপের প্রথম ম্যাচেই রেকর্ডের ছড়াছড়ি

**স্পোর্টস ডেস্ক:** আইসিসির টি-টোয়েন্টি বিশ্বকাপ ২০২৪-এর নবম আসর শুরু হয়েছে। কোনো উদ্বোধনী অনুষ্ঠান ছাড়াই আজ স্বাগতিক যুক্তরাষ্ট্র ও কানাডার মধ্যকার ম্যাচ দিয়ে বিশ্বকাপ অভিযান শুরু হয়েছে। সেই সঙ্গে রেকর্ড তাড়া করে প্রথম ম্যাচেই কানাডাকে ১৪ বল হাতে রেখে ৭ ইউকেটে জয়লাভ করে যুক্তরাষ্ট্র।

স্বাগতিক যুক্তরাষ্ট্র টস জিতে প্রথমে কানাডাকে ব্যাট করার আমন্ত্রণ জানায়। ব্যাট করে যুক্তরাষ্ট্রকে জয়ের জন্য ১৯৫ রানের টার্গেট দেয় তারা। এ রান তাড়া করে প্রথম ম্যাচেই কানাডাকে ৭ উইকেটে হারিয়েছে যুক্তরাষ্ট্র। আমেরিকার এই জয়ের নায়ক ছিলেন অ্যারন জোন্স, যিনি খেলেন অপরাজিত ৯৪ রানের একটি দুর্দান্ত ইনিংস। এর জন্য তাকে ম্যাচসেরার পুরস্কারও দেওয়া হয়। এ ম্যাচে একাধিক রেকর্ড হয়েছে। চলুন দেখে নেওয়া যাক রেকর্ডের তালিকা-

যুক্তরাষ্ট্রের রেকর্ড রান তাড়া করে জয়লাভ। টি-টোয়েন্টি ক্রিকেট ইতিহাসে এটিই এখন পর্যন্ত যুক্তরাষ্ট্রের সবচেয়ে বড় রান তাড়া করে জয়লাভ করা। কানাডার বিপক্ষে এই ম্যাচে আমেরিকা ১৭.৪ ওভারে তিন উইকেট হারিয়ে ১৯৭ রান করে। এর আগে যুক্তরাষ্ট্রের সবচেয়ে বড় রান তাড়া ছিল ১৬৮ রান, যা তারা এই বছরের এপ্রিলে কানাডার বিপক্ষেই করেছিল।

টি-টোয়েন্টি বিশ্বকাপের ইতিহাসে রান তাড়া করে জয়ের রেকর্ড-

২৩০ ইংল্যান্ড বনাম দক্ষিণ আফ্রিকা ওয়াংখেড়ে ২০১৬

২০৬ দক্ষিণ আফ্রিকা বনাম ওয়েস্ট ইন্ডিজ জোবার্গ ২০০৭

১৯৫যুক্তরাষ্ট্র বনাম কানাডা ডালাস ২০২৪

১৯৩ ওয়েস্ট ইন্ডিজ বনাম ভারত ওয়াংখেড়ে ২০১৬

১৯২ অস্ট্রেলিয়া বনাম পাকিস্তান গ্রস আইলেট ২০১০

**এক ওভারে ৩৩ রান-**




এ ম্যাচে কানাডার ফাস্ট বোলার জেরেমি গর্ডন ইনিংসের ১৪তম ওভারে ৩৩ রান হজম করেছেন। এ সময় তিনি দুটি নো বলের পাশাপাশি তিনটি ওয়াইড বলও করেন। তার ওভারটি ছিল ১১ বলের। জেরেমি গর্ডন এখন দ্বিতীয় বোলার যিনি টি-টোয়েন্টি বিশ্বকাপের ইতিহাসে এক ওভারে সবচেয়ে বেশি রান দিয়েছেন। এ তালিকায় শীর্ষে রয়েছেন ইংল্যান্ডের স্টুয়ার্ট ব্রড। গর্ডন টুর্নামেন্টের পঞ্চম বোলার হিসেবে এক ওভারে ১১ বল করেছেন।

**এক ওভারে সবচেয়ে বেশি রান হজম-**

৩৬ স্টুয়ার্ট ব্রড বনাম ভারত ডারবান ২০০৭

৩৩ জেরেমি গর্ডন বনাম ইউএসএ ডালাস ২০২৪

৩২ ইজাতউল্লাহ দৌলতজাই বনাম ইংল্যান্ড কলম্বো আরপিএস

৩০ বিলাওয়াল ভাট্টি বনাম অস্ট্রেলিয়া মিরপুর ২০১৪

**দ্রুততম হাফসেঞ্চুরি করেন অ্যারন জোন্স-**

যুক্তরাষ্ট্রের হয়ে দ্রুততম হাফসেঞ্চুরি অ্যারন জোন্সের। এই ম্যাচে তিনি ২২ বলে ফিফটি করেছেন। যিনি ৯৪ রানের অপরাজিত ইনিংস খেলেছিলেন। এ ইনিংসে চারটি চার ও ১০টি আকাশচুম্বী ছক্কা হাঁকান অ্যারন। তার স্ট্রাইক রেট ছিল ২৩৫।

**অ্যারন জোন্সের ১০৩ মিটারের লম্বা ছক্কা-**

২০২৪ সালের টি-টোয়েন্টি বিশ্বকাপে প্রথম ব্যাটসম্যান হিসেবে ১০০ মিটারের বেশি ছক্কা মেরেছেন অ্যারন জোন্স। এ ম্যাচে তিনি ১০টি ছক্কা মেরেছিলেন, যার মধ্যে একটি ছক্কা ছিল ১০৩ মিটার লম্বা। জোন্স টি-টোয়েন্টি বিশ্বকাপের এক ইনিংসে সবচেয়ে বেশি ছক্কা মারার যুগ্ম দ্বিতীয় ব্যাটসম্যান হয়েছেন। এ তালিকায় শীর্ষে রয়েছেন ক্রিস গেইল।

১১ ক্রিস গেইল বনাম ইংল্যান্ড ওয়াংখেড়ে ২০১৬

১০ ক্রিস গেইল বনাম দক্ষিণ আফ্রিকা জোবার্গ ২০০৭

১০ অ্যারন জোন্স বনাম কানাডা ডালাস ২০২৪

৮ রাইলি রসু বনাম বেইন সিডনি ২০২২

**টি-টোয়েন্টিতে যুক্তরাষ্ট্রের সবচেয়ে বড় জুটি-**

এ ম্যাচে গাউস ও জোন্স তৃতীয় উইকেটে ১৩১ রান যোগ করেন, যা টি-টোয়েন্টি ক্রিকেটে যুক্তরাষ্ট্রের এখন পর্যন্ত সবচেয়ে বড় জুটি। অ্যারন জোন্স ছাড়াও কানাডার বিপক্ষে ম্যাচ জেতাতে আন্দ্রেস গাউসেরও বড় ভূমিকা ছিল। তৃতীয় উইকেটে দুজনের মধ্যে সেঞ্চুরি পার্টনারশিপ ছিল, যার ভিত্তিতে যুক্তরাষ্ট্র এ জয় নিশ্চিত করে।

১৩১ এ গাউস - এ জোন্স বনাম কানাডা ডালাস ২০২৪

১১০ এস মোদানি - গজানন্দ সিং বনাম আয়ারল্যান্ড লডারহিল ২০২১

১০৪ এম প্যাটেল - এস টেলর বনাম কানাডা হিউস্টন ২০২৪

১০৪ এন কুমার - সি অ্যান্ডারসন বনাম কানাডা হিউস্টন ২০২৪



# নিউইয়র্কে সাকিবের বাসায় শান্তদের পিকনিক

**স্পোর্টস ডেস্ক:** রোববার (২ জুন) সকালে ডালাস স্টেডিয়ামে সহ-আয়োজন যুক্তরাষ্ট্র ও কানাডার ম্যাচ দিয়ে পর্দা উঠে টি-টোয়েন্টি বিশ্বকাপের নবম আসরের। এই টুর্নামেন্টটিতে অংশ নিতে টাইগারদের অবস্থান যুক্তরাষ্ট্রে। আসরটিতে লাল-সবুজের প্রতিনিধিদের প্রথম ম্যাচ আগামী ৮ জুন শ্রীলঙ্কার বিপক্ষে। মূল পর্বের আগে টাইগাররা শনিবার (১ জুন) রাতে ভারতের বিপক্ষে মুখোমুখি হয়েছিল শেষ প্রস্তুতি ম্যাচে।

ভারতের বিপক্ষে গা গরমের এই ম্যাচটি ছিল নিউইয়র্কের নাসাউ কাউন্টি আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে। আর এই শহরটিতেই দলের অভিজ্ঞ ক্রিকেটার সাকিব আল হাসানের বাড়ি। তাই দেশ সেরা এই অলরাউন্ডারের আমন্ত্রণে তার বাসায় যান ক্রিকেটাররা। সেখানেই টাইগারদের আপ্যায়ন করেন সাকিব-শিশির। ইতিমধ্যে সামাজিক যোগাযোগমাধ্যমের কল্যাণে সেই মুহূর্তের কয়েকটি ছবিও প্রকাশ্যে এসেছে। তবে শুধু ক্রিকেটাররা নয়, দলের কোচরাও গিয়েছিলেন সাকিবের বাসায় নৈশভোজে।

গেল পরশু শুক্রবার (৩১ মে) প্রকাশিত হওয়া বিসিবির ধারাবাহিক আয়োজন 'দ্য গ্রিন রেড স্টোরির' পর্বে ছিলেন সাকিব আল হাসান। সেখানে এক প্রশ্ন ছিল 'অনেকেই বলেছেন যুক্তরাষ্ট্র সাকিবের 'সেকেন্ড হোম' (দ্বিতীয় বাড়ি)। হোম অ্যাডভান্টেজ (ঘরের সুবিধা) কি পাবে দল?' জবাবে সাকিবও মেনে নিয়েছিলেন যে যুক্তরাষ্ট্র তার দ্বিতীয় বাড়ি। কেননা দেশটিতে বেশ কয়েক বছর আগেই ঘাঁটি গেড়েছেন সাকিব পুরো পরিবারসহ। যদিও সাকিব ক্রিকেট নিয়ে ব্যস্ত থাকায় বেশির ভাগ সময়ই অবস্থান করেন বাংলাদেশে। তবে তার স্ত্রী ও সন্তনদের বসবাস যুক্তরাষ্ট্রেই। এছাড়া ছুটি পেলে সাকিবও পরিবারের সঙ্গে সময় কাটাতে চলে যান যুক্তরাষ্ট্রেই।

এদিকে এবারের টি-টোয়েন্টি বিশ্বকাপে এক ঝাঁক তরুণ ক্রিকেটার নিয়ে দল সাজিয়েছে টাইগাররা। যদিও গেল এক বছর ধরে এরাই এই ফরম্যাটে নিয়মিত মুখ। আর ফলাফলও আসছিল ভালো। তবে সম্প্রতি দলের পারফরম্যান্স খানিকটা মাথাব্যথার কারণ হয়ে দাঁড়িয়েছে। বিশেষ করে ব্যাটিং ও ফিল্ডিং লাইন আপ। বিশ্বকাপের জন্য দেশ ছাড়ার আগে ঘরের মাটিতে জিম্বাবুয়ের বিপক্ষে ৫ ম্যাচ সিরিজে ৪-১ ব্যবধানে জয় পায় বাংলাদেশ।

তবে ব্যাটারদের পারফরম্যান্স ছিল হতশ্রী। বিষয়টা আরও পরিষ্কার হয় গেল মাসে যুক্তরাষ্ট্রের বিপক্ষে তিন ম্যাচের সিরিজ দিয়ে। স্বাগতিক দেশটির বিপক্ষে কোনো রকম প্রতিরোধই গড়তে পারেনি প্রথম দুই ম্যাচে তাতেই ইতিহাস গড়ে বাংলাদেশের বিপক্ষে সিরিজ জিতে নেয় যুক্তরাষ্ট্র। যদিও শেষ ম্যাচে বাংলাদেশ জয় পেয়েছিল ১০ উইকেটের ব্যবধানে। তাতে খানিকটা আশা দেখালেও ব্যাটাররা আলো ছড়াতে না পারলে শূন্য হাতেই ফিরতে হবে টাইগারদের।

আইসিসির ইতিহাসে এবারই প্রথম ২০ দল নিয়ে বিশ্বকাপ আয়োজিত হয়েছে। আসরটি গড়াবে দুটি দেশের। যুক্তরাষ্ট্র ও ওয়েস্ট ইন্ডিজে। বাংলাদেশ গ্রুপ পর্বের ৪টি ম্যাচ খেলবে দুটি দেশে। প্রথম দুটি ম্যাচ খেলবে যুক্তরাষ্ট্রের ডালাস ও নিউইয়র্কে। যেখানে টাইগারদের প্রতিপক্ষ শক্তিশালী দুই দল শ্রীলঙ্কা ও দক্ষিণ আফ্রিকা। এছাড়া গ্রুপ পর্বের শেষ দুটি ম্যাচ খেলতে ওয়েস্ট ইন্ডিজের সেন্ট ভিনসেন্ট ও ফ্লোরিডায় মাঠে নামবে শান্তরা।

এই দুই ম্যাচেপ্রতিপক্ষ হিসেবে পাবে নেদারল্যান্ডসও নেপালকে। তুলনামূলক কম শক্তির দল হলেও একেবারেই খাটো করে দেখার সুযোগ নাই এদের। কেননা গেল বছর ভারতে ওয়ানডে বিশ্বকাপে বাংলাদেশকে হারিয়েছে নেদারল্যান্ডস। এছাড়া বর্তমান নেপালেরও সামর্থ্য রয়েছে বাংলাদেশকে ভয় ধরানোর। তার সঙ্গে তো রয়েছেই ভ্রমণ ক্লান্তিও। বলতে গেলে এই টুর্নামেন্টের পরের পর্বে যেতে হলে টাইগারদের বেশ চ্যালেঞ্জ পাড়ি দিয়েই যেতে হবে। আর যদি তা করতে পারে শান্তরা। তাহলে এবারের আসরই হবে টাইগারদের সেরা অর্জনের আসর।

# ঘরের মাঠে অস্ট্রেলিয়াকে থামানোর ভাবনা বাংলাদেশের

**স্পোর্টস রিপোর্টার:** রোববার সন্ধ্যায় রাজধানীর ইন্টারকন্টিনেন্টাল হোটেলে জাতীয় দলের ফুটবলাররা রিপোর্ট করেছেন। সবাই ব্যাগ-ব্যাগেজ নিয়ে হোটেলে প্রবেশ করার পরই কোচ হ্যাভিয়ের কাবরেরা রিসিভ করেছেন খেলোয়াড়দের। সঙ্গে ছিলেন সহকারী কোচ হাসান আল মামুন। ২৬ ফুটবলার ক্যাম্পে উঠেছেন। লিগ শেষ করে তারা বিশ্রামে ছিলেন, পরিবারের সঙ্গে কাটিয়েছেন। এখন আবার জাতীয় দলের জন্য ঝাঁপাবেন। অনেক দিন পর আবার বাংলাদেশ দলের ফুটবলাররা ক্যাম্পে হাজির হয়েছেন। এই ফুটবলাররা এখন নতুন চ্যালেঞ্জ নিয়ে মাঠে নামার প্রস্তুতি নিতে শুরু করেছেন রোববার বিকালে। ৬ জুন অস্ট্রেলিয়ার বিপক্ষে বিশ্বকাপ বাছাই এবং



এশিয়ান কাপের বাছাইয়ের ফিরতি ম্যাচ ঢাকায়। কোচের ভাবনা হচ্ছে তার দলে ছয় ফুটবলার হলুদ কার্ড পেয়েছেন।

এর মধ্যে দলের দুই সোহেল রানা একটি করে হলুদ কার্ড পেয়েছেন, বিশ্বনাথ, মাসুক মিয়া জনি দুইটি করে হৃদয় ও সাদ উদ্দিন একটি করে হলুদ কার্ড পেয়েছেন। যাদের দুইটি করে কার্ড রয়েছে তারা ৬ জুন অস্ট্রেলিয়ার বিপক্ষে ম্যাচ পাচ্ছেন না। এই ম্যাচ না পেলেও তারা ১১ জুন কাতারে লেবাননের বিপক্ষে খেলতে পারবেন। আর যাদের একটি করে হলুদ কার্ড রয়েছে তারা অস্ট্রেলিয়ার বিপক্ষে ম্যাচে নামবেন কিন্তু এখানে তাদের নিয়ে সাবধানতা অবলম্বন করতে হবে। কোচ এসব নিয়ে হিসাব করে দেখছেন কী করবেন তিনি। দলে ২৬ জন থাকবেন নাকি এখান থেকে কমিয়ে আনা হবে সেটি এখনো নিশ্চিত না।

তবে বাফুফের সাধারণ সম্পাদক ইমরান হোসেন তুষার জানিয়েছেন, তারা বাফুফে থেকে সবার ভিসার জন্য আবেদন করে রেখেছেন। কারও ভিসা এখনো হাতে পাননি। কোচ যাদের চাইবেন তারা যাবেন কুয়েতে। ২৬ জনের মধ্যে নতুন মুখ মাত্র একজন, মোহামেডান থেকে আসা গোলকিপার সুজন। বাদ পড়েছেন গোলরক্ষক জিকো। তার বাদ পড়ার ব্যাপারে অধিনায়ক জামাল ভুঁইয়াকে প্রশ্ন করা হলে তিনি বিষয়টি এড়িয়ে গিয়ে বলেছেন, 'নো কমেন্টস'।

আর যারা ডাক পেয়েছেন তারা জাতীয় দলে খেলেছেন, কেউ ফিরেছেন। শেখ মোরসালিন ফিরেছেন, সুশান্ত ত্রিপুরা ফিরেছেন। অস্ট্রেলিয়ার বিপক্ষে প্রথম খেলায় ৭ গোলে হেরেছিল বাংলাদেশ। এবার অস্ট্রেলিয়া আসছে ফিরতি ম্যাচ খেলতে। তপু বর্মণ, কাজী তারিকরা অস্ট্রেলিয়াকে জালে আটকাতে পারবে না সেটা সহজেই অনুমেয়। অস্ট্রেলিয়ার বিপক্ষে বাংলাদেশ কতটা ভালো খেলবে সেটাই আসল কথা। তবে ফুটবলারদের আত্মবিশ্বাস নিজেদের মাঠে খেলা হোম অ্যাডভান্টেজ থাকবে।

অস্ট্রেলিয়াকে আটকে রাখার মিশনটা কতখানি সফল হবে, সেটা ভাবছেন কোচ। সেই সঙ্গে নিজেদের খেলাটাও যে খেলতে হবে সেটাও ভুলে যেতে চান না। জয় নয়, ঘরের মাঠে অস্ট্রেলিয়াকে থামানোর ভাবনা ফুটবলারদের। ৬ জুন বসুন্ধরা কিংসের মাঠে বাংলাদেশ-অস্ট্রেলিয়ার খেলা শুরু হবে বিকাল ৪টা ৪৫ মিনিটে।

# চিত্রে পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদের সাথে আওয়ামী লীগ নেতা-কর্মীদের মতবিনিময়















# বিশ্বজুড়ে মৃত্যুদন্ড কার্যকরের ধরন বদলেছে

॥ সোহেল সানি ॥

সর্বোচ্চ ও চরম শাস্তি হলো মৃত্যুদণ্ড। আদিকাল থেকে এ মৃত্যুদণ্ডাদেশের প্রচলন। কার্যকারিতা এখন সোজা হলেও প্রাচীনকালে ছিল নিষ্ঠুর এবং নির্মম। উল্লেখ্য, ১৩ মে বাংলাদেশের হাই কোর্ট ‘মৃত্যুদণ্ডাদেশ চূড়ান্ত হওয়ার আগে আসামিকে কনডেম সেলে রাখা যাবে না’ মর্মে রায় প্রদান করেন। কিন্তু রাষ্ট্রপক্ষের আবেদনের পরিপ্রেক্ষিতে ওই রায় স্থগিত করে আপিল বিভাগের চেম্বার জজ আদালত। এ বিষয়ে আপিল বিভাগের পূর্ণাঙ্গ বেঞ্চে শুনানির জন্য ২৫ আগস্ট দিন ধার্য করা হয়েছে। ফলে বিষয়টি সম্পূর্ণভাবে নির্ভর করছে আপিল বিভাগের রায়ের ওপর। প্রকৃতপক্ষে পৃথিবীজুড়েই মৃত্যুদণ্ড কার্যকারিতার ধরন বদলেছে যুগে যুগে। সেসবের কিছু চিত্র তুলে ধরা হচ্ছে। যেমন একটি মৃত্যুদণ্ড কার্যকর কীভাবে করা হয়েছিল, সেটা বলছি। মাননীয় বিচারক একটি হত্যাজনিত অপরাধের জন্য এক ব্যক্তিকে মৃত্যুদণ্ড প্রদান করলেন। তিনি মৃত্যুদণ্ড কার্যকর করার পদ্ধতিও বাতলে দিলেন। ঐতিহাসিক রায়ে বিচারক আদেশ করলেন, ‘অপরাধীর ডান হাত তপ্ত লৌহদণ্ড দ্বারা এমনভাবে পোড়াতে হবে, যাতে তার হাড় থেকে মাংসপেশি চিমটি দিয়ে টেনে তোলা যায়। অপরাধীর প্রতিটি অঙ্গ থেকে মাংসপেশি এমনভাবে তুলতে হবে যাতে অপরাধী প্রচণ্ড কষ্ট পায় কিন্তু জীবিত থাকে। অধিকন্তু অপরাধীর শরীরকে এমনভাবে ঝলসাতে হবে, যাতে তার শরীর থেকে মাংসপেশি মোমের মতো গলে ঝরে পড়ে। অবশেষে তার হৃৎপিণ্ডে যখন আগুনের আঁচড় লাগবে এবং পুরো শরীর অবশ হয়ে যাবে তখন তার মুণ্ডু কর্তন করতে হবে।’ বিচারকের সেই আদেশ অনুযায়ী অপরাধী ব্যক্তির ওভাবেই দিনের পর দিন চরম নির্যাতনের মুখে মৃত্যুদণ্ড কার্যকর করা হয়। মৃত্যুদণ্ডপ্রাপ্ত ব্যক্তি হচ্ছেন ফ্রান্সের অভিজাত গিরার্ড। আর যে ব্যক্তিকে হত্যা করেছিলেন, সেই ব্যক্তি হলেন উইলিয়াম দ্য অরেঞ্জ। যাকে নেদারল্যান্ডসের ঋধঃযবৎ ড়ভ ঃযব গড়ঃযবৎষধহফ (মাতৃভূমির জনক) বলা হয়, যাঁর নামে জাতীয় সংগীত ঐবঃ ডরষষরধস... ১৫৩৩ সালের ২৪ এপ্রিল জন্মগ্রহণকারী উইলিয়ামকে ১৫৮৪ সালের ১০ জুলাই ডেলফটের বাসভবনে (প্রিন্সেনহপ) ঘাতক গিরার্ড ফ্রান্সের অভিজাত পরিচয়ে সাক্ষাৎ করতে এসে গুলি ছুড়ে হত্যা করে। এটিই বিশ্বের কোনো রাষ্ট্রপ্রধানের প্রথম হত্যা। শেষ নিঃশ্বাস ত্যাগকালে উইলিয়ামের মুখে শেষ শব্দটি ছিল, ‘হে ঈশ্বর এ অভাগা লোকটির প্রতি আপনি সহানুভূতি দেখান, আর আমার আত্মাকে শান্তি দিন।’ মাননীয় বিচারক উইলিয়ামের হত্যাকারীর প্রতি উপরোক্ত অনুকম্পার বিষয়টি আমলে নেননি, বরং নিষ্ঠুর শাস্তি প্রদান করে ইতিহাস রচনা করেছেন। রাশিয়ান জাতির জনক পিটার ১৬৯৮ সালে বিদ্রোহী হয়ে ওঠা ১২০০ বিশ্বাসঘাতকের মৃত্যুদণ্ড কার্যকরও ছিল চরম নির্যাতনমূলক। শুধু তাই নয়, সতর্ক বার্তাস্বরূপ বিশ্বাসঘাতকদের লাশ প্রকাশ্যে টাঙিয়ে রাখা হয়েছিল। স্বাধীন বাংলাদেশের স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধুর হত্যাকারীদেরও ফায়ারিং স্কোয়াডে মৃত্যুদণ্ড কার্যকর করার নির্দেশ দেওয়া হয়েছিল। পরে উচ্চ আদালতের রায়ে প্রচলিত পদ্ধতিতেই মৃত্যুদণ্ড কার্যকর করা হয়। এমনকি জনগণের চরম ঘৃণা ক্রোধ থাকা সত্ত্বেও হত্যাকারীদের কবরস্থ করার সুযোগ দেওয়া হয়।

যা হোক, মৃত্যুদণ্ড হচ্ছে একমাত্র পদ্ধতি যার মাধ্যমে সমাজের অপরাধীদের নিশ্চিহ্ন করা সম্ভব। মৃত্যুদণ্ডের শাস্তি যতটা নিবারণমূলক অন্য কোনো শাস্তি ততটা নয়। বিশ্ববরেণ্য অপরাধ বিজ্ঞানী এধৎড়ভধষড়-এর মতে, মৃত্যুদণ্ড অবলোকনে অন্য ব্যক্তিরা আপনা থেকেই সংশোধিত হয়ে যায়। কারণ মৃত্যুদণ্ড তাদের কাছে যেন এক সমূহ বিপদ সংকেত। যে সংকেত সহজে উপেক্ষীয় নয়। বস্তুত, নির্মম হত্যাকারী মৃত্যুদণ্ড ভোগ করলে বিচারপ্রত্যাশী জনগণ খুশি হয়। তাদের মধ্যে সামাজিক নিরাপত্তাবোধ জাগ্রত করে। মৃত্যুদণ্ডও প্রতিশোধমূলক ব্যবস্থার অন্যতম দৃষ্টান্ত। যদিও প্রতিশোধমূলক নীতি শাস্তির ক্ষেত্রে ক্রমে পরিত্যক্ত হয়ে আসছে, তারপরও এর গুরুত্ব অস্বীকার করা যায় না। কেননা, কোনো ব্যক্তি হত্যা করে যদি কারাগারে কিছুকাল থাকার পর মুক্তি পেয়ে যায় তাহলে ক্ষতিগ্রস্ত পক্ষ তৃপ্ত হয় না, বরং তারা আইন নিজের হাতে তুলে নিয়ে প্রতিশোধ নিতে চায়। তাই মৃত্যুদণ্ড প্রতিশোধমূলক হলেও এর প্রয়োজনীয়তা অনস্বীকার্য।

তাছাড়া মৃত্যুদণ্ড সামাজিক সংহতিকে দৃঢ়তর করে। প্রকৃত অপরাধী মৃত্যুদণ্ড ভোগ করলে সমাজে ঐক্যের বন্ধন সৃষ্টি হয়। ন্যায় ও শান্তি প্রতিষ্ঠার পথ মৃত্যুদণ্ডই কেবল সুগম করতে পারে। মৃত্যুদণ্ড মারাত্মক অপরাধীদের হাত থেকে সমাজকে রক্ষা করে। অপরাধীকে পুনরায় অপরাধ করার সুযোগ দেয় না। সেহেতু সমাজ অপরাধীর কার্যকলাপ থেকে রেহাই পায়। যদিও ইউরোপের ৩৪টির মতো দেশ মৃত্যুদণ্ডের প্রচলন বাতিল করেছে। তারা বলছে, মৃত্যুদণ্ড সুস্থ মস্তিষ্কে স্বত্বঃস্ফূর্তভাবে আরেকটি হত্যাকাণ্ডের নামান্তর। এটা মানবিক মূল্যবোধ ও অনুভূতিকে আঘাত করে। মৃত্যুদণ্ডের নির্মম সাজা মানবীয় মূল্যবোধকে ঘায়েল করে। কিন্তু ইউরোপের বাস্তবতা আর আমাদের সমাজচিত্র এক নয়। এই দেশে মৃত্যুদণ্ডের বিধান আজ বাতিল হলে কাল হত্যার মিছিল বেরোবে। শাস্তির ধরন ও প্রকৃতিও অনেকটা পাল্টে গেছে। যেমন আদিম সমাজে ভয়ংকর শাস্তির মধ্যে ছিল অঙ্গচ্ছেদ। প্রাচীন ভারতেও কেউ চুরি করে ধরা পড়লে তার হাত কেটে দেওয়া হতো। মধ্যপ্রাচ্যে আজও এ আইনের প্রচলন থাকলেও পৃথিবীর অন্য কোনো দেশে নেই। যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্র, ইতালিসহ অনেক দেশে লোহা পুড়িয়ে অপরাধীর গায়ে ছাপ দেওয়ার রীতিই প্রচলিত ছিল। ১৮২৯ সালে নির্মম এ শাস্তি বিলোপ করা হয়। পিলোরি অর্থ কাঠ নির্মিত শাস্তিস্তম্ভ। এর মধ্যে অপরাধীর মাথা ও হাত ঢুকিয়ে আটকে রাখা হতো। ১৮৩৭ সালে এ প্রচলনও বিলুপ্ত করা হয়।

নিঃসঙ্গ কারাবাস : কারাবাসের চেয়ে অধিকতর কষ্টদায়ক শাস্তি হলো নিঃসঙ্গ কারাবাস। এ ধরনের শাস্তির ক্ষেত্রে অপরাধীর সামাজিক জীবনকে সম্পূর্ণভাবে অবদমিত করা হয়।

*লেখক : সহকারী সম্পাদক বাংলাদেশ প্রতিদিন*

---

## ডলাসে ইসলামিক অনুষ্ঠানে

(প্রথম পাতার পর)

সাকিব ও হাসান মাহমুদ।

জানা গেছে, টেক্সাস ষ্টেটের ডালাসে অবস্থিত অ্যালেন মসজিদের নির্মাণ কাজের জন্য তহবিল সংগ্রহের একটি অনুষ্ঠান ছিল। সেখানে অংশ নিয়েছেন তারা। স্থানীয় সময় সন্ধ্যা ৭টায় কোরআন তেলাওয়াতের আয়োজন করে ইসলামী এসোসিয়েশন অব অ্যালেন। এই অনুষ্ঠানের টিকিটের মূল্য ছিল ২০ ডলার। সবমিলিয়ে শতাধিক মানুষ এই অনুষ্ঠানে এসেছেন। এখান থেকে সংগৃহীত অর্থ দেওয়া হয়েছে মসজিদ নির্মাণের জন্য গঠিত তহবিলে। অনুষ্ঠানে যারা এসেছেন তারা ক্রিকেটারদের সঙ্গে ছবি তোলার সুযোগ পেয়েছেন। ধর্মীয় কাজে ক্রিকেটারদের পেয়ে খুশি ছিল আয়োজকরাও।

উল্লেখ্য, আগামী ৮ জুন শ্রীলংকার বিপক্ষে ম্যাচ দিয়ে বিশ্বকাপ মিশন শুরু করবে বাংলাদেশ। এরপর ১০ জুন দক্ষিণ আফ্রিকার বিপক্ষে খেলবে টাইগাররা। এরপর গ্রুপ পর্বের বাকি দুই ম্যাচ খেলতে ক্যারিবিয়ানে যাবে বাংলাদেশ। সেখানে নেদারল্যান্ডস ও নেপালের বিপক্ষে খেলবে তারা।







# ১১ জুলাই ট্রাম্পের ভাগ্যে

(প্রথম পাতার পর)

জল্পনা। শেষ পর্যন্ত প্রেসিডেন্ট হিসেবে কার্যভার গ্রহণ করলে ট্রাম্প নিজেকে ক্ষমা করার ক্ষমতা প্রয়োগ করতে পারেন বলে কিছু আইনি বিশেষজ্ঞ মনে করছেন। বেশির ভাগ বিশেষজ্ঞ ধারণা করছেন, ট্রাম্পকে জরিমানা করা হতে পারে। এই বিচারের ফলাফল ট্রাম্পের কেবল ব্যক্তিগত স্বাধীনতার জন্য নয়, তার রাজনৈতিক ভাগ্যের জন্য গুরুত্বপূর্ণ।

**ট্রাম্প কখন এবং কতটা দন্ডিত হবেন?**

আগামী ১৫ জুলাই আনুষ্ঠানিকভাবে প্রেসিডেন্ট পদপ্রার্থীর নাম ঘোষণা করবে রিপাবলিকান পার্টি। ইতিমধ্যে পদপ্রার্থী হওয়া প্রায় নিশ্চিত করে ফেলেছেন ট্রাম্প। কিন্তু ১১ জুলাই সাজা ঘোষণা হওয়ার পরে তিনি আদৌ নির্বাচনে লড়তে পারবেন কি না, তা নিয়ে সংশয় রয়েছে। ট্রাম্পের বিরুদ্ধে নিউ ইয়র্ক দন্ডবিধির ১৭৫ ধারা অনুযায়ী ব্যবসায়ী রেকর্ড জালিয়াতির একাধিক অপরাধের অভিযোগ আনা হয়েছিল এই মামলায়। ট্রাম্পের বিরুদ্ধে অভিযোগগুলোর প্রতিটি নিউইয়র্কে 'ই' শ্রেণির বা সর্বনিম্ন স্তরের। সেক্ষেত্রে প্রতিটি অপরাধের জন্য সর্বোচ্চ চার বছর করে কারাদন্ডের মুখোমুখি হতে পারেন তিনি। তবে এই অভিযোগগুলোর ক্ষেত্রে বাধ্যতামূলক কারাদন্ডের বিধান নেই। ফলে ট্রাম্পের কারাগারে যাওয়ার সম্ভাবনাও ক্ষীণ।

নিউইয়র্ক আদালতের জুরি বোর্ডের সভাপতিত্বকারী বিচারক জুয়ান মার্চানের পরিচিতি রয়েছে 'অপরাধীদের কঠোর সাজা' দেওয়ার জন্য। তবে আইন বিশেষজ্ঞদের একাংশ বলছেন, এক্ষেত্রে ৭৭ বছরের রিপাবলিকান নেতাকে শুধু জরিমানা দিয়েই ছাড় দিতে পারে আদালত। কারণ, প্রথমত তার বয়স, দ্বিতীয়ত, অপরাধের ধরন 'অহিংস' এবং তৃতীয়ত, এটাই তার প্রথম অপরাধ। তা ছাড়া দেশের সাবেক প্রেসিডেন্ট হিসেবে এক্ষেত্রে ট্রাম্পের প্রতি জুরি 'বাড়তি সহানুভূতি' দেখাতে পারে বলেও মনে করা হচ্ছে। আপিল চলাকালে জামিন নিয়ে ট্রাম্পের মুক্ত জীবন কাটানোর সুযোগ আছে।

আগামী ১১ জুলাই শাস্তি ঘোষণার আগে ট্রাম্প আদালতে তার 'চরিত্রের' বিষয়ে পরিজন ও পরিচিতদের প্রশংসাপত্র পেশের সুযোগও পাবেন। আমেরিকার আইনে এমন প্রশংসাপত্রে শাস্তি লাঘব হওয়ার সুযোগ থাকে। জেলের সাজা হলেও এখনই তা কার্যকর না-ও হতে পারে। আমেরিকার আইন অনুযায়ী, এক্ষেত্রে ম্যানহাটনের রাষ্ট্রীয় আপিল আদালতে আবেদন জানিয়ে স্থগিতাদেশ পেতে পারেন ট্রাম্প। বস্তুত, রায় ঘোষণার পরেই বৃহস্পতিবার ট্রাম্প উচ্চতর আদালতে আবেদনের বার্তাও দিয়ে রেখেছেন। ট্রাম্পের আবেদন সম্পর্কে রায় জানাতে আপিল আদালতের এক বছরেরও বেশি সময় লাগতে পারে বলে আইনজীবীদের একাংশের মত। ততদিনে প্রেসিডেন্ট নির্বাচন হয়ে যাবে।

**প্রেসিডেন্ট নির্বাচন করতে পারবেন ট্রাম্প?**

শেষ পর্যন্ত জেলে যেতে হলেও আমেরিকার প্রেসিডেন্ট নির্বাচনে লড়তে বাধা থাকবে না ট্রাম্পের। কারণ, সে দেশের আইন অনুযায়ী, ফৌজদারি মামলার আসামিও দেশের সর্বোচ্চ পদে প্রতিদ্বন্দ্বিতার উপযুক্ত। ইউনিভার্সিটি অব ক্যালিফোর্নিয়ার আইনের অধ্যাপক রিচার্ড এল. হাচেন বলেন, যুক্তরাষ্ট্রের সংবিধানে এমন কোনো বিধান নেই যে, ফৌজদারি অপরাধে অভিযুক্ত কেউ নির্বাচন করতে পারবেন না। ট্রাম্পের ক্ষেত্রে এর কোনো পরিবর্তন হবে না। তিনি জানান, প্রেসিডেন্ট নির্বাচনের জন্য তিনটি শর্তই প্রধান। এগুলো হচ্ছে- ৩৫ বছর বয়স, আমেরিকার বংশোদ্ভূত এবং ১৪ বছর আমেরিকায় বসবাস করতে হবে।

হ্যাচেন বলেন, ২০২০ সালের প্রেসিডেন্ট নির্বাচনের ফল উলটে দেওয়ার ঘটনায় রাজ্য সরকারও ট্রাম্পকে নির্বাচন থেকে দূরে রাখতে পারবে না। ব্যালটেও রাজ্য সরকার তাকে অযোগ্য করার কোনো ধারা যোগ করতে পারছে না। তবে সাজাপ্রাপ্ত নেতা যদি নির্বাচিত হন, তবে ভোটের পরে কংগ্রেসের দুই কক্ষে তাকে ইমপিচ করার প্রক্রিয়া শুরু করা যেতে পারে। ঘটনাচক্রে ট্রাম্পের সাজা ঘোষণার কয়েক দিন পরই রিপাবলিকান পার্টির জাতীয় সম্মেলন। ঐ সম্মেলনেই তাকে আনুষ্ঠানিকভাবে দলীয় প্রার্থী হিসেবে ঘোষণা করার কথা রয়েছে। রিপাবলিকান নেতৃত্ব সর্বসম্মতভাবে প্রার্থীদের বিরোধিতা করে প্রস্তাব নিলে সমস্যা বাড়তে পারে ট্রাম্পের।

**ট্রাম্প কি ভোট দিতে পারবেন?**

ট্রাম্পের প্রেসিডেন্ট নির্বাচন করার পক্ষেই বেশির ভাগ মতামত এলেও জেল হলে তার নিজের ভোট দেওয়াই শঙ্কার মুখে পড়তে পারে। যুক্তরাষ্ট্রের কিছু কিছু রাজ্যে ফৌজদারি অপরাধে কারাদন্ডিতদের ভোট দেওয়ার বিধান আছে। ট্রাম্প বসবাস করেন ফ্লোরিডায়। সেখানকার বিধানটি হলো, ফৌজদারি অপরাধে দন্ডিত ব্যক্তি সাজার মেয়াদ পূর্ণ করলে বা সব ধরনের অর্থদন্ড পরিশোধ করলে তবেই ভোট দিতে পারবেন। আবার যে রাজ্যে ব্যক্তিকে সাজা দেওয়া হয়েছে, সেই রাজ্যের আইনের প্রতিও সম্মান দেখিয়ে থাকে ফ্লোরিডা। এক্ষেত্রে ট্রাম্পের সাজা হয়েছে নিউ ইয়র্কে। সেখানকার আইন বলছে, ফৌজদারি অপরাধে কারাদন্ডিত অবস্থায় কেউ ভোট দিতে পারবেন না। অর্থাৎ, ট্রাম্পকে যদি এই মামলায় কারাদন্ড দেওয়া হয় এবং নির্বাচনের দিনও যদি তার কারাদন্ডের মেয়াদ শেষ না হয়, তাহলে তার পক্ষে ভোট দেওয়ার সুযোগ থাকবে না। তবে অর্থদন্ড হলে তিনি ভোট দিতে পারবেন।

**অন্য মামলাগুলোর কী অবস্থা**

ট্রাম্পের দোষী সাব্যস্ত হওয়ার প্রভাব তার অন্য তিনটি ফৌজদারি মামলার জন্য সামান্যই। নিউইয়র্কের মামলায় দোষী সাব্যস্ত হওয়ার মধ্যেই সেগুলো চলতে থাকবে। ২০২০ সালের প্রেসিডেন্ট নির্বাচনের ফলাফল উলটে দেওয়া সংক্রান্ত মামলা স্থগিত আছে। কারণ সুপ্রিম কোর্ট তাকে সাবেক প্রেসিডেন্ট হিসেবে দায়মুক্তি দিতে পারে। ফ্লোরিডায় সরকারি গোপন নথির মামলা অনির্দিষ্টকালের জন্য স্থগিত। জর্জিয়ার নির্বাচনী হস্তক্ষেপের মামলাটি আইনি জটিলতায় রয়েছে, যখন ট্রাম্প এবং তার সঙ্গে থাকা অন্য আসামিরা আটলান্টা এরিয়া প্রসিকিউটরকে অযোগ্য ঘোষণা করার চেষ্টা করেন। এই প্রসিকিউটরই অভিযোগ এনেছিলেন। -সিএনএন, রয়টার্স ও ডয়চেভেলে।

# তোমার রবের কোন নিয়ামতকে

(শেষের পাতার পর)

দিয়েছেন,"ফাবি আয়ই আলাই রাব্বিকুমা তুকায্যিবিন।" অর্থাৎ (হে জীন ও মানবজাতি!)"তোমরা তোমাদের রবের কোন কোন নিয়ামতকে অস্বীকার করবে?" এর মধ্যে আরবী 'আলাই' শব্দটি ব্যাপক অর্থবোধক। ৩১ বার ব্যবহৃত শব্দটি কোন কোন জায়গায় নিয়ামত, কোন জায়গায় আল্লাহর অসীম ক্ষমতা, অসীম ক্ষমতার বিস্ময়কর দিকসমূহ অসীম ক্ষমতার পরিপূর্ণতাসমুহ প্রকাশ করা অর্থ প্রকাশ করেছে। কোন জায়গায় গুণাবলী, মহত গুণাবলী এবং পরিপূর্ণ ও মর্যাদা অর্থ প্রকাশ করেছে। স্থান-কাল-পাত্র ভেদে যে অর্থটি যতোপযুক্ত হবে সেটিই লিপিবদ্ধ করতে হবে। কোন কোন জায়গায় শব্দটির কয়েকটি অর্থই একসাথে ব্যবহৃত হয়। আরবী ছাড়া অন্য কোন ভাষায় এরূপ ব্যাপক অর্থবোধক কোন শব্দ নেই। যেমন: সুরা আর রহমানের ১ থেকে ১২ আয়াতে পৃথিবী সৃষ্টি এবং সেখানকার সমস্ত সৃষ্টির রিযিক সরবরাহের সর্বোত্তম ব্যবস্থাপনার উল্লেখ করার পর বলা হয়েছে, তোমরা তোমাদের রবের কোন কোন (আলা-ই) কে অস্বীকার করবে। এক্ষেত্রে (আলা-ই) শব্দটি শুধুমাত্র নিয়ামত অর্থেই ব্যবহৃত হয়নি, বরং মহান আল্লাহর অসীম ক্ষমতার পরিপূর্ণতা এবং তাঁর মহৎ গুণাবলীর অর্থেও ব্যবহৃত হয়েছে।

আল্লাহর তা'আলার অসীম ক্ষমতার পূর্ণাঙ্গ প্রকাশ যে, তিনি এই মাটির পৃথিবীকে এমন বিস্ময়কর পন্থায় তৈরী করেছেন যেখানে অসংখ্য প্রজাতির প্রাণীকুল বাস করে এবং নানা রকমের ফল ও শস্য উৎপন্ন হয়। এটাও তাঁর প্রশংসনীয় গুণ যে, তিনি এসব প্রাণীরকূলকে সৃষ্টি করার সাথে সাথে এখানে তাদের লালন-পালন এবং রিযিক সরবরাহেরও ব্যবস্থা করেছেন। ব্যবস্থাপনাও এমন ব্যাপক ও নিখুঁত যে, তাদের খাদ্য কেবল গুণ ও পুষ্টিই নয়, বরং তার মধ্যে প্রবৃত্তি ও রসনার তৃপ্তিও আছে এবং আছে অগণিত দৃষ্টিলোভা দিক। এক্ষেত্রে আল্লাহ তা'আলার কারিগরী ও নৈপুণ্যের চরম পূর্ণতার একটি মাত্র দিকের প্রতি নমুনা হিসেবে ইংগিত দিয়ে দেখানো হয়েছে হয়েছে কিভাবে খেজুর গাছে পাতলা আবরণে আচ্ছাদিত করে ফল সৃষ্টি করা হয়। এই একটিমাত্র উদাহরণকে সামনে রেখে একটু লক্ষ করুন, কলা, কমলালেবু, নারিকেল এবং অন্যান্য ফলের প্যাকিংয়ে কি রকম নৈপুন্য ও শৈল্পিক কারুকার্যের পরাকাষ্ঠা ও উৎকর্ষতা দেখানো হয়েছে। তাছাড়া নানা রকমের খাদ্য শস্য, ডাল এবং বীজ যা আমরা পরিতুষ্টির সাথে অবলীলাক্রমে রান্না করে খাই তার প্রত্যেকটি উৎকৃষ্ট ও পরিচ্ছন্ন আঁশ ও ছালের আকারে প্যাক করে এবং অতি সূক্ষ্ম আবরণে জড়িয়ে সৃষ্টি করা হয়েছে। সুতরাং এখানে তোমরা তোমাদের রবের কোন কোন নিয়ামতকে অস্বীকার করবে এই অর্থের সাথে সংযুক্ত করতে হবে যে, 'তোমরা তোমাদের রবের কোন কোন অসীম ক্ষমতা ও তাঁর মহৎ গুণাবলী অস্বীকার করবে।

"তোমরা তোমাদের রবের কোন কোন নিয়ামতকে অস্বীকার করবে?" আয়াতটিতে অস্বীকার করার অর্থ আল্লাহ তা'আলার নিয়ামতসমূহ, তাঁর অসীম ক্ষমতার বিস্ময়কর কার্যাবলী এবং মহৎ গুণাবলীর ক্ষেত্রে মানুষের কতিপয় আচরণ নীচে তুলে ধরা হবে। যেমন:

# এসব জিনিসের সৃষ্টিকর্তা যে মহান আল্লাহ, অনেকে তা আদৌ স্বীকার করে না। তাদের ধারণা, এসবই বস্তুর আকস্মিক বিশৃংখলার কিংবা একটা দুর্ঘটনার ফল যার মধ্যে জ্ঞান ও সৃষ্টিশীলতার কোন হাত নেই। এ ধরনের উক্তি একেবারে খোলাখুলি অস্বীকৃতির নামান্তর।

# কিছু সংখ্যক লোক এ কথা স্বীকার করে যে, এসব জিনিসের সৃষ্টিকর্তা, আল্লাহ। তবে তারা এর সাথে সাথে অন্যদেরকেও আল্লাহর ক্ষমতায় শরীক মনে করে, তাঁর নিয়ামতের কৃতজ্ঞতা প্রকাশ করে অন্যদের কাছে এবং তাঁর দেয়া রিযিক খেয়ে অন্যের গুণ গায়। এটা অস্বীকৃতির আরেকটি রূপ। কোন লোক যখন স্বীকার করে যে, আপনি তার প্রতি অমুক অনুগ্রহ করেছেন এবং তখনি আপনার সামনেই সেজন্য অন্য কোন লোকের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করতে শুরু করে-অথচ প্রকৃত পক্ষে সে তার প্রতি আদৌ অনুগ্রহ করেনি-তাহলে আপনি নিজেই বলবেন যে, সে আপনাকে নয় বরং সেই ব্যক্তিকেই অনুগ্রহকারী স্বীকার করে যায় যার প্রতি সে কৃতজ্ঞতা প্রকাশ করছে। সে আসলে অকৃতজ্ঞ বিশ্বাসঘাতক মুশরিক।

# আরো কিছু লোক আছে যারা আল্লাহকেই সমস্ত জিনিসের সৃষ্টিকর্তা স্বীকার করে, কিন্তু তাদেরকে নিজেদের সৃষ্টি ও পালনকর্তার আদেশ নিষেধের আনুগত্য এবং তাঁর হিদায়াতসমুহের অনুসরণ করতে হবে তা মানে না। এটা অকৃতজ্ঞতা ও নিয়ামত অস্বীকার করার আরো একটি রূপ। কারণ, যে ব্যক্তি এরূপ আচরণ করে সে নিয়ামতসমূহ স্বীকার করা সত্ত্বেও নিয়ামত দাতার অধিকারকে অস্বীকার করে। আল্লাহর দেয়া নিয়ামত খায় কিন্তু সেই দাতার আদেশ-নিষেধের কোন পরোয়া সে করে না।

# আরো এক শ্রেনীর মানুষ মুখে নিয়ামতকে অস্বীকার করে না কিংবা নিয়ামত দানকারীর অধিকারকেও অস্বীকার করে না। কিন্তু কার্যত তাদের এবং একজন অস্বীকৃতি জ্ঞাপনকারী ও মিথ্যানুসারীর জীবনে উল্লেখযোগ্য কোন পার্থক্য থাকে না। এটা মৌখিক অস্বীকৃতি নয়, কার্যত অস্বীকৃতি।

আল্লাহ তা'আলা বলেন,"পৃথিবী ও আকাশ ম-লে যা-ই আছে সবাই তাঁর কাছে নিজের প্রয়োজন প্রার্থনা করছে। প্রতি মহুর্তে তিনি নতুন নতুন কর্মকা- ব্যস্ত। তোমরা তোমাদের রবের কোন কোন মহৎ গুণাবলী অস্বীকার করবে?"(সুরা আর রহমান:২৯-৩০) অর্থাৎ মহাবিশ্বের এ কর্মক্ষেত্রে প্রতি মুহুর্তে তাঁরই কর্মতৎপরতার এক সীমাহীন ধারাবাহিকতা চলছে। কাউকে তিনি মারছেন আবার কাউকে রোগাক্রান্ত করেছেন। কারো উত্থান ঘটাচ্ছেন আবার কারো পতন ঘটাচ্ছেন, কাউকে আরোগ্য দান করছেন আবার কাউকে রোগাক্রান্ত করেছেন, কাউকে ডুবন্ত অবস্থা থেকে উদ্ধার করেছেন আবার সাতার কাটা কাউকে নিমজ্জিত করেছেন। সীমা সংখ্যাহীন সৃষ্টিকে নানাভাবে রিযিক দান করছেন। অসংখ্য বস্তুকে নতুন নতুন স্টাইল, আকার-আকৃতি ও গুণ-বৈশিষ্ট্য দিয়ে সৃষ্টি করেছেন। তাঁর পৃথিবী কখনো এক অবস্থায় থাকে না। তাঁর পরিবেশে ও অবস্থা প্রতি মুহুর্তে পরিবর্তিত হতে থাকে এবং তার স্রষ্টা তাকে প্রতিবারই একটি নতুন রূপে সজ্জিত করেন যা পূর্বের সব আকার-আকৃতি থেকে ভিন্ন।

গত কয়েক বৎসর সারা পৃথিবীকে নাড়া দিয়ে গেছে বৈশ্বিক মহামারী করোনা। এই মহামারীর প্রাক্কালে পৃথিবীর হাসপাতালগুলো কত লিটার অক্সিজেন ব্যবহার করেছে এবং তার বাজার মূল্য কত তার হিসাব কেউ করেনি। কিন্তু এর বাইরে একজন সুস্থ ব্যক্তি বিনামুল্যে আল্লাহর প্রকৃতি থেকে দৈনিক কত লিটার অক্সিজেন ব্যবহার করছেন, তা একটি অনলাইন মিডিয়া থেকে জানা যায়। 'স্বাভাবিক শ্বাস-প্রশ্বাসের হার হলো, ১৫-২০/মিনিট গড়ে ১৮টি শ্বাস/মিনিটে নিচ্ছে। প্রতিটি শ্বাস জোয়ারের ক্ষমতা হিসাব প্রায় ৫০০ মিলি। একজন প্রাপ্ত বয়স্ক প্রতিটি শ্বাসে প্রায় ৫০০ মিলি বাতাস শ্বাস নেয় এবং বের করে। এর মানে একজন প্রাপ্ত বয়স্ক ব্যক্তি প্রতি মিনিটে নেয়া বায়ুম-লীয় বাতাসে ২১% অক্সিজেন থাকে, যার অর্থ প্রতি মিনিটে আমরা প্রায় ৯০০০*২১/১০০ মিলি অক্সিজেন শ্বাস নিই যা প্রতি মিনিটে প্রায় ১৮৯০ মিলি অক্সিজেন। সুতরাং এটি প্রায় ১৮৯০*৬০*২৪ মিলি বা ২৭২১৬০০ মিলি বা ২৭২১ লিটার প্রতিদিন। অবশ্য আমরা সেলুলার শ্বাস-প্রশ্বাসের জন্য বাতাসে অক্সিজেনের প্রায় ৭% ব্যবহার করি যা প্রায় ৯৫৯ লিটার/দিন। বাংলাদেশে ২০ হাজার লিটার সিলিন্ডারের বাজার মূল্য ১৮০০০ থেকে ২২০০০ হয়ে থাকে। একজন মানুষ যদি কমপক্ষে দৈনিক ৯০০ লিটার অক্সিজেনও গ্রহণ করেন যার মূল্য মাসে ৯০০*৩০*৮০০=২১৬,০০,০০০/= টাকার অক্সিজেন গ্রহণ করেন। যেহেতু এটি ছাড়া মানুষের পক্ষে এক মুহুর্তও বেঁচে থাকা সম্ভব নয় সেহেতু এটি যদি ভাত-মাছের মতো ক্রয় করে গ্রহণ করতে হতো, তাহলে অবস্থা কি দাঁড়াতো? এই উদাহরণটি আল্লাহর অসংখ্য নিয়ামতের একটিমাত্র। সুতরাং 'তোমরা তোমদের রবের কোন কোন নিয়ামতকে অস্বীকার করবে?"

যেসব মানুষ আল্লাহ তা'আলার জন্য সারা জীবন পৃথিবীতে নিজেদের প্রবৃত্তির ওপর বিধি নিষেধ ও নিয়ন্ত্রণ আরোপ করে রাখে, হারাম থেকে আত্মরক্ষা করে হালালের ওপর সন্তুষ্ট থাকে, ফরযকে ফরয মনে করে নিজের দায়িত্ব ও কর্তব্য পালন করে, ন্যায় ও সত্যকে ন্যায় ও সত্য মনে কওে, হকদারের হক সমূহ আদায় করে এবং সর্বপ্রকার দু:খ-কষ্ট বরদাশত করে অন্যায় ও অকল্যাণের বিরুদ্ধে ন্যায় ও কল্যাণকে সমর্থন করে। তারাই তাদের রবের কোন নিয়ামতকেই অস্বীকার করে না। তাদের সম্পর্কে আল্লাহ তা'আলা বলেন,"সদাচারের প্রতিদান সদাচার ছাড়া আর কি হতে পারে?"(সুরা আর রাহমান:৬০)

যারা আল্লাহর নিয়ামত, অসীম ক্ষমতাকে অস্বীকার করে তারা মূলত: আল্লাহ তা'আলার বহুসংখ্যক উত্তম গুণাবলীকে অস্বীকার করে। তারা আল্লাহকে মানলেও তাঁর সম্পর্কে খারাপ ধারণা পোষন করে। তারা আল্লাহর জান্নাত ও সেখানকার পুরস্কার ও প্রতিদানকেও অস্বীকার করে। এরা পশু বরং পশুর চেয়েও অধম।

হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন। আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

কানাডাকে ৭ উইকেটের বড় ব্যবধানে হারিয়ে শুভসূচনা করেছে স্বাগতিকরা। রোববার (২ জুন) ডলাসে টস জিতে কানাডাকে ব্যাটিংয়ে পাঠায় যুক্তরাষ্ট্র। প্রথমে ব্যাট করতে নেমে নাভনিত ঢালিওয়াল ও অ্যারন জনসনের ফিফটিতে ২০ ওভারে ৫ উইকেট হারিয়ে ১৯৪ রান সংগ্রহ করে কানাডা। নাভনিত ৪৪ বলে ৬১ ও ক্রিস্টন ৩১ বলে ৫১ রান করেন। এছাড়া ১৬ বলে ৩২ রানে অপরাজিত থাকেন শ্রেয়াস।

১৯৫ রানের বড় লক্ষ্য তাড়া করতে নেমে শুরুটা ভালো হয়নি যুক্তরাষ্ট্রের। স্কোরবোর্ডে রান যোগ করার আগেই সাজঘরে ফিরে যান ওপেনার স্টিভেন টেইলর। এরপর অ্যান্ড্রিস গউস ও অধিনায়ক মোনাঙ্ক প্যাটেল মিলে ৪২ রানের জুটি গড়ে শুরুর ধাক্কা সামাল দেন। ১৬ বলে ১৬ রান করে আউট হন মোনাঙ্ক। তার বিদায়ের পর ক্রিজে আসা অ্যারন জন্সকে সঙ্গে নিয়ে মারমুখী ব্যাটিং করতে থাকেন গউস।

আগ্রাসী ব্যাটিংয়ে ফিফটি তুলে নেন এই দুই ব্যাটার। ১৩১ রানের জুটি গড়েন তারা। দলীয় ১৭৩ রানে ৪৬ বলে ৬৫ রান করে সাজঘরে ফিরে যান গউস। তবে অ্যারন জন্সের হার না মানা ৪০ বলে ৯৪ রানের ঝড়ো ইনিংসে ভর করে ১৪ বলে হাতে রেখে ৭ উইকেটের জয় পায় যুক্তরাষ্ট্র।
)

## অফিসে বসেই যেভাবে ওজন কমাবেন

(শেষের পাতার পর)

হয়। একটানা কাজ করলে শরীরের ওজন বেড়ে যায়। প্রতিদিন আট-নয় ঘণ্টা এক জায়গায় বসে থাকলে শরীর প্রয়োজনীয় ক্যালরি বার্ন করতে পারে না। ওজন কমাতে অনেকে আবার জিমে যাওয়ার, ডায়েট করার পরিকল্পনা করেন। কিন্তু ঘুরেফিরে সেই ব্যস্ততা আর কাজের জন্য পরিকল্পনা অনুযায়ী কিছুই হয় না।

অফিসে থেকেও শরীরের অতিরিক্ত চর্বি ঝরিয়ে ফেলা যায়। এজন্য আপনাকে আলাদা করে সময় বের করতে হবে না। কাজ করতে করতেই সহজে কয়েকটি উপায়ে আপনি ওজন কমাতে পারবেন। চলুন জেনে নেই অফিসে বসেই ওজন কমানোর উপায়:

কাজের মধ্যে বিরতি নিন। এক জায়গায় বসে একটানা কাজ করে যাওয়ার অভ্যাস একেবারেই ভালো নয়। মাঝে মাঝে এক দু'বার নিজের চেয়ার ছেড়ে উঠে দাঁoান। স্ট্রেচিং করতে পারেন। দু'-এক পা হেঁটে আসতে পারেন। এতে শরীরের রক্ত চলাচলও ভাল হবে। এতে কাজেও একাগ্রতা বাড়বে।

কাজ করতে করতে অনেকেই পানি খেতে ভুলে যান। পানির পরিমাণ কমে গেলে ওজন বাড়তে থাকে। বেশি করে পানি পান করুন। দীর্ঘ সময় এক জায়গায় বসে থাকলে শুধু চর্বি বাড়ে তা নয় হজমেরও সমস্যা হq। এতে করে আপনার হজমের সমস্যাও যেমন দূর হবে তেমনি ক্যালোরি বার্ন সাহায্য করবে। পটাসিয়াম সমৃদ্ধ খাদ্য বেশি বেশি করে খান। এতে ক্যালোরি বার্ন করার পরিমাণ বাড়বে। অ্যাভোকাডো, নারকেলের পানি এসবে পটাসিয়ামের মাত্রা বেশি থাকে।

নাস্তায় সুষম খাবার খাওয়ার চেষ্টা করুন। বেশি ক্যালোরি যুক্ত খাবার খাওয়া ঠিক নয়। বিশেষ ভাবে যে সব খাবারে সুগার বেশি সেসব খাবারও এড়িয়ে চলুন আপনার তালিকা থেকে। চকোলেট জাতীয় খাবার বা আইসক্রিম খাবেন না।

লিফ্ ট ব্যবহার করে ওঠানামা করলে সময় বাঁচে। তবে ওজন নিয়ন্ত্রণে রাখতে সিঁড়ি দিয়েও চলাফেরা করতে পারলে ভালো। সিঁড়ি ভাঙা হলো শরীরচর্চার অত্যন্ত কার্যকরী একটি ধাপ। ওজন নিয়ে সচেতন হলে লিফটের বদলে সিঁড়ি ব্যবহার করুন।

এছাড়াও, কাজের মধ্যে বন্ধু বা বাড়ির মানুষের ফোন আসতেই পারে। কাজের ফাঁকে কাছের মানুষের কথা বললে মনটাও বেশ ভাল লাগে। তবে শরীরের যত্ন নিতে চেয়ারে বসেই ফোনে কথা না বলে, হাঁটতে হাঁটতে গল্প করতে পারেন। তা হলে একসঙ্গে মন এবং শরীরেও যত্ন নেওয়া হয়ে যায়।

পা মেঝে থেকে সামান্য ওপরে তুলে রাখুন। এখন দুই পায়ের পাতাকে ওপর দিকে করে নিজের শরীরের দিকে টেনে ধরুন অন্তত ১০ সেকেন্ড। এখন ছেড়ে দিয়ে ঠিক বিপরীত দিকে অর্থাৎ শরীরের বাইরের দিকে ঠেলে দিন পায়ের পাতাকে। এই ভাবে আরো দশ সেকেন্ড রাখুন। এই ব্যায়ামে আপনার ক্যালোরিও বার্ন হবে আবার পায়ের ব্যথাও কম হবে।

## বাবার মতো পর্দা কাঁপাতে আসছেন

(শেষের পাতার পর)

সিয়াম ইলতিমাস। দেশের একটি সংবাদমাধ্যমকে বিষয়টি নিশ্চিত করেছেন সিয়াম নিজেই। বাবা সুপারস্টার হলেও সিয়াম নিজেকে রেখেছিলেন লাইমলাইটের বাইরে।

মান্নাভক্তরা এত দিন রূপালি পর্দায় সিয়ামকে দেখতে চাইলেও নিজেকে পর্দায় হাজির করেননি সিয়াম; ব্যস্ত ছিলেন পড়াশোনা নিয়ে। তবে এবার পড়াশোনা শেষ হতেই দেশে ফেরার প্রস্তুতি নিয়েছেন তিনি। বাবার মতো নায়করূপেই পর্দায় আসতে চান সিয়াম। তবে মান্নাভক্তদের স্বপ্ন পূরণ করে কবে রূপালি পর্দায় ধরা দেবেন সিয়াম, এ বিষয়ে এখনই কিছু বলতে নারাজ তিনি।

এ প্রসঙ্গে সিয়াম বলেন, 'অনেক বছর ধরেই চলচ্চিত্রপ্রেমীরা আমাকে নায়ক হওয়ার জন্য নানাভাবে অনুরোধ করে আসছিলেন। তাদের জন্যই চলচ্চিত্রে অভিনয় করতে যাচ্ছি।'

সিয়াম আরো বলেন, 'বাবা দেশের নাম্বার ওয়ান তারকা ছিলেন। তার ছেলে হিসেবে আমিও নাম্বার ওয়ান হয়েই চলচ্চিত্রে কাজ করব। আমি পড়াশোনার পাশাপাশি অভিনয়টাও শিখেছি। নিজের অভিনয়ের স্কিলটা বেশ ভালোভাবেই রপ্ত করেছি। নিজেকে তৈরি করছি। এ মুহূর্তে সিনেমার নাম ও নির্মাতার নাম বলতে চাচ্ছি না। তবে চলতি বছরেই দর্শকরা সে প্রশ্নের উত্তর জানতে পারবেন।'

মান্নাপুত্র সিয়াম সিনেমা নির্মাণ নিয়ে পড়াশোনা করেছেন যুক্তরাষ্ট্রে। তাই নির্মাণের দিকেই বেশি আগ্রহ তার। তবে ভক্তদের ইচ্ছার কথা চিন্তা করে অভিনয়জীবনে প্রবেশ করতে চলেছেন তিনি। সিয়াম চান রূপালি পর্দায় তার অভিষেক হোক সুপারস্টারের মতোই।

## নিউইয়র্কে সেকশন-৮

(শেষের পাতার পর)

ইস্যু করা হবে। বর্তমানে ১ লক্ষ পরিবার সেকশন ৮ ভাউচার ব্যবহার করছে। নতুন ভাউচারে সিটির ২ লাখ পরিবার এই ভাউচারের অন্তর্ভুক্ত হবে বলে জানান কর্মকর্তারা।

এদিকে সেকশন-৮ বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে রোববার বিকেল জ্যাকসন হাইটসের মামাস পার্টি হলে এক কর্মশালা অনুষ্ঠিত হয়।

বৈরি আবহাওয়া থেকে নিউইয়র্ককে রক্ষা করতে নতুন পরিকল্পনার ঘোষণা

এদিকে বৈরি আবহাওয়া থেকে নিউইয়র্কের বাসিন্দাদের রক্ষা করতে একটি নতুন সক্রিয় নিরাপত্তার পরিকল্পনা ঘোষণা করা হয়েছে। বৃহস্পতিবার মেয়র এরিক অ্যাডামস এবং সিটি কর্মকর্তারা এক সংবাদসম্মেলনে নতুন পরিকল্পনাটি ঘোষণা করেন। মেয়র বলেন, আসন্ন গ্রীষ্মের গরম থেকে বাসিন্দাদের রক্ষা করতে সিটিতে কুলিং সেন্টার প্রসারিত করা হচ্ছে। সিটির দুর্বল জনগন, গনপরিবহন এবং হাসপাতালগুলোতে বায়ু মানের জরুরি নির্দেশিকাগুলোকে নতুন প্রযুক্তি এবং মনিটরিং সিস্টেম দিয়ে আপডেট করা হয়েছে। নাগরিকরা টুয়েন্টি ফোর সেভেন কুলিং অপশন ম্যাপের মাধ্যমে কুলিং সেন্টার গুলোর বিস্তারিত সকল আপডেট পেয়ে যাবে। গত গ্রীষ্মে নিউইয়র্কে রেকর্ড সর্বোচ্চ গরম পড়েছে। দেশে অন্যান্য প্রাকৃতিক দুর্যোগের চেয়ে তীব্র গরম এবং তাপপ্রবাহে সবচেয়ে বেশি মানুষ মারা যায়। এছাড়া বৃষ্টি বা হারিকেন মৌসুমি সিটির বন্যাপ্রবণ এলাকা এবং ট্রানজিট সিস্টেম এড়াতে পদক্ষেপ নেওয়া হচ্ছে বলেও জানান তারা।

# বাসা ভাড়া

**বেসমেন্ট ভাড়াঃ** উডহ্যাভেনের ৭৬ স্ট্রীট এর জে ট্রেন-এর কাছে একটি বেসমেন্ট ভাড়া হবে শুধুমাত্র ২জন এডাল্ট এর কাছে। যোগাযোগ: ৬৪৬-৩৯৯-৭৮৯৪ অথবা ৬৪৬-৩৮৬-৬৪৬৩
মে-২৭

**House for rent:** Lovely 2 bed apartment, ( 1st Fl of a private house ) with large kitchen, bathroom, hard wood floors, close to public transportation, shops, and house of worship (Masjid) & with one car shared driveway. Located in the great neighborhood of Saint Albans Queens Everything is included. Tenant pays for electricity only. Rent is $2,300 a month, available from May. For more information and viewing please Text or Voice message . Ejaz Khan @ 917.523.2249

**বেসমেন্ট ভাড়াঃ** নিউহাইডপার্কে এক বেডরুমের বেসমেন্ট বাসা ব্যাচেলার/স্বামী-স্ত্রীর নিকট ভাড়া দেয়া হবে। যোগাযোগঃ ৩৪৭-৫৯২-৩১৩৯ (বিকেল ৫টার পর)।
এ-১৫

**বাসা ভাড়াঃ** জ্যামাইকার হিলসাইড এভিনিউ এবং এফ ট্রেন সাবওয়ের কাছে ১৮৬ স্ট্রীট এবং ৯০ এভিনিউতে ১ম তলা (২ বেডরুম, লিভিং রুম, বাথ-কিচেন) ১লা মে হতে ভাড়া হবে। যোগাযোগঃ ৬৪৬-২৬১-৩০৪০ অথবা ৬৪৬-২৬১-৩০৩৯.
এ-১৫

**বাসা ভাড়াঃ** জ্যামাইকার ১৬৭ স্ট্রীট ও ১০৯ রোডে তিন বেডরুম, দুই বাথরুম, রান্নাঘর এবং লিভিং-এর বাসা পহেলা মে থেকে ভাড়া হবে। স্কুল, মসজিদ, ই, এফ, জে, জেড সাবওয়ে ট্রেন এবং কিউ-৪, কিউ-৫, কিউ-৮৪, কিউ-৮৫, এন-২২ বাস কাছাকাছি। যোগাযোগঃ ৯১৭-৩৯২-৯০৮৫
এ-১৫

**বাসা ভাড়াঃ** জ্যামাইকার ১৮৪ প্লেস ও ৯০ এভিনিউ হলিস-এ ফুল রেনোভেটেড সেমি বেসমেন্ট ২জন ব্যাচেলরের কাছে ভাড়া হবে। পৃথক প্রবেশদ্বার। যোগাযোগঃ ৬৪৬-৬৩৭-৪০৭৯. এ-১৫

**বাসা ভাড়াঃ** কুইন্স এর এলমহাস্ট হাস-পাতালের সাথে একটি বাসা তিনজন ব্যাচেলার কাছে ভাড়া দেওয়া হবে। যোগাযোগ: ৯২৯-৪৬২-৯৭৩১
এ-১৫

**বাসা ভাড়াঃ** জ্যামাইকার ১৭৭ ষ্ট্রীট ও ১০৬ এভিনিউতে তিন বেডরুম, লিভিং রুম, বাথরুম, কিচেন-এর বাসা পহেলা মে হতে ভাড়া হবে। এফ ট্রেন সাবওয়ে ১২ মিনিটের দূরত্বে। কিউ ৪২, কিউ ৮৩ বাস ও মসজিদ বাসার পাশে। যোগাযোগঃ ৯২৯-৩২৮-৯৭০১ অথবা ৩৪৭-৫৮৯-৩২৮৬.
এ-১৫

**বাসা ভাড়াঃ** জ্যামাইকার ই, জে সাবওয়ে ট্রেন-এর কাছাকাছি ১০৮ এভিনিউ ও ১৬৪ স্ট্রীটে ২ বেডরুম বিশিষ্ট বড় লিভিং রুম ১ম তলার বাসা ভাড়া হবে। মাত্র এক ব্লকের মধ্যে সুপারমার্কেট, লন্ড্রি মার্ট এবং বাস স্টপ রয়েছে। যোগাযোগঃ ৯১৭-৭৭৪-৮০২১ অথবা ৬৪৬-৬৭৫-৪৭২৮
এ-১৫

**বাসা ভাড়াঃ** ৯০ স্ট্রীট ৩৪ এভিনিউতে দুই বেডরুম এপার্টমেন্টের হিন্দু ফ্যামিলির বাসার এক রুম ভাড়া দেয়া হবে। স্বামী-স্ত্রী বা ছোট ফ্যামিলি। যোগাযোগঃ ৬৪৬-৯৬১-৫৪১০ অথবা ৯১৭-৭৯২-৯১১০.
এ-১৫

**বাসা ভাড়াঃ** এলমহার্স্ট-এর ৮২-১৫ ব্রিটন এভিনিউ ঠিকানায় বাথরুমসহ দুই রুমের বাসা স্বামী-স্ত্রী অথবা মা-মেয়ের কাছে ২০ এপ্রিল থেকে ভাড়া হবে। দুই সিনিটের দূরুত্বে এম ও আর ট্রেন এবং কিউ ৫৩ বাস। যোগাযোগঃ ৬৪৬-৯৩২-৪৬২৯ অথবা ৬৪৬-৩৮৭-৪৯৭০। এ-১৫

**বাসা ভাড়াঃ** লং আইল্যান্ডের ইস্ট মেডোতে মনোরম এবং নিরিবিলি পরিবেশে লং আইল্যান্ড মুসলিম সোসাইটি (এলআইএমএস) মসজিদ সংলগ্ন একটি প্রাইভেট বাসার ২য় তলায় ২ বেডরুমের একটি বাসা ভাড়া দেওয়া হবে। সকল শপিং মল, হাসপাতাল, স্কুল, হালাল গ্রোসারী ও হালাল রেস্টুরেন্ট বাসা হতে ২ থেকে ৩ মিনিটের ড্রাইভ। যোগাযোগ: ৬৪৬-৪৭৪-৪৮৫৯
এ-১৫

# রুমমেট

**রুমমেট আবশ্যক:** এপার্টমেন্টে থাকার জন্য রুমমেট চাই। সাবওয়ে ও গ্রোসারী স্টোর কাছাকাছি। যোগাযোগ: ৯২৯-৫৮৬-১৪৫০
এ-১৫

**রুম ভাড়া এবং রুমমেট আবশ্যক ঃ** নিউ-ইয়র্ক সিটির ইস্ট এলমাস্টের নর্দান বুলেভার্ড এলাকায় ৩১ এবং ৩২ এভিনিউর মাঝে ৮১ স্টিটের উপরে এক তলায় রুম ভাড়া দেওয়া হবে এবং রুমমেট আবশ্যক। যোগাযোগ: ৯১৭-৩০১-২০৬৩
মে-২৭

**রুমমেট চাইঃ** রুম শেয়ার করে থাকার জন্য অধূমপায়ী নামাজি রুমমেট আবশ্যক। স্টুডেন্ট হলে ভাল। ১লা জুলাই থেকে, আগেও যোগাযোগ করতে পারেন। ৮৭-৮৭ ১৪৪ স্ট্রীট, হিলসাইড এভিনিউ, জ্যামাইকা, নিউইয়র্ক। **কিবরিয়া চৌধুরী ৯২৯-৭৫৫-২৯০৬।**

## পাত্রী চাই

৫৫ বছর, ডিভোর্স, সিটিজেন, সুদর্শন ডাক্তার-পাত্রের জন্যে ঘটক অথবা সরাসরি যোগাযোগ করুন।
**ফোনঃ ৮৫০-৮৬৬-৯০১২**
email:
PATRICHAI1234567@GMAIL.COM
hmurshedmd@gmail.com
y-24

দালাল দ্বারা প্রতারিত হবেন কেন?
বাফেলোতে বাড়ি কেনা-বেচায়



নতু ন প্রজন্মের বিশ্বস্ত লাইসেন্সড সেলস পার্সন
রাফি সাফওয়ান
ঝামেলামু ক্ত সহযোগিতা দিচ্ছে
সিদ্ধান্ত নেয়ার পূ র্বে যোগাযোগ করুন :
267-992-3201
Park Realty
of Western New York
155 Summer St
Buffalo, NY 14222

## আ. লীগের নেতা-কর্মীরা ঐক্যবদ্ধ

(শেষের পাতার পর)

আমাদেরকে হিসাব করে নৌকায় যাত্রী উঠাতে হয়। কারণ বেশি যাত্রী উঠলে নৌকা ডুবে যেতে পারে এটাও স্মরণ রাখতে হবে। তিনি আরো বলেন, দেশ-বিদেশে আওয়ামী লীগের নেতা-কর্মীরা ঐক্যবদ্ধ থাকলে শেখ হাসিনাও ক্ষমতায় থাকবেন। তিনি না চাইলে তাঁকে কেউ ক্ষমতাচ্যুত করতে পারবে না। ড. হাছান মাহমুদ প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্মার্ট বাংলাদেশ বাস্তবায়নে প্রবাসীদের সহযোগিতাও কামনা করেন।

নিউইয়র্ক ষ্টেট আওয়ামী লীগের ব্যানারে গত ৩০ মে বৃহস্পতিবার সন্ধ্যায় নিউইয়র্কের উডসাইডস্থ গুলশান টেরেসে আয়োজিক এক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে ড. হাছান মাহমুদ উপরোক্তকথা বলেন। নিউইয়র্ক ষ্টেট আওয়ামী লীগের সভাপতি মজিবুর রহমান মিয়ার সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক শাহীন আজমলের সঞ্চালনায় সভায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি ড. সিদ্দিকুর রহমান, সাধারণ সম্পাদক আবদুস সামাদ আজাদ, সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক নিজাম চৌধুরী, সহ সভাপতি এম ফজলুর রহমান, নিউইয়র্ক মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমদাদ চৌধুরী প্রমুখ।

সভায় জাতিসংঘে ওয়াশিংটন ডিসির বাংলাদেশ দূতাবাস মোহাম্মদ ইমরান, বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত মুহাম্মদ আবদুল মুহিত, নিউইয়র্কের কনসাল জেনারেল মোহাম্মদ নাজমুল হুদা, ডেপুটি কনসাল জেনারেল এস এম নাজমুল হাসান সহ বাংলাদেশের স্থায়ী মিশন, দূতাবাস, কনস্যুলেটের কর্মকর্তা-কর্মচারী এবং নিউইয়র্ক, কানেকটিকাট, নিউজার্সী, পেনসিনভানিয়া, নিউ ইংল্যান্ড, ওয়াশিংটন মেট্রো স্টেট আওয়ামী লীগ ও দলে অঙ্গ ও সহযোগী সংগঠনের বিপুল সংখ্যক নেতাকর্মী উপস্থিত ছিলেন।

পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ আরও বলেন, গত নির্বাচনের পর বিশ্ব সম্প্রদায় নতুন সরকারকে কী বলে বিএনপিসহ তাদের মিত্ররা চাতক পাখির মতো তাকিয়ে ছিল। এ পর্যন্ত ৮০টি দেশের রাষ্ট্র ও সরকার প্রধান প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছে। এটা দেখে বিএনপি আর কোন কথা বলেন না।

তিনি বলেন আমার ঠিকানা সরকার না, আমার ঠিকানা হল দল। আর বিএনপির বিএনপির ঠিকানা কই? তাদের ঠিকানা নয়া পল্টন, আর রাতে বিভিন্ন অ্যাম্বেসি। দেশের মানুষের সাথে তাদের কোনো দেন-দরবার নেই। ক্ষমতার মালিক কোনো বিদেশি রাষ্ট্র নয়, কিংবা বিদেশি রাষ্ট্রদূতরা নয়। দেশের জনগণই ক্ষমতার মালিক বলে উল্লেখ করেন তিনি।

পররাষ্ট্রমন্ত্রী বলেন, যুক্তরাষ্ট্রসহ বিদেশে বসে বিএনপি-জামাতের এজেন্টরা দেশ ও সরকারের বিরুদ্ধে অব্যাহত ষড়যন্ত্র চালাচ্ছেন। তদের এসব ষড়যন্ত্র রুখে দিতে হবে। এসব ষড়যন্ত্রের জবাব দিতে আওয়ামীলীগের নেতাকর্মীদের যুক্তরাষ্ট্রের সিনেটর, স্টেট সিনেটরসহ আইন প্রণেতাদের সঙ্গে যোগাযোগ বাড়ানোর পরামর্শ দেন তিনি। প্রয়োজনে পাল্টা এজেন্ট নিয়োগ করে যুক্তরাষ্ট্রের আইন প্রণেতাদের কাছে শেখ হাসিনার সরকারের ১৫ বছরের কর্মকান্ডসহ দেশের উন্নয়নের চিত্র তুলে ধরারও আহবান জানান পররাষ্ট্রমন্ত্রী।

ড. হাছান মাহমুদ বলেন, বিএনপির নেতারা ঢাকা ফ্লাইওভার আর পদ্মা সেতু দিয়ে পার হয়ে বলেন, দেশে কোন উন্নয়ন হয় নাই। তারা দেশের কোন উন্নয়নেই দেখতে পান না। যারা চোখ থাকতে অন্ধ আর কান থাকতে বধির তাদের আল্লাহ যেন হেদায়েত করেন।

জিয়াউর রহমান প্রসঙ্গে পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ বলেন, আজ ৩০ মে বিএনপি দেশ-বিদেশে জিয়াউর রহমানের মৃত্যুদিবস পালন করছেন। জিয়ার মৃত্যুতে তার পরিবারই বেশি লাভবান হয়েছেন। তা না হলে সোয়া দুই বছর ক্ষমতায় থেকেও তারা জিয়াউর রহমান হত্যাকান্ডের বিচার করলেন না কেন। নিশ্চয় 'ডাল মে কুচ কালা হ্যায়'। জিয়া হত্যাকান্ডে তার কাছের ও পরিবারের কারো হাত ছিল কি না সে প্রশ্নও তুলে এই হত্যাকান্ডের প্রথম প্রতিবাদ আওয়ামী লীগ নেত্রী শেখ হাসিনাই জানিয়েছিলেন বলে উল্লেখ করেন তিনি।

তিনি বলেন, জিয়া হত্যায় তার পরিবার যেভাবে লাভবান হয়েছিল তা নজিরবিহীন। বেগম জিয়া পেয়েছিলেন ৭ একর জমির ওপর বাড়ি ও বিপুল ব্যাংক সুবিধা আর জাতিকে দেখানো জিয়াউর রহমানের ছেঁড়া গেঞ্জি আর ভাঙা সুটকেস থেকে পরে বেরিয়ে এসেছিল বহু জাহাজ ও ব্যবসা-বাণিজ্য। পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ প্রবাসীদের দীর্ঘদিনের দাবি ঢাকা-নিউইয়র্ক ফের বিমান চলাচল প্রসঙ্গে বলেন, এ বিষয় নিয়ে সরকার কাজ করছে। শিগিগির একটি ভালো খবর জানতে পারবেন। এছাড়াও দূতাবাস কর্মকর্তারা জাতীয় পরিচয়পত্র প্রদানের বিষয়টি নিয়ে কাজ করছেন। যত দ্রুত সম্ভব দূতাবাস থেকে প্রবাসীদেরকে জাতীয় পরিচয়পত্র প্রদান করা হবে বলে উল্লেখ করেন তিনি। বারবার মৃত্যু উপত্যকা থেকে ফিরে এসে জনগণের জন্য সংগ্রামে অবিচল বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করতে ও দেশের বিরুদ্ধে অপ-প্রচার রুখতে সকলকে তৎপর ও ঐক্যবদ্ধ হয়ে কাজ করারা আহবান জানান পররাষ্ট্রমন্ত্রী ড.হাছান মাহমুদ।

## আলবেনীতে সেমিনার

আলবেনীতে আইন, ট্যাক্স এবং ফিনান্সের উপর সেমিনার ১ জুন শনিবার। সময়: বিকেল ৬টা থেকে সন্ধ্যা ৮টা। স্থান: তাজমহল রেষ্টুরেন্ট, ২৯৫ সেন্ট্রাল এভিনিউ, আলবেনী, নিউইয়র্ক ১২২০৬। এতে আইনজ্ঞ, সিপিএ, লোন অফিসার, ফাইনানসিয়াল প্লানারগণ অংশ নিয়ে বক্তব্য রাখবেন এবং সকল প্রশ্নের উত্তর দেবেন। যোগাযোগ: ৯২৮-২০৭-১৫১৬ অথবা ৯১৭-৫৯৭-৬৩৪৯
মে-২৭

## কাজী অফিস

সিটি কর্তৃক রেজিষ্ট্রিকৃত
কাজী ইমাম মাওলানা
আব্দুল মুকিত
পেশ ইমাম, দারুস সালাম মসজিদ, জ্যামাইকা
148-16 87 Road
Jamaica, NY-11435
বিবাহ পড়ানো, মেরিজ সার্টিফিকেট ও কাবিন নামা প্রদান করা হয়।
পরামর্শ ও এপয়েন্টমেন্টের জন্য যোগাযোগ করুনঃ
917-428-1519

## নায়াগ্রা ফলসে বাড়ী বিক্রি

নিউইয়র্কের নায়াগ্রা ফলসে বাড়ী বিক্রি (এয়ারবন্ড পারমিট সহ) হবে। তিন বেড ও এক বাথরুমের বাড়ীট নায়াগ্রা ফলস ও সিনেকা রিজোর্টের অতি সন্নিকটে। গড়ে প্রতি রাত আয় ২৪৯ ডলার।
আগ্রহীরা যোগাযোগ করুন অথবা টেক্স করুন: ৬৪৬-২৩৬-৬০৪৪

# বেনজীর কান্ড!

(শেষের পাতার পর)

এখনও বর্তমান। মূল মালিক বহাল তবিয়তে অথচ চাকরবাকররা দৌড়ের ওপর- এ ধরনের অবস্থা খুব একটা দেখা যায় না। তাও আবার মালিকের ধাওয়া খেয়ে! বিচারপতি সিনহা দাবড়ানি খেয়েছেন গদী ধরেই নাকি টান দিতে গেছিলেন। সে হিসাব ঠিক আছে। কিন্তু বেনজীর কি ধরে টান মারতে গেছিলেন এই রহস্যের কিনারা করা যাচ্ছে না!

বাজারে একটা কথা চালু আছে বেচারা নাকি একটা হাফ মন্ত্রী হতে চেয়েছিলেন। সেটা সে চাইতেই পারে। পনের বছর তার যে সার্ভিস, ঘুষ দূর্নীতি লুটপাট খুন ডাকাতির বাইরেও বর্তমান সরকারকে টিকিয়ে রাখতে যে অপরিসীম অবদান, এসব তো অস্বীকার করা যাবে না। দেশের রাজনীতির চিত্র পাল্টে দেয়া, একটি সরকারের গনতান্ত্রিক চরিত্র ধুয়েমুছে তাকে দেশবাসীর কাছে একনায়কতান্ত্রিক বা স্বেচ্ছাচারি হিসেব প্রতিষ্ঠা করা, দেশ থেকে বিরোধী রাজনীতি দুর করে দেয়া- ইত্যাদী নানাবিধ দুষ্কর্মের মহা কারিগর, যা কিছুই করেছেন তা তো তার প্রভূদের জন্যই। বিরোধী রাজনৈতিক নেতাকর্মীদের কাছে যিনি এখনও এক মূর্তিমান বিভীষিকার নাম। ক্ষমতা থেকে বিদায়ও নিয়েছেন খুব জাঁকজমকের সাথে। ক্ষমতায় থাকার সময় বিশেষ রাষ্ট্রীয় পদকে ভূষিত হয়েছেন, নানাভাবে পুরষ্কৃত হয়েছেন। বিশেষ ভুমিকার স্বীকৃতি পেয়েছেন। যা চেয়েছেন তাই পেয়েছেন। এই সরকারের জন্য তার যে অবদান বা ভুমিকা তার জন্য সামান্য একটা হাফ-মন্ত্রীর চাকরি চাওয়া কোন অপরাধ না। রিটায়ারমেন্টের পর আমার ধারনা ছিল হাফ বা ফুল যে কোন একটা মন্ত্রী তিনি হতে চলেছেন, নিদেনপক্ষে এমপি তো বটেই। সেসব কিছু হয় নাই। একটু অবাকই হয়েছি।

কারও কারও ধারনা থলেয় রাখা গোমড় ফাঁস করে দেয়ার হুমকী দিয়ে চাপ সৃস্টি করতে গেছিলেন। সম্ভবত: এতটা বোকা তিনি না। তাহলে আজ কেন এই পরিস্থিতির শিকার! একটি জাতীয় দৈনিকে হুট করে বেনজীরের লুটপাটের মাধ্যমে অর্জিত সয়-সম্পদের খতিয়ান প্রকাশ পেলে একটু খটকাই লেগেছিল। এটা যে এমনিএমনি হয় নাই বা রিপোর্টার সম্পাদকের খেয়াল হয়েছে আর বেনজীরের মত মহীরুহের নামে যা খুশী লিখে দিয়েছে- ব্যপারটা এমন না। যারা এক সময় বেনজীরের সামান্য কৃপাদৃষ্টি লাভের জন্য লেজ নাড়িয়ে চারপাশে ঘুরঘুর করেছে তারা আজ হাতি গাতায় পড়েছে বলে লাত্থি মারতে শুরু করেছে তাও না। বাংলাদেশের রাষ্ট্র নিয়ন্ত্রিত কোন গনমাধ্যমে এমনিএমনি এমন একটা সেনসিটিভ নিউজ ছাপা হয়ে গেছে এমনও মনে করার কারন নাই। কেউ বলবেন, যে মিডিয়ায় নিউজটা ছাপা হয়েছে তা তো একটা বেসরকারি বা ব্যক্তি মালিকানীন প্রতিষ্ঠান। কোন সরকারি সংস্থা না। রাষ্টের নিয়ন্ত্রণ আরোপ করতে হলে সরকারি বেসরকারি লাগে না। দেশে এখন বলতে গেলে সকল মিডিয়াই সরকারের বিভিন্ন এজেন্সি বা প্রভাবশালী মহলের নিয়ন্ত্রানাধীন। কাজেই এসব মিডিয়ায় বেনজীর বা তার মত হাইপ্রফাইলের কোন মহারথী সম্পর্কে নেতিবাচক কিছু প্রকাশ হলে বুঝতে হবে ঘটনা কিছু অন্যরকম। যেমনটা ধারনা করা গেছিল ঘটনা সম্ভবত: তেমনই। বেচারা কারও রোষানলে পড়েছে। অথবা হতে পারে ডোনাল্ড লু এমন কিছু বলে গেছে এই মূহুর্তে শাক দিয়ে মাছ ঢাকার একটা দরকার ছিল!

যেটাই হোক, উপর মহলের রাজনীতির ব্যপার। সাধারন মানুষের এসব নিয়ে কোন আগ্রহ নাই। বেনজীর কান্ডে মানুষ মূলত: বেশ কৌতুকই অনুভব করছে। পনের বছর লোকটা রাষ্ট্রের সব বড় বড় গুরুত্বপূর্ণ পদে থেকেছে। যে সমাজে কোন জবাবদিহিতা নাই, যা কিছু করে মালিকের প্রশংসা পাওয়া যায়, সেখানে বেনজীর বেশুমার ধনদৌলত হাতাবেন এটা তো খুবই সাধারন হিসাবের কথা। কোন কোন খাত থেকে কিভাবে এরা সম্পদের পাহাড় গড়ে তোলে তাও সবার জানা। কে যেন বলেছে আর কয়েকটা দিন সময় পেলে কীর্তিমান অর্দ্ধেক গোপালগঞ্জই কিনে ফেলতো! বরঞ্চ অবাক হওয়ার বিষয় হতে পারে এতদিনে সে কিনলো না কেন! কার জন্য ফেলে রেখেছিল! পনের বছর ধরে এসব দেখতে দেখতে মানুষের আজ গা সওয়া। তারা ধরে এবং মেনেই নিয়েছে কোন কোন সরকারি চাকরি মানেই ঘুষ খাওয়া মানুষের ওপর অত্যাচার নির্যাতন করা, লুট করা খুন করা ছিনতাই কারা ডাকাতি করা, অন্যের সম্পত্তি জোর করে কেড়ে নেওয়া। সারা দেশে এমন বেনজীরের সংখ্যা হাজার হাজার। মানুষ আশেপাশেই তাদেরকে দেখতে পায়। কিছুই করার নাই। এইসব তষ্কর দুর্বত্ত কারও কপাল পুড়লে ধরা খায়, মানুষ হাততালি দিয়ে মজা নেয়! আল্লাহর বিচার বলে আপ্তবাক্য আউড়ায়, শোধ নেওয়া হয়ে গেল বলে এক ধরনের মানসিক সান্তনা বোধ করে। ওই পর্যন্তই।

বেনজীরের যত কান্ড নিয়ে নতুন করে কিছু বলার নাই। এই গেমের মাস্টারমাইন্ডরা নিজেরাই তা প্রকাশ করে চলেছেন। মানুষ এক সময় সবই জানতো। কিছুটা আগে বাজারে এসে গেল। ইন্টারেস্টিং ব্যপার হচ্ছে যাদের জন্য বেনজীর আজ বেনজীর, তাদের আমলে তাদেরই হাতে তার আজ এই হেনস্থা। সোস্যাল মিডিয়ায় টন্ট হচ্ছে পাপ ছাড়ে না বাপকেও।

বেনজীরকে নিয়ে সরকারের যত কান্ড আরও চমকপ্রদ! নিউজ ছাপানো হলো পত্রিকায়, দুদকের এন্টেনা খাড়া হলো। কেস আদালতে গড়ালো। ট্রায়াল নাই স্বাক্ষী নাই প্রমান নাই প্রসিডিংস নাই, সম্পত্তি ক্রোকের আদেশ জারী হয়ে গেল। ব্যাংক হিসাবও নাকি জব্দ। আসামীর কোন খবর নাই সপরিবারে তলব! এইসব দক্ষদজ্ঞ যখন চলছে ঠিক সেই মূহুর্তে খবর পাওয়া গেল পাখি নাকি তার আগেই পগার পার। ব্যাংক থেকে টাকাপয়সা তুলে কিছু জায়গা জমি বিক্রিবাট্টা করে বেনজীর পরিবার পরিজন নিয়ে মে মাসের চার তারিখেই সিঙ্গাপুর এয়ার লাইনসয়ের বিমানে ঢাকা ছেড়েছে। সবচেয়ে মজার ব্যপার হলো বিমানবন্দরের যে ইমিগ্রেশন ডেষ্ক পার হয়ে বেনজীর দেশ ছাড়লেন সেই দপ্তরের মন্ত্রী নাকি বিষয়টা জানেন না! সাংবাদিকের প্রশ্নের উত্তরে বলেছেন, খোঁজখবর নিয়ে জানাতে পারবেন!

একটা নাটকও ঠিকমত সাজাতে পারে না! এর আগেও দেখা গেছে লেজেগোবরে করে ফেলেছে। কেমন কুশীলব এরা! ওই একটা বিশেষ কাজ ছাড়া আর কোন কাজে পারদর্শী!
























# নিউইয়র্কে শহীদ জিয়ার শাহাদাৎ বার্ষিকী পালিত

(শেষের পাতার পর)

নিউইয়র্কে শহীদ জিয়ার শাহাদৎ বার্ষিকী পালিত হয়েছে। দিনটি স্মরণে নিউইয়র্কে পৃথক পৃথক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানগুলোতে বক্তারা ম রহুম জিয়াউর রহমা নের প্রতি গভীর শ্রদ্ধা জা নি য়ে স্বাধীন ও সার্বভৌম বাংলা দেশ গঠ নে তার অবদানের কথা স্মরণ করেন। এছাড়াও বক্তারা দে শে গণতন্ত্র ফি রি য়ে আন তে জিয়াউর রহমা নের আদর্শ ধারন ক রে ঐক্যবদ্ধভাবে আন্দোলন সংগ্রাম গ ড়ে তোলার প্রত য়য় ব ্যক্ত ক রেন।

**‘জ্যাকসন হাইটস এলাকাবাসী’:** প্রতিবছরের মতো এবারো নিউইয়র্ক সিটির ‘জ্যাকসন হাইটস এলাকাবাসী’র উদ্যোগে সার্বজনীনভাবে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের ৪৩তম শাহাদাত বার্ষিকী পালন করা হয়েছে। এ উপলক্ষে বৃহস্পতিবার স্থানীয় ৭৩ স্টীটে নবান্ন রেষ্টুরেন্টের সামনে দোয়া মাহফিল ও খাবার বিতরণ কর্মসূচীর আয়োজন করা হয়। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বাংলাদেশ সোসাইটির সাবেক সভাপতি ও ট্রাষ্টিবোর্ডের চেয়ারম্যান এম এ আজিজ, কেন্দ্রীয় বিএনপি’র জাতীয় নির্বাহী কমিটির সদস্য যথাক্রমে আব্দুল লতিফ সম্রাট, গিয়াস আহমেদ ও জিল্লুর রহমান জিল্লু প্রমুখ। এবার এই আয়োজনের আহ্বায়ক ছিরেন দেওয়ান মনির, প্রধান সমন্বয়কারী সার-ওয়ার খান বাবু, সার্বিক তত্ত্বাবধানে আবুল কাশেম এবং সদস্য সচিব ছিলেন আমানত হোসেন আমান। আমান জানান, এদিন সাড়ে ৫ হাজার লোকের খাবারের ব্যবসবথা করা হয়।

**যুক্তরাষ্ট্র বিএন পি এবং অঙ্গ ও সহযোগী সংগঠনসমূ হঃ** শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমা নের শাহাদাৎ বার্ষিকী উপল ক্ষে যুক্তরাষ্ট্র বিএন পি এবং অঙ্গ ও সহযোগী সংগঠনসমূ হের ব ্যানা রে বুধবার (২৯ মে) সন্ধ্যায় জ ্যাকসন হাইটসের এক টি রেস্টুরেন্ট মিলনায়ত নে এক আ লোচনা সভা ও দোয়া মাহ ফিল অনু ষ্ঠিত হয়। যুক্তরাষ্ট্র বিএন পির প্রতিষ্ঠাতা সভাপ তি ডা. মু জিবুর রহমান মজুমদা রের সভাপ তিত্বে অনু ষ্ঠিত এ অনুষ্ঠা নে প্রধান অ তি থি ছি লেন কে ন্দ্রীয় বিএন পির সহ আন্তর্জা তিক বিষয়ক সম্পাদক বেবী নাজনীন। মূল আ লোচক ছি লেন অর্থনী তি বিদ অধ্যাপক ড. শওকত আলী। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব ্য রা খেন কে ন্দ্রীয় জাতীয় নির্বা হী ক মি টির সদস ্য গিয়াস আহমেদ, বিএনপি রাব্বী মোহাম্মদ খোকন, কাজী সাখাওয়াত হোসেন আযম, জ সিম ভূইয়া, গিয়াস উদ্দিন, মোশাররফ হোসেন সবুজ, জা কির হাওলাদারসহ আরো অনেকে।

অপরদিকে যুক্তরাষ্ট্র বিএন পি এবং অঙ্গ ও সহযোগী সংগঠনসমূ হের ব ্যানা রে বুধবার (২৯ মে) সন্ধ্যায় জ ্যাকসন হাইটসের অপর একটি মিলনায়তনে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। এতে সভাপতিত্ব করেন যুক্তরাষ্ট্র বিএনপি’র সাবেক সহসভাপতি এডভোকেট জামাল আহমেদ জনি। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কেন্দ্রীয় বিএনপি’র জাতীয় নির্বাহী কমিটির সদস্য আব্দুল লতিফ সম্রাট এবং উদ্বোধক ছিলেন কেন্দ্রীয় বিএনপি’র জাতীয় নির্বাহী কমিটির অপর সদস্য মিজানুর রহমান ভূইয়া মিল্টন। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন যুক্তরাষ্ট্র বিএন-পি’র সাবেক সহ সভাপতি এমদাদুল হক কামাল, সাবেক ছাত্রনেতা আব্দুল বাসেত, এম এ সবুর, কেন্দ্রীয় সেচ্ছাসেবক দলের আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক মাকসুদুল হক চৌধুরী প্রমুখ।

**নিউইয়র্ক ষ্টেট বিএনপিঃ** শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে বৃহস্পতিবার (৩০ মে) বিকালে জ্যাকসন হাইটসের ডাইভারসিটি প্লাজায় নিউইয়র্ক ষ্টেট বিএনপি আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করে। সংগঠনের সভাপতি অলিউ-ল্লাহ আতিকুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কেন্দ্রীয় বিএনপি’র জাতীয় নির্বাহী কমিটির সদস্য আব্দুল লতিফ সম্রাট, উদ্বোধক ছিলেন কেন্দ্রীয় বিএনপি’র জাতীয় নির্বাহী কমিটির অপর সদস্য গিয়াস আহমেদ, গেষ্ট অব অনার ছিলেন কেন্দ্রীয় বিএনপি’র জাতীয় নির্বাহী কমিটির অপর সদস্য জিল্লুর রহমান জিল্লু এবং বিশেষ বক্তা ছিলেন যুক্তরাষ্ট্র বিএনপি’র সাবেক ভারপ্রাপ্ত সাধারণ













সম্পাদক মোস্তফা কামাল পাশা বাবুল। অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন মূলধারার রাজনীতিক হাইরাম মানসেরাত। অনুষ্ঠানে যুক্তরাষ্ট্র বিএনপি, নিউইয়র্কে ষ্টেট বিএনপি ও নিউইয়র্ক মহানগর বিএনপি’র (উত্তর/দক্ষিণ) বিএনপি নেতা-কর্মী সহ বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশী উপস্থিত ছিলেন।

**যুবদলঃ** শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে বৃহস্পতিবার (৩০ মে) বিকাল ৫টায় যুক্তরাষ্ট্র যুবদল জ্যামাইকার হিলসাইড এভিনিউস্থ ষ্টার কাবাব রেস্টুরেন্টের পার্টি হলে আলোচনা, দোয়া এবং রেস্টুরেন্টের সামনে তবারক বিতরণ কর্মসূচি গ্রহণ করে।

**আরাফাত রহমান কোকো স্মৃতি পরিষদঃ** শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে আরাফাত রহমান কোকো স্মৃতি পরিষদ বুধবার (২৮ মে) জ্যাকসন হাইটসের ডাইভারসিটি প্লাজায় দোয়া মফিল আলোচনা সভা ও তবারক বিতরণ কর্মসূচী গ্রহণ করে। অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি ছিলেন কেন্দ্রীয় বিএনপি’র জাতীয় নির্বাহী কমিটির সদস্য যথাক্রমে আব্দুল লতিফ সম্রাট, গিয়াস আহমেদ ও লিটা রহমান, অর্থনী তি বিদ অধ্যাপক ড. শওকত আলী, যুক্তরাষ্ট্র বিএনপি’র সাবেক ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক মোস্তফা কামাল পাশা বাবুল, যুক্তরাষ্ট্র জাতীয়তাবাদী মুক্তিযোদ্ধা দলের সভাপতি বাবর উদ্দিন, নিউইয়র্ক ষ্টেট বিএনপি সভাপতি অলিউল্লাহ আতিকুর রহমান প্রমুখ।

# নিউইয়র্কে ১৫১ নতুন পাবলিক বাথরুম তৈরির প্রচারনা শুরু

**বাংলা পত্রিকা ডেস্ক:** নিউইয়র্ক সিটির ৫টি বোরোতে ১৫১ টি নতুন পাবলিক বাথরুম তৈরির প্রচারনা শুরু করেছে নিউইয়র্ক সিটি কাউন্সিল। গত ৩০ মে বৃহস্পতিবার সিটি কাউন্সিলের সদস্যরা একটি অবকাঠামোগত বৈঠক করে। ডিপার্টমেন্ট অপ ট্রান্সপোর্টেশন অনুসারে এখন পর্যন্ত সিটিতে ৫৫ টি পাবলিক বাথরুম স্থাপন করা হয়েছে। ২০২২ সালে নিউইয়র্কে ১৫১ টি পাবলিক বাথরুম তৈরির একটি পকিল্পনা গ্রহণ করে ডট। মেয়র অফিসের নতুন একটি বিল অনুসারে, বাকি ৯৬টি পাবলিক রেস্টরুম তৈরিতে সময় এবং আরো তহবিলের প্রয়োজন। কর্মকর্তারা জানান, নতুন বিলটির জন্য জনসংখ্যার তথ্য এবং সামাজিক ও তারল্য সূচকগুলো বিবেচনা করে বিভিন্ন এজেন্সিকে আশাজনক চ্যালেঞ্জ নির্মাণ করতে হবে।

## টেক্সাসের হিউস্টনে অ্যাসালের ২১তম চ্যাপ্টার গঠিত

# নতুন কমিটির শপথ গ্রহণ







**বিশেষ প্রতিনিধি:** যুক্তরাষ্ট্রে দক্ষিণ এশীয় প্রবাসীদের অধিকার প্রতিষ্ঠার সংগঠন অ্যালায়েন্স অব সাউথ এশিয়ান আমেরিকান লেবার-অ্যাসাল হিউস্টন চ্যাপ্টারের ২৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠিত হয়েছে। টেক্সাসে হিউস্টনের মেজবান রেস্টুরেন্টে গত ২৫ মে শনিবার সন্ধ্যায় উৎসবমুখর পরিবেশে হিউস্টন চ্যাপ্টারের নতুন কমিটি গঠন শেষে শপথ গ্রহণ অনুষ্ঠিত হয়। অ্যাসাল'র প্রতিষ্ঠাতা এবং ন্যাশনাল কমিটির প্রেসিডেন্ট মূলধারার লেবার ইউনিয়ন লীডার মাফ মিসবাহ উদ্দীন হিউস্টন চ্যাপ্টারের নতুন কমিটিকে শপথ বাক্য পাঠ করান। হিউস্টন চ্যাপ্টার হচ্ছে অ্যাসাল'র ২১তম চ্যাপ্টার।

**২০২৪-২০২৫ সালের জন্য গঠিত অ্যাসাল হিউস্টন চ্যাপ্টারের কর্মকর্তারা হলেন:** প্রেসিডেন্ট- কাজী জাহিদুল ইসলাম, এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট- মোহাম্মদ এস হোসেন, সেক্রেটারি- ডা. আবদুল্লাহ আল মাহমুদ, করেস-পন্ডিং সেক্রেটারী- ইঞ্জিয়ার এমরান গাজী, পিই, ট্রেজারার- ড. আশফাক এস হক, পলিটিকেল একশান ডাইরেক্টর- ড. রোকসানা আকতার খান, অর্গানাজিং ডাইরেক্টর- ইঞ্জিনিয়ার মুহাম্মদ এ মামুন, ইমিগ্রেশন ডাইরেক্টর- কাজী নুসরাত ইসলাম, এক্সিকিউটিভ ডাইরেক্টর- কাজী নাজমুস সাকিব; ভাইস প্রেসিডেন্ট যথাক্রমে জাহিদুর রহমান, মোহাম্মদ দেলোয়ার হোসেন, সাইফুল ইসলাম, ডা. সাবরিনা আবেদীন, মিয়া সেরাজ, মোস্তফা আমিন, মোহাম্মদ কামাল ও মোস্তফা হাসান বাবু।

**ট্রাস্টি বোর্ড:** চেয়ারম্যান- ডা. আমিনুল ইসলাম। সদস্য ড. ইকবাল মোহাম্মদ ও ড. এ মামুন।

**উইমেন্স কমিটি:** চেয়ার- ডা. জরিনা বেগম এবং কো-চেয়ার কাজী নুসরাত ইসলাম।

**ইয়ুথ কমিটি:** চেয়ার- কাজী তৈয়বা ইসলাম।

অনুষ্ঠানে অ্যাসাল-এর সক্রেটারী মোহাম্মদ করিম চৌধুরী বলেন, আমরা অ্যাসাল পরিবারে হিউস্টন চ্যাপ্টারকে স্বাগত জানাই। অ্যাসাল হল আমাদের কমিউনিটি এবং মূলধারার রাজনীতির মধ্যে সেতুবন্ধন।

ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ডা. আমিনুল ইসলাম সবাইকে ধন্যবাদ এবং অ্যাসাল-এ যোগ দেওয়ার আহ্বান জানিয়ে বলেন, অ্যাসাল যে কাজটি করে তা আমাদের কমিউনিটির জন্য এবং আমাদের ভবিষ্যত প্রজন্মের জন্য খুবই গুরুত্বপূর্ণ। আমরা হিউস্টনে এসে অ্যাসাল প্রতিষ্ঠা করার জন্য মাফ মিসবাহ উদ্দিনকে ধন্যবাদ জানাই।

ডা. আমিনুল ইসলাম বলেন, আমরা এখানে অ্যাসালকে সফল করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ এবং আমাদের কমিউনিটিকে মূলধারার রাজনীতিতে আরও বেশি সম্পৃক্ত করার বিষয়টি নিশ্চিত করব।

নবনির্বাচিত সেক্রেটারি ডা. আবদুলাহ আল মাহমুদ পূর্বনির্ধারিত সম্মেলনের জন্য ফ্লোরিডায় অবস্থান করায় তিনি ভার্চুয়ালী যুক্ত হয়ে বলেন, আমরা খুব খুশি যে অবশেষে অ্যাসাল হিউস্টনে এসেছে। আমাদের ন্যাশনাল কমিটির প্রেসিডেন্ট মাফ মিসবাহ উদ্দীনের সাথে কথা বলে আমি যা জেনেছি, আমি মনে করি এটি হিউস্টনে সবচেয়ে বেশি প্রয়োজন। অ্যাসাল-এর মাধ্যমে আমরা আমাদের কমিউনিটি এবং আগামী প্রজন্মের জন্য আরও কিছু করতে পারবো।

ইঞ্জিনিয়ার এমরান গাজী পিই বলেন, আমি অ্যাসাল কী তা জানতাম না, তবে এখানে এসে প্রেসিডেন্ট মাফ মিসবাহ উদ্দীনের কথা শুনে আমার সন্দেহ নেই যে, এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং টেক্সাসে এর প্রয়োজন অপরিসীম এবং আমাদের সকলকে অবশ্যই এর অংশ হতে হবে। আমি গত ৩০ বছরের পথচলা থেকে মনে করি আমরা অ্যাসাল এর সাথে থেকে আরও অনেক কিছু করতে পারি।

নব নির্বাচিত প্রেসিডেন্ট কাজী জাহিদুল ইসলাম সভায় যোগদান এবং অ্যাসাল হিউস্টন চ্যাপ্টার কমিটির অংশ হওয়ার জন্য সবাইকে ধন্যবাদ জানান।

# যাত্রা শুরু করলো সেরা স্পোর্টস



**নিউইয়র্ক:** অনুষ্ঠিত হয়ে গেল সেরা ইন্ট্যারন্যাশনাল গ্রুপের নতুন কোম্পানি সেরা স্পোর্টস এর শুভ উদ্বোধনী। একদমই ঘরোয়া পরিসরে সেরা ইন্টারন্যাশনাল গ্রুপের বাংলাদেশ অফিসে লোগো রিভিল ও কেক কাটার মধ্য দিয়ে আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করার ঘোষনা দেয় প্রতিষ্ঠানটি।

আয়োজকদের সাথে কথা বলে জানা যায় সেরা ইন্টারন্যাশনাল গ্রুপের ফাউন্ডার ও সিইও শেখ গালিব রহমান এবং বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের দুই খেলোয়াড় ফজলে মাহমুদ রাব্বী ও কামরুল ইসলাম রাব্বীকে নিয়ে পরিচালনা হবে সেরা স্পোর্টস।

উদ্বোধনী অনুষ্ঠানে কামরুল ইসলাম রাব্বী বলেন, ঘরে বাইরে মিলিয়ে দীর্ঘদিন ধরেই ক্রিকেট খেলে যাচ্ছিলাম। ক্রিকেট খেলার বাইরে কোনো কিছু করা হয়নি। তবে এবার সেরা স্পোর্টসের মাধ্যমে ক্রিকেটপ্রেমীদের সহজেই লাইভ খেলা উপহার দেওয়া, ক্রিকেটারদের লাইফস্টাইল নিয়ে ভক্তদের জানা অজানা নানা প্রশ্নের উত্তর দেওয়ার ব্যবস্থা করবো। এছাড়া নিউইয়র্কে ক্রিকেট একাডেমি চালু করার ব্যাপারে আলোচনা হচ্ছে, হয়তো অদূর ভবিষ্যতেও নিউইয়র্কে বাংলাদেশী তথা সাউথ এশিয়ানদের ক্রিকেট প্রশিক্ষণের জন্য ক্রিকেট একাডেমি প্রতিষ্ঠা করা হবে।

এসময় ফজলে মাহমুদ রাব্বী বলেন, প্রায় দুই যুগ হয়ে যাচ্ছে ক্রিকেট খেলছি। এখন তো অবসরে যাওয়ার সময় আসছে। তবে শেষটা যেন শেষ না হয়, তাই শুরুটা করতে চাচ্ছি। সেই ভাবনা থেকেই সেরা স্পোর্টেস সাথে যুক্ত হওয়া। ইনশাআল্লাহ্ সবার ভালোবাসা এবং দোয়া পেলে সেরা স্পোর্টস অনেক ভালো কিছু করবে।

সেরা স্পোর্টসের মিশন ও ভিশন নিয়ে প্রশ্ন করা হলে শেখ গালিব রহমান বলেন, আমি ছোটোবেলা থেকেই ক্রিকেট খেলতে পছন্দ করতাম। ফজলে রাব্বী আমার ছোট বেলার বন্ধু। দীর্ঘদিন একইসাথে ক্রিকেট খেলেছি। কিন্তু আমার ক্রিকেটার হয়ে ওঠেনি। নিউইয়র্কে থাকাকালীন ভেবেছি ক্রিকেটারদের জন্য যদি কিছু করতে পারতাম তবে ক্রিকেটার না হওয়ার আক্ষেপটা হয়তো পুষিয়ে নিতে পারবো। সেই আক্ষেপটাই হয়তো এখন স্বপ্ন হয়ে আমাদের সামনে ধরা দিয়েছে। কামরুল ইসলাম রাব্বী, ফজলে রাব্বী আমাদের একই এলাকায় বেড়ে ওঠা। এবার একসঙ্গে সেরা স্পোর্টস রান করবো বলে সিদ্ধান্ত নিয়েছি। সোশ্যাল মিডিয়াতে স্পোর্টস রিলেটেড কন্টেন্ট মেকিং, মোবাইল অ্যাপ ও আইপি টিভিতে লাইভ খেলা সম্প্রচার করবে সেরা স্পোর্টস। এছাড়া আন্তর্জাতিক খেলোয়াড়দের কোলাবোরেশনে বিভিন্ন ইভেন্ট আয়োজন করা, ক্রিকেট প্রশিক্ষণ একাডেমি চালু করার পরিকল্পনা রয়েছে। -প্রেস বিজ্ঞপ্তি।



TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086


# বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

Your Trusted Loan Officer For Life
Over 22 years experience
MORTGAGE BROKER/ OWNER
M. Kamal, CPA
Senior Loan Officer
NMLS#9560
718-415-5501
Your Top Mortgage Officer
"All Loans arranged through third party providers"
HOMECENTRAL CAPITAL



সাঈদ তারেকের কলাম

## বেনজীর কান্ড!




শিরোনামটা দুই অর্থেই ধরা যায়- বেনজীরের যত কান্ড, বেনজীরকে নিয়ে যত কান্ড!

বেনজীরের যত কান্ড নিয়ে লেখালেখি করার সময় এত আগে এসে যাবে ভাবি নাই। কোন রেজিমের হোমরাচোমড়া বা লাঠিয়াল পাইক বরকন্দাজদের নিয়ে সাধারনত: লেখার সুযোগ হয় রেজিম পতনের পর। বেনজীর যে রেজিমকে সার্ভ করেছে তারা (বাকি অংশ ২৯ পাতায়)

# সেকশন-৮ প্রোগ্রাম ঘোষণা

# স্বল্প ভাড়ায় বাড়ি পাওয়ার সুযোগ আবেদনের শেষ সময় ৯ জুন

**বাংলা পত্রিকা রিপোর্ট:** বিগত ১৫ বছরে প্রথমবারের মতো ভাড়া সহায়তা কর্মসূচীর জন্য সেকশন-৮ প্রোগ্রাম চালু করছে নিউইয়র্ক সিটি প্রশাসন। নিউইয়র্কের বাসিন্দাদের জন্য সাশ্রয়ী মূল্যের আবাসন খুঁজে পেতে ফেডারেল সেকশন ৮ প্রোগ্রাম চালু করা হয়েছে। এই কর্মসূচীর আওতায় যারা বছরে ৫৪,৩৫০ ডলার থেকে ১,০২,৫০০ ডলার আয় করেন তাদের পরিবারের সদস্য সংখ্যা ও আয়ের সমন্বয় করে ভাউচার দেয়া হবে। ৩ জুন সোমবার মধ্যরাত ১২টা থেকে আগামী ৯ জুন রোববার রাত ১১.৫৯ মিনিট পর্যন্ত এই আবেদন গ্রহণ করা হবে। আবদেন করতে হবে অনলাইনে: on.nyc.gov/section8-appication ঠিকানায়। সিটি কর্তৃপক্ষ জানায়, নিউইয়র্কের বেশিরভাগ নাহগরিক মারাত্মক সাশ্রয়ী মূল্যের আবাসন পেতে রীতিমত যুদ্ধ করে যাচ্ছে। এছাড়া সিটিতে আশ্রয়প্রার্থীদের সংখ্যা সর্বোচ্চ পর্যায়ে পৌছেছে। এমন পরিস্থিতিতে মেয়র এরিক অ্যাডামস জানুয়ারীতে স্টেট অফ দ্য সিটি অ্যাড্রেসের সময় ওয়েটলিস্ট পুনরায় খোলার কথা জানান। কর্মকর্তারা জানান, চলতি বছরের শেষের দিকে নিুইয়র্কের ৫ টি বোরোতে সেকশন-৮ ভাউচার (বাকি অংশ ২৬ পাতায়)



## তোমার রবের কোন নিয়ামতকে অস্বীকার করবে?

জাফর আহমাদ

আল কুরঅনের সুরা আর রহমানে জীন ও মানব জাতিকে মহান আল্লাহ মোট ৩১ বার চ্যালেঞ্জ ছুড়ে (বাকি অংশ ১৩ পাতায়)




জামিল সারোয়ারের পদোন্নতি

## সেরা পুলিশ অফিসার অর্পণ সিনহা

**বিশেষ প্রতিনিধি:** নিউইয়র্ক সিটির পুলিশ বিভাগের সেরা অফিসারদের মধ্যে একজন অর্পণ সিনহা। (বাকি অংশ ২৩ পাতায়)

বাংলাদেশ সোসাইটির নির্বাচন-২০২৪

## চলছে ভোটার সংগ্রহ ও প্যানেল গঠন প্রক্রিয়া

**বাংলা পত্রিকা রিপোর্ট:** যুক্তরাষ্ট্র প্রবাসী বাংলাদেশীদের আমব্রেলা সংগঠন হিসেবে পরিচিত বাংলাদেশ সোসাইটির নির্বাচন গিলে একদিকে চলছে সদস্য নবায়ন অর্থাৎ ভোটার সংগ্রহ অভিযান অপরদিকে চলছে প্যানেল গঠন প্রক্রিয়া। আগামী অক্টোবরে হবে এই নির্বাচন। তবে নির্বাচনের দিন তারিক এখনো চূড়ান্ত হয়নি। অপরদিকে সোসাইটির নির্বাচন ঘিরে কমিউনিটিতে চলতে নানা আলোচনা আর জল্পনা-কল্পনা। (বাকি অংশ ২১ পাতায়)



মতবিনিময় সভায় পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ

## আ. লীগের নেতা-কর্মীরা ঐক্যবদ্ধ থাকলে শেখ হাসিনাও ক্ষমতায় থাকবেন

**বিশেষ প্রতিনিধি:** বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ এমপি বলেছেন, এখন সবাই আওয়ামী লীগ করতে চায়। কিন্তু (বাকি অংশ ২৮ পাতায়)

### খেলার খবর

টি-টোয়েন্টি বিশ্বকাপ

## দাপুটে জয়ে বিশ্বকাপ শুরু যুক্তরাষ্ট্রের

**স্পোর্টস ডেস্ক:** পর্দা উঠেছে টি-টোয়েন্টি বিশ্বকাপের নবম আসরের। জয় দিয়ে বিশ্বকাপ শুরু করেছে স্বাগতিক যুক্তরাষ্ট্র। উদ্বোধনী ম্যাচে (বাকি অংশ ২৬ পাতায়)

### হেলথ টিপস

## অফিসে বসেই যেভাবে ওজন কমাবেন

**বাংলা পত্রিকা ডেস্ক:** অফিসে প্রচুর ব্যস্ততায় সময় কাটে। চেয়ার থেকে ওঠার সময় পাওয়া যায় না। ব্যস্ততা চেয়ারে বসেই সামলাতে (বাকি অংশ ২৬ পাতায়)

## বাড়ি ক্রয়ের প্রস্তুতি



**এম. কামাল:** নিউইয়র্কে বাড়ী ক্রয় করা যতনা সহজ বাড়ী রক্ষা বা বাড়ীর রক্ষণাবেক্ষণ তত কঠিন। তবে এজন্য বাড়ীর মালিককে শিল্পী হওয়ার প্রয়োজন নেই। কিন্তু এ সম্পর্কে নূন্যতম জানা থাকা প্রয়োজন। তানাহলে আর্থিক ক্ষতির সমস্যা সহ নানা সমস্যায় পড়ার সমূহ সম্ভাবনা রয়েছে। একজন বাড়ীর মালিককে অন্তত ড্রিল মেশিন (বাকি অংশ ২৭ পাতায়)



জ্যাকসন হাইটস এলাকাবাসীর উদ্যোগে শহীদ জিয়ার শাহাদাৎ বার্ষিকী পালন।

## নিউইয়র্কে শহীদ জিয়ার শাহাদাৎ বার্ষিকী পালিত

**বাংলাপত্রিকা রিপোর্ট:** যুক্তরাষ্ট্র বিএনপি ও অঙ্গ সংগঠনের ব্যানারে নানা কর্মসূচীর মধ্যদিয়ে নিউইয়র্কে বাংলাদেশের মহান স্বাধীনতার ঘোষক, বিএনপি'র প্রতিষ্ঠাতা, বহুদলীয় গণতন্ত্রের প্রবর্তক শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান বীরত্তোমের ৪৩তম শাহাদাৎ বার্ষিকী (বাকি অংশ ৩০ পাতায়)

### বিনোদন

## বাবার মতো পর্দা কাঁপাতে আসছেন মান্নাপুত্র সিয়াম

**বিনোদন ডেস্ক:** দেশের খ্যাতিমান নায়ক প্রয়াত মান্নার পুত্র এবার বাবার মতোই পর্দা কাঁপাতে আসছেন। ঢালিউডে পা রাখতে যাচ্ছেন মান্নাপুত্র (বাকি অংশ ২৬ পাতায়)

ZAKIR CPA, PLLC
Certified Public Accountants
Accurate, Fast & Reliable Services
আমাদের সেবা সমূহ
929-207-1516
1506 Castle Hill Ave,
2nd Floor, Bronx, NY-10462
Zakir Choudhury, CPA
Founder & CEO
আমরা ইমিগ্রেশন এবং সিটিজেনশীপ এর আবেদন করে থাকি
www.zakircpa.com info@zakircpa.com



### একস্লিপ

**সালাহউদ্দিন আহমেদ:** সামাজিক যোগাযোগ মাধ্যমে সচেতন মানুষের জন্য একটি অবিচ্ছেদ্য অংশ। অবস্থাটা এমন দাঁড়িয়েছে যে, হয়তো একবেলা না খেলে চলবে, কিন্তু মোবাইলে ফেসবুক অ্যাকাউন্ট না থাকলে বা ফেসবুক ব্যবহার না করতে পারলে চলবে না। (বাকি অংশ ২১ পাতায়)

অবৈধ দোকান বন্ধে এস্টোরিয়ায় এনওয়াইডিপির বিশেষ মিটিং

## গাঁজার গন্ধে রাস্তায় হাঁটাই দায়

**বাংলা পত্রিকা ডেস্ক:** নিউইয়র্কে অবৈধ গাজার বেচাকেনা চরম পর্যায়ে পৌছেছে। গাঁজার গন্ধে অতিষ্ঠ হয়ে উঠেছেন (বাকি অংশ ২১ পাতায়)

বাংলা পত্রিকায় বিজ্ঞাপন দিন

## ইসরায়েলকে বয়কটের ঐতিহাসিক সিদ্ধান্ত নিল হ্যামট্রামিক সিটি

**বাংলা পত্রিকা ডেস্ক:** যুক্তরাষ্ট্রের মিশিগান ষ্টেটের উপকণ্ঠে হ্যামট্রাক সিটি এক নিষেধাজ্ঞা প্রস্তাবনা পাশ করে ইসলায়েলকে বয়কটের ঘোষণা দিয়েছে। এই শহরের অধিকাংশ বাসিন্দা মুসলিম এবং তারা ইসরায়েলী পণ্য ও পরিষেবা ক্রয় থেকে বিরত থাকবে। ফিলিস্তিনি অধিকারের সমর্থনে বয়কট অভিযানকে সম্পূর্ণরুপে সমর্থনকারী যুক্তরাষ্ট্রের ইতিহাসে প্রথম আমেরিকান শহর হিসেবে হ্যামট্রাক ঐতিহাসিক দায়িত্ব (বাকি অংশ ২১ পাতায়)



GOLDEN AGE HOME CARE
সর্বাধিক জনপ্রিয় হোম হেলথ কেয়ার এজেন্সী
HHA/PCA & CDPAP SERVICE
Call: 718-775-7852
646-591-8396

ট্রাভেল ব্যবসায় দীর্ঘদিন অভিজ্ঞতার আলোকে ওজনপার্কের প্রাণকেন্দ্রে অবস্থিত গ্লোবাল এয়ার সার্ভিস আপনাকে দিচ্ছে নিরাপদ এবং ঝামেলামুক্ত আকাশ ভ্রমণের সুযোগ
গ্লোবাল এয়ার সার্ভিস
GAS GLOBAL AIR SERVICE
Your Trusted Travel Guide...
হজ্জব্রত পালনকারীরগণ গ্রহণ করুন সর্বোত্তম সেবা ওমরা ও মূল হজ্জ
Call Now
718-296-8996
718-296-8787
718-296-5875
গ্লোবাল এয়ার
WALL STREET FINANCE LLC
76-01, 101 Ave., Ozone Park, NY 11416
Fax: 718-296-8259, e-mail: GLBL001@yahoo.com

Editor : Abu Taher Published By Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd Floor), LIC, NY 11101, USA. Tel: 718-482-9923, 718-482-1169. Fax: 718-482-9935. Email: banglapatrikausa@gmail.com